The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 877 | 04 July 2025 | শুক্রবার ২০ আষাঢ় ১৪৩২



Brad Lander and Adrienne Adams will back Mamdani for mayor
→ Page 18

Chanchal Chowdhury returns to Tollywood with 'Tridhara'
→ Page 18





Women are not spoils of war, stop letting your inner animals out: Jaya Ahsan
→ Page 19

Election in early next year: Prof Yunus tells US Secretary of State Rubio
→ Page 19



# ঘরে-বাইরে চ্যালেঞ্জের মুখে মামদানি

মনোয়ারুল ইসলাম



নিউইয়র্ক সিটির মেয়র পদপ্রার্থী জোহরান মামদানির (৩৩) পথটি কুসুমাস্তির্ণ নয়। প্রেসিডেন্ট ট্রাম্প পারলে তাকে গ্রেফতার করে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেয়। নিজ দলীয় এরিক এডামস ও এন্ড্রু কুমো তার প্রতিপক্ষ। মুসলমান হবার কারনে ভারতীয় বংশোদভূত হবার পরও ভারতীয় হিন্দুদের সর্মথন পাচ্ছেন না। উগান্ডায় জন্ম নিলেও আফ্রিকানদের বড় একটি অংশ তার বিপরীতে। তাকে তকমা দেয়া হচ্ছে কমিউনিস্ট হিসেবে। অনেকে তাকে ভিত্তিহীনভাবে 'জেহাদী' বলে আখ্যায়িত করছেন। বহুজাতি ও ধর্মে বিশ্বাসী বিশ্বের রাজধানী খ্যাত এই শহরের মেয়র আদৌ কি তিনি হতে পারবেন। ধর্মকেই কি তার প্রধান প্রতিপক্ষ হিসেবে দাড়ঁ করানো হচ্ছে? তাকে রাজনীতির চোরাবালীতে আটকে দেয়া হবে নাতো? ডেমোক্র্যাটিক প্রাইমারিতে তার বিজয়ে রাজনীতির গডফাদারদের ভ্রু কুঁচকে উঠেছে। ৪ মাস আগেও সাবেক গর্ভণর এন্ড্রু কুমোর চেয়ে শতকরা ৩৫ পয়েন্টে পিছিয়ে ছিলেন। সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন কুমোকে সর্মথন দিয়েছিলেন। প্রাতিষ্ঠানিক ডেমোক্র্যাটিক পার্টির নেতারা ছিলেন তার পক্ষে। কিন্তু সবাইকে অবাক করে প্রাইমারিতে ৫৬% ভোট পেয়ে মামদানি বিজয়ী হলেন। ৪ নভেম্বরের সাধারন নির্বাচনে তিনিই ডেমোক্র্যাটিক পার্টির হয়ে মেয়র পদে লড়বেন। বিজিত কুমো পেয়েছেন ৪৪% ভোট। মামদানির বিপরীতে স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়ছেন নিউইয়র্ক সিটির বর্তমান মেয়র এরিক এডামস। ডেমোক্র্যাটিক পার্টিতে বির্তকিত ও দূনীতির নানা অভিযোগে নিন্দিত তিনি। পার্টি ত্যাগ করে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করছেন। রিপাবলিক্যান পার্টির প্রার্থী এরপর ৪২ পৃষ্ঠায়



## বাফেলোতে ফোবানার মতবিনিময় সভা

আজকাল রিপোর্ট

আগামী ২৯, ৩০ ও ৩১ আগস্ট, লেবার ডে উইক্যান্ডে নিউইয়র্কের পর্যটক আকৃষ্ট নায়াগ্রায় অনুষ্ঠিত হচ্ছে ৩৯তম ফোবানা সম্মেলন ২০২৫। এ সম্মেলন সফল করতে ফোবানা স্টিয়ারিং কমিটি নানা পদেক্ষপ গ্রহণ করেছে। এ পদক্ষেপের অংশ হিসেবে গত ৩০ জুন, সোমবার ফোবানার স্টিয়ারিং কমিটির প্রতিনিধি দল সম্মেলনের ভেন্যু এরপর ৪৪ পৃষ্ঠায়



## জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে বিএনপির দোয়া মাহফিল

আজকাল রিপোর্ট

জ্যাকশন হাইটস প্রেট্রিয়টস অব বাংলাদেশ এর উদ্যোগে গত মঙ্গলবার জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় নিউইয়র্কস্থ জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার মসজিদে। এতে জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে দোয়া ও মোনাজাত করা হয়। দোয়া পরিচালনা করেন খতিব মাওলানা আবু সাদিক। এ সময় উপস্থিত ছিলেন,সিনিয়র রাজনৈতিক আবদুস সবুর, এরপর ৪৪ পৃষ্ঠায়



## আজ যুক্তরাষ্ট্রের ২৪৯তম স্বাধীনতা দিবস

আজকাল রিপোর্ট

আজ ৪ জুলাই যুক্তরাষ্ট্রের ২৪৯তম মহান স্বাধীনতা দিবস। এক ঐতিহাসিক দিন। সারা দেশে আজ সরকারী ছুটি এরপর ৪৪ পৃষ্ঠায়

## নিউইয়র্কে আ.লীগ বিএনপির এ কি সখ্যতা!







হাসান মাহমুদ

'জুলাই আন্দোলনে'র স্পিরিট নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটিতেও বয়ে যাচ্ছে। জ্যামাইকায় মুষলধারে বৃষ্টি ঝরছিল ১ জুলাই, মঙ্গলবার রাতে। বৃষ্টি উপেক্ষা করেই বাংলাদেশ থেকে চলে আসা সাবেক পতিত সরকারের এমপি এবং সাবেক সরকারের বেশ কয়েকজন শীর্ষ সুবিধাভোগি 'জুলাই আন্দোলনের মাসে' বৈঠকে মিলিত হয়েছিলেন। নিউইয়র্কের জ্যামাইকার হিল সাইডের ১৬৩/০৮ স্ট্রিটের সদ্য চালু হওয়া একটি পিঠার রেস্টুরেন্টে বৈঠকের মূল সুর ছিল ড. এরপর ৪৪ পৃষ্ঠায়

## হাসিনার কারাদণ্ডের প্রতিবাদে আ.লীগের সমাবেশ

আজকাল রিপোর্ট

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কারাদণ্ড দেয়ার প্রতিবাদে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সমাবেশ করেছে। গত ২ জুলাই নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ড্রাইভারসিটি প্লাজায় এ প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের এরপর ৪৪ পৃষ্ঠায়





























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416


সামছুদ্দীন আজাদ-এর কলাম
আওয়ামী লীগকে বাদ দিয়ে নির্বাচনের পাঁয়তারা?
০৫ পৃষ্ঠায়


গোলাম মাওলা রনি-এর কলাম এক-এগারোর চেয়ে অনেক ভয়ংকর
০৭ পৃষ্ঠায়


শহীদুল্লাহ ফরায়জী-এর কলাম রাষ্ট্রতো মিষ্টির দোকান নয়
১০ পৃষ্ঠায়






# নরসিংদী জেলা সমিতির বার্ষিক বনভোজন

আজকাল রিপোর্ট

বিপুল উৎসাহ উদ্দিপনার মধ্যে দিয়ে গত ২৯শে জুন রোববার অনুষ্ঠিত হল প্রবাসের অন্যতম আঞ্চলিক সংগঠন নরসিংদী জেলা সমিতি ইউ এস এ এর মনমুগ্ধকর বার্ষিক বনভোজন। বনভোজনে সংগঠনের নেতৃবৃন্দের পাশাপাশি বিভিন্ন আঞ্চলিক, সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন শ্রেণী পেশার মানুষ। সকাল ১০টায় বনভোজন উদ্বোধন করেন, অনুষ্ঠানের প্রধান অতিথী ইঞ্জিনিয়ার মাহফুজুল হক, গেস্ট অব অনার আবু জাহিদ মোঃ ফজলুর রহমান, সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক, উদযাপন কমিটির আহবায়ক, সদস্য সচিব, প্রধান সমন্বয়কারী সংগঠনের নেতৃবৃন্দসহ আমন্ত্রিত অতিথী বৃন্দ। বনভোজনে এরপর ৪০ পৃষ্ঠায়

# ডলারের মূল্য পতনের পেছনে কারণ কী?

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ডলারের মূল্য প্রেসিডেন্টের সিদ্ধান্তের কারণে ব্যাপক পতন ঘটেছে বিশ্ববাজারে। এমন অভিযোগ তুলে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের প্রধান বাণিজ্যিক অংশীদার দেশগুলোর মুদ্রার বিপরীতে ডলারের মান কমেছে ১০ শতাংশেরও বেশি। এমন বড় ধরনের দরপতন এর আগে দেখা গিয়েছিল ১৯৭৩ সালে। তবে এবারের প্রেক্ষাপট ৭০-এর দশকের চেয়ে ভিন্ন। এবার ডলারের পতনের মূলে রয়েছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আগ্রাসী অর্থনৈতিক নীতি, বিশেষ করে শুল্ক আরোপ, এককেন্দ্রিক পররাষ্ট্রনীতি এবং ক্রমবর্ধমান সরকারি ঋণ। এর ফলে বৈশ্বিক বিনিয়োগকারীদের মধ্যে যুক্তরাষ্ট্রের অর্থনীতির প্রতি আস্থার ঘাটতি তৈরি হচ্ছে।

ট্রাম্প প্রশাসনের চালু করা বহির্বিশ্বের সঙ্গে বাণিজ্যে শুল্কনীতি, উচ্চ মূল্যস্ফীতির এরপর ২০ পৃষ্ঠায়

## ‘নির্বাহী বিভাগের হুকুমে বিকল্প আইন হয় না’

# অভিবাসন আদেশ আদালতে অবৈধ ঘোষণা

আজকাল রিপোর্ট




প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন সংক্রান্ত এক গুরুত্বপূর্ণ নীতিকে অবৈধ ঘোষণা করেছেন আদালত। সরকারী আদেশে ফেডারেল আইন লঙ্ঘন করা হয় বলেও জানানো হয়েছে। 'নির্বাহি বিভাগের হুকুমে চাইলেই বিকল্প অভিবাসন আইন দাঁড় করানো যায় না' বলে অভিমত দিয়েছেন আদালত। একজন ফেডারেল বিচারক বুধবার বলেছেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দক্ষিণ সীমান্তে আশ্রয় প্রবেশাধিকার স্থগিত করার আদেশটি বেআইনী ছিল। যা দক্ষিণ সীমান্তে অভিবাসন দমন করার জন্য রাষ্ট্রপতির পরিকল্পনার অন্যতম প্রধান স্তম্ভকে সন্দেহের মধ্যে ফেলেছে। কিন্তু তিনি আপিল করার জন্য সরকারকে সময় দেওয়ার জন্য রায়টি দুই সপ্তাহের জন্য স্থগিত করেন।

গত ২০ জানুয়ারির একটি আদেশে ট্রাম্প ঘোষণা করেছিলেন যে দক্ষিণ সীমান্তের পরিস্থিতি আমেরিকায় অভিবাসীদের শারীরিক প্রবেশ স্থগিত করছেন এবং এটি শেষ না হওয়া পর্যন্ত তাদের আশ্রয় নেওয়ার ক্ষমতা স্থগিত করছেন।

ওয়াশিংটনে ইউএস ডিস্ট্রিক্ট জজ র‍্যান্ডলফ মস বলেছেন, ট্রাম্পের নীতি অবরুদ্ধ করার আদেশ ১৬ জুলাই থেকে কার্যকর হবে। যা ট্রাম্প প্রশাসনকে আপিল করার সময় দেবে। মস লিখেছেন যে, সংবিধান বা অভিবাসন আইন উভয়ই প্রেসিডেন্টকে 'আশ্রয়ের জন্য আবেদন করার সুযোগ ছাড়াই যুক্তরাষ্ট্র থেকে ব্যক্তিদের প্রত্যাবাসন বা অপসারণের জন্য একটি অতিরিক্ত-বিধিবদ্ধ, অতিরিক্ত-নিয়ন্ত্রক ব্যবস্থা' বা অন্যান্য মানবিক সুরক্ষা দেয় না'। এরপর ২০ পৃষ্ঠায়




# বগুড়া সোসাইটি সভাপতি সাইফুল রুবেল সাধারণ

আজকাল রিপোর্ট

বগুড়া সোসাইটি ইউএসএ ইনক'র বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন গত ২৯ জুন নিউইয়র্কের হিল সাইডের খলিল বিরিয়ানি হাউজে অনুষ্ঠিত হয়েছে। অত্যন্ত উৎসবমুখর পরিবেশে এই আয়োজনে বিপুল সংখ্যক সদস্য ও গুণীজন উপস্থিত ছিলেন।

সংগঠনের সভাপতি মহব্বত আলী আকন্দের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. সাইফুল ইসলামের সঞ্চালনায় এরপর ২০ পৃষ্ঠায়



# প্রবাহ সাহিত্য সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

'প্রবাহ' সাহিত্য সাংস্কৃতিক পরিষদের আয়োজনে ৯ম সাহিত্য সভা গত ২৮ জুন নিউইয়র্কের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের গ্রিণ টাচ টিউটোরিয়ালের কক্ষে অনুষ্ঠিত হয়। নিউইয়র্কের কবি, বাচিক শিল্পী, গল্পকার, সাহিত্যের অন্যান্য অঙ্গনের মানুষজনের এই সাহিত্য আড্ডার উপস্থাপনায় ছিলেন সোহেল হামিদ। স্বরচিত কবিতা পঠন, আবৃত্তি ছাড়াও ঘরোয়াভাবে সাহিত্য, সামাজিক দায়বদ্ধতা, প্রবাহ কে পরামর্শ- সব মিলিয়ে আড্ডা জমে উঠেছিলো।

প্রতিষ্ঠাতা লিয়াকত এলাহী প্রবাহ'কে সামনে এগিয়ে যাবার জন্য কিছু পরামর্শ দিলেন ও রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা 'নিরুদ্দেশ যাত্রা' আবৃতি করেন।

প্রবাসের পরিচিত মুখ প্রতিবাদী কণ্ঠ, গল্পকার, কবি, এরপর ২০ পৃষ্ঠায়

# বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের অভিষেক

আজকাল রিপোর্ট

সামাজিক সংগঠন বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক ইনকের নতুন কমিটির অভিষেক গত ২৭ জুন ব্রঙ্কসের ষ্ট্রারলিং-বাংলাবাজার এলাকার গোল্ডেন প্যালেস পার্টি হলে অনুষ্ঠিত হয়। কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের শীর্ষনের্তৃত্বের উপস্থিতিতে অনুষ্ঠানস্থলের বিশাল হল কানায় কানায় পূর্ণ হয়ে উঠে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর (ডিস্ট্রিক্ট-৩৪) ন্যাথালিয়া ফার্নান্দেজ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, ট্রাস্টি বোর্ড সদস্য জুনেদ চৌধুরী, সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ এরপর ২০ পৃষ্ঠায়



# ড্রামা সার্কল'র নাটক 'পাখি' মঞ্চস্থ

আজকাল ডেস্ক

মনোজ মিত্রের রচনা ও জহির মাহমুদের নির্দেশনায় গত ২২ জুন সন্ধ্যায় জ্যামাইকা সেন্টার ফর আর্টস অ্যান্ড লার্নিং-এর ব্ল্যাক বক্স থিয়েটারে ড্রামা সার্কল নিউইয়র্ক মঞ্চস্থ করেছে নাটক 'পাখি'।

'পাখি' কেবল একটি নাটক নয়-এটি যেন এক জীবনভাষ্য। প্রতিটি দৃশ্য, সংলাপ ও চরিত্রে প্রতিফলিত হয়েছে সমাজের নীরব বেদনা, নিঃশব্দ কান্না, ক্ষয়ে যাওয়া স্বপ্ন এবং টিকে থাকার এক অসম লড়াই। নাটকটির কাহিনী, সংলাপ, দৃশ্য পরিকল্পনা ও চরিত্রচিত্রণে ছিল এক অনন্য শিল্পসুষমা ও এরপর ৩৪ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন • ব্যাংক্র্যাপসি • ক্রেডিট কার্ড মেটার • ডিভোর্স • চাইল্ড কাস্টডি • চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন • সিটিজেনশিপ • সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

বিশেষ সম্পাদকীয়

# আসিফ, হাসনাত ও সারজিসদের উদ্বেগের নির্বাচন

আসিফ, হাসনাত ও সারজিসদের উদ্বেগের নির্বাচন। সরকার পরিবর্তনের নির্বাচন। ক্ষমতার পালাবদলের নির্বাচন। ইউনূস হাওয়ায় রাজনীতি যেন মধুতে মাখা খই। নির্বাচনের কথা শুনলে সেই খই হারিয়ে যায়। কি হবে আমাদের সোনার ছেলেদের। মব সৃষ্টির নায়কদের ভাগ্যে কি হবে। ৩০০ আসনের সংসদে স্বপ্নের আসনগুলো কি পাবেন? রাজনীতিতে টিকে থাকার সাংসদ হতে পারবেন? নাকি সরকার প্রধানের পদ থেকে বিশ্ববরেণ্য ড. ইউনূসের বিদায়ের সাথে সাথে এনসিপি 'নোবিসিপি' হয়ে যাবে। আসিফদের প্রাউড শেকিং শুরু হয়েছে। এমনতো হবার কথা ছিল না। অথচ তারাই আমাদের সূর্য সন্তান। ফ্যাসিবাদী হাসিনা সরকার উৎখাতে তারাই আমাদের হিরো। ৩৬ জুলাই ছাত্রজনতার গণঅভ্যুত্থানে তারা আমাদের নায়ক। ১৮ কোটি মানুষের চোখের মণি। কষ্টি পাথরে বীরদের খাতায় তাদের নাম লেখা থাকবে ফ্যাসিস্ট বিরোধী আন্দোলনের ইতিহাসে। এই জুলাই মাসে তাদেরকে এভাবেই স্মরণ করতে চাই। রাজনীতির চোরাবালিতে আসিফ, হাসনাত ও সারজিসরা হারিয়ে যাক এমন প্রত্যাশা কখনোই করি না। জয় হোক জুলাই যোদ্ধাদের। শুভ কামনা নিরন্তর।

> আটকানো যাচ্ছে না নির্বাচনের ট্রেনকে। আর এতেই উদ্বেগ ও শংকা বাড়ছে আমাদের সোনার ছেলেদের। তাদের প্যানিকই বড় অঘটন ঘটাতে পারে আগামী ৭ মাসে। রাজনীতির একটি অপশক্তি ব্যবহার করতে পারে তাদের। ৩৬ জুলাই বিপ্লবের চেতনা প্রতিবিপ্লবে ধ্বংস হতে পারে এ সময়ে। ক্ষমতার মোহ অন্ধকারে ঠেলে দিতে পারে সোনার ছেলেদের। মাঝিমাল্লারা সাবধান! ফেব্রুয়ারি পর্যন্ত বাংলাদেশকে এগিয়ে নেয়াই এখন বড় চ্যালেঞ্জ। তা মোকাবেলায় অতন্ত্র প্রহরীর ন্যায় জাগ্রত থাকতে হবে গণতন্ত্রকামী শক্তিগুলোর। ক্ষমতার স্বপ্নে যারা উন্মুখ হয়ে আছেন। সাংসদ ও প্রধানমন্ত্রী হবার দৌড়বিদরা কি গণতন্ত্রের অভিযাত্রাকে পাহাড়া দিতে পারবেন? ফেব্রুয়ারি পর্যন্ত নির্বাচনী ট্রেনকে দেখভাল করতে পারবেন। নইলে আবার দেশটিতে গনতন্ত্রের আকংখা মুখ থুবড়ে পড়বে

কিন্তু! বাতাসে বিপরীতমুখি ঝাপটা। অনেকেই উদ্বিগ্ন তাদের নিয়ে। নিজেরাও শংকিত। ক্ষমতা হারাবার শংকা তাদের মধ্যে প্রবল। বটগাছটির ছায়াহীন এনসিপি কতটা শক্তিশালী। জনতার বলে কতটুকু শক্তিশালী তারা। মানদন্ড? তাতো হতে হবে নির্বাচনেই। একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন হলে এনসিপি কতটা আসন পাবে- এ প্রশ্ন অনেকেরই। নির্বাচনে ধরাশায়ী হলে এই আস্ফালন ও মব কালচারের পরিণতি কি হতে পারে। তাদের সম্ভাব্য পরিণতি নিয়ে ড. ইউনূসও কিছুটা শংকিত। তারাইতো স্যারের নিয়োগ কর্তা।

রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা ও লোভ তাদের ভিন্ন পথে তাড়িত করেছে। এ পথ কণ্টকে বিছানো। অথচ তারাই থাকতেন ইতিহাসের সারথী হয়ে। ফেব্রুয়ারিতে নির্বাচনের ঘোষণা দিয়েছেন অর্ন্তবর্তীকালীন সরকার প্রধান। সংস্কার নামক অছিলাতে কাজ হচ্ছে না। আটকানো যাচ্ছে না নির্বাচনের ট্রেনকে। আর এতেই উদ্বেগ ও শংকা বাড়ছে আমাদের সোনার ছেলেদের। তাদের প্যানিকই বড় অঘটন ঘটাতে পারে আগামী ৭ মাসে। রাজনীতির একটি অপশক্তি ব্যবহার করতে পারে তাদের। ৩৬ জুলাই বিপ্লবের চেতনা প্রতিবিপ্লবে ধ্বংস হতে পারে এ সময়ে। ক্ষমতার মোহ অন্ধকারে ঠেলে দিতে পারে সোনার ছেলেদের।

মাঝিমাল্লারা সাবধান! ফেব্রুয়ারি পর্যন্ত বাংলাদেশকে এগিয়ে নেয়াই এখন বড় চ্যালেঞ্জ। তা মোকাবেলায় অতন্ত্র প্রহরীর ন্যায় জাগ্রত থাকতে হবে গণতন্ত্রকামী শক্তিগুলোর। ক্ষমতার স্বপ্নে যারা উন্মুখ হয়ে আছেন। সাংসদ ও প্রধানমন্ত্রী হবার দৌড়বিদরা কি গণতন্ত্রের অভিযাত্রাকে পাহাড়া দিতে পারবেন? ফেব্রুয়ারি পর্যন্ত নির্বাচনী ট্রেনকে দেখভাল করতে পারবেন। নইলে আবার দেশটিতে গনতন্ত্রের আকাঙ্ক্ষা মুখ থুবড়ে পড়বে।

# আওয়ামী লীগকে বাদ দিয়ে নির্বাচনের পাঁয়তারা?

সামছুদ্দীন আজাদ



দেশ এখন পুরোপুরি অকার্যকর ও ব্যর্থ রাষ্ট্র। এখানে কোন আইনের শাসন নাই, আইন কানুনের বালাই নাই। দেশ নিয়ন্ত্রণ করছে সরাসরি সন্ত্রাসীরা। পুলিশ প্রশাসন কোন কাজ করছে না - কাজ করতে দেয়া হচ্ছে না। যখন কোথাও কোন অপরাধ সংঘটিত হয়, সেখানে পুলিশ প্রশাসনের উপস্থিতি চোখে পড়ে না। আর মাঝে মাঝে পুলিশের উপস্থিতি দেখা যায় নিরব দর্শকের ভূমিকা। একইভাবে বর্তমান অন্তবর্তী সরকার তার নিরাপত্তা নিশ্চিত করার জন্য সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি পাওয়ার দিয়ে মাঠে নামিয়ে রেখেছে। সে ক্ষেত্রে মিলিটারির কাজ হবে- দেশে আইনের শাসন নিশ্চিত করা, দেশব্যাপী সাঁড়াশি অভিযান চালিয়ে সন্ত্রাসীদের দমন করা, জনমনে স্বস্তি ফিরিয়ে আনা। যদি সরকার আন্তরিক হতো তাহলে পুলিশ প্রশাসন সেনাবাহিনী সহ দেশের সকল আইন প্রয়োগকারী সংস্থাকে কঠোর নির্দেশ দিলে এবং সন্ত্রাস দমনের জন্য জিরো টলারেন্স নীতি ঘোষণা করলে অবশ্যই সন্ত্রাস দমন খুব সহজ হতো। এটি না করে সরকার লোক দেখানো আইনশৃঙ্খলা পরিস্থিতির নামে নাটক করছে - তামাশা করছে, আর দেশের মানুষদেরও এ নিয়ে কোন কথা বলতে শোনা যায় না। বরং আমরা দেখছি দেশের চিহ্নিত সন্ত্রাসী গুন্ডাবাহিনী যখন প্রকাশ্য দিবালোকে সন্ত্রাস করে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে পুলিশ ও মিলিটারি সন্ত্রাসীদের কে সহযোগিতা করে নিরাপদ এক্সিস্টের ব্যবস্থা করে দেয়। এখানে দেখার প্রয়োজন কারা দেশের সন্ত্রাসী কর্মকান্ড করছে - কি তাদের পরিচয়? দেশের মানুষের সেটা জানা দরকার। দেশে জঙ্গি হামলা করিয়ে - সরাসরি মার্কিন অনুকূলে নির্বাচিত আওয়ামী লীগ সরকারকে উৎখাত করে ড. ইউনূসকে ক্ষমতার শীর্ষে বসিয়েছে আমেরিকা। এবং তার উপদেষ্টা পরিষদে যারা আছেন তাদের বেশিরভাগ আমেরিকার পছন্দের ব্যক্তি, তাদের প্রত্যেকের এনজিও ব্যবসা আছে এবং সেই এনজিওর অর্থের উৎসও আমেরিকা। তাদের কাছে অর্থ সরবরাহ করা হয়েছে জঙ্গি হামলা করানোর জন্য। এসব জঙ্গিরা এবং সন্ত্রাসীরা কারা, কি তাদের পরিচয়? দেশের সন্ত্রাস সৃষ্টি করেছে ড. ইউনূস নিজে, তার উপদেষ্টা পরিষদের এবং সংস্কার কমিশনের কিছু মার্কিন দালাল, তৎকালীন মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস, বিএনপি জামাত, হিজবুত তাহরী, লস্কর ই তৈয়বা, পাকিস্তানের আই এস আই, হলি আর্টিজান গুলশান হামলায় জড়িত জঙ্গি সদস্যরা মূলত এটি করিয়েছে। আর অবুঝ ছাত্র-ছাত্রীদের একটি অংশকে ভুল বুঝিয়ে রাস্তায় নামানো হয়েছে, যেমন - কিছু মাদ্রাসার কম বয়সী ছাত্র, এতিমখানার দরিদ্র অসহায় ছাত্র, স্কুলের কিছু সহজ-সরল বাচ্চাদের মাঠে নামানো হয়েছে মিছিল বড় করার জন্য, আর যারা ইন্টারমিডিয়েট পড়ুয়া, হাই স্কুল পড়ুয়া - তাদেরকে আওয়ামী লীগের বিরুদ্ধে ভুল বুঝিয়ে রাস্তায় নামানো হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহ বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যারা রাস্তায় নেমেছে, দেশে অহেতুক বিশৃঙ্খলা তৈরি করেছে তাদের বেশিরভাগ জামাত শিবিরের, হিজবুত তাহেরি, লস্কর ই তৈয়বা আর হেফাজতে ইসলামের আদর্শের মৌলবাদীরা।

> মাওলানা ভাসানী, হোসেন শহীদ সোহরাওয়ার্দী, আবদুর রশীদ তর্কবাগীশ, ইয়ার মোহাম্মদ খান, সামসুল হকের মত হিমালয় সমান নেতাদের নেতৃত্বে। এদেশের ৪৪ শতাংশ মানুষ আওয়ামী লীগকে ভালোবাসে, সুতরাং এই বিশাল জনসংখ্যাকে বাদ দিয়ে ড. ইউনুস আরেকটি ভোটারবিহীন নির্বাচন করিয়ে বিএনপি জামাত জঙ্গিদের হাতে রষ্ট্র ক্ষমতা তুলে দিতে চায়

মোটকথা এরা সবাই মিলে রাষ্ট্রক্ষমতা দখল করে বসে আছে। আন্দোলনের সময় তারা জাতিকে স্বপ্ন দেখিয়েছে তারা এদেশকে স্বর্গীয় রাজ্য বানাবে, কারণ আওয়ামী লীগ ১৬ বছরে দেশের উন্নয়নে যা করেছে তাদের ভাষায় এটি নরক, সুতরাং তারা দেশকে স্বর্গ বানিয়ে গোটা জাতিকে স্বর্গ সুখ দেবে। দশ মাস পার হয়ে গেছে কোন কিছুই করতে পারেনি বরং ক্ষমতার ভাগাভাগি নিয়ে নিজেরা কামড়াকামড়ি শুরু করে দিয়েছে। সারাদেশে হত্যা, ধর্ষণ, লুটপাট, চাঁদাবাজি, আওয়ামী লীগ নেতাকর্মীকে হত্যা, মিথ্যা মামলা দিয়ে মোটা অংকের চাঁদাবাজি, ভীতি প্রদর্শন করে চাঁদাবাজি, মিলেমিশে ধর্ষণ করা, এক ধরনের বিনোদন তাদের কাছে। এরই মধ্যে চেষ্টা চলছে সংস্কার নামক রবীন্দ্রনাথ ঠাকুরের জুতা আবিস্কারের কাহিনী। কোন কিছু হচ্ছে না, দেশের অর্থনীতির অবস্থা নাজুক, ব্যাংকগুলো দেউলিয়ার পথে, আমদানি রপ্তানির অবস্থা ভয়াবহ, রপ্তানি আয় দিন দিন কমছে, শেয়ার বাজারের দরপত্র পতন অব্যাহত আছে, অগণিত টাকা লোপাট হয়ে গেছে, বিদেশে টাকা পাচার ঠেকানো যাচ্ছে না, ভালো ভালো অর্থনীতিবিদদের বসিয়ে অর্থনীতির অর্জন শূন্যের খাতায়। হাজার হাজার শিল্প কারখানা বন্ধ করে দিয়ে বেকার সমস্যা তৈরি করা হয়েছে। গ্রামে কোন কাজকর্ম

এরপর ২৪ পৃষ্ঠায়

# সোশ্যাল মিডিয়ার বিশ্বাসযোগ্যতা প্রায় তলানীতে

তপন কুমার ঘোষ

সোশ্যাল মিডিয়া বা সামাজিক যোগাযোগমাধ্যম এখন আমাদের দৈনন্দিন জীবনের অঙ্গ। নতুন প্রজন্ম বেড়ে উঠছে ইউটিউব, ফেসবুক, টুইটার (বর্তমানে এক্স), ইনস্টাগ্রাম, মোবাইল অ্যাপ, ডিজিটাল কনটেন্টের প্রভাবিত জগতে। শুধু নতুন প্রজন্মই নয়, এটা জনপ্রিয় হয়ে উঠেছে সব বয়সীর মধ্যে। বদলে যাচ্ছে অনেক কিছুই। তবে এসব মাধ্যমে ভিউ পাওয়ার তীব্র প্রতিযোগিতার কারণে মানুষের মনোযোগের স্থায়িত্ব কমছে। অনেক ক্ষেত্রে দেখা যায়, এসব মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে ধৈর্য ও একাগ্রতার বড়ই অভাব দেখা যায়। ফলে পোস্ট পড়ার মনোযোগের অভাবে 'রিল' সংস্কৃতিতে অভ্যস্ত হয়ে উঠছে। ফেসবুকে পোস্টের জনপ্রিয়তা নির্ধারণের সূচক হিসেবে 'লাইক' বা 'কমেন্ট'-এর সংখ্যা বিবেচনা করা হয়। লাইক বা কমেন্ট কম হলে মন খারাপ হয় অনেকের। পোস্ট ভাইরাল করা বা ভিউ বাড়ানোর জন্য মরিয়া হয়ে ওঠেন অনেকে। আবার ভিউ বাড়ানোর উদ্দেশ্যে টিকটক বানাতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যুর ঘটনাও ঘটছে। সামাজিক মাধ্যমে স্বীকৃতির চাপ তরুণ-তরুণীদের মধ্যে উদ্বেগ সৃষ্টি করছে, যা বিষণ্ণতার অন্যতম কারণও।

স্কুলজীবনের সেই 'যেমন খুশি তেমন সাজো' প্রতিযোগিতার মতো যার যা খুশি তাই সমাজমাধ্যমে পোস্ট করছেন। সম্পাদনার বালাই নেই। সিরিয়াস বিষয়কে হালকাভাবে নিয়ে 'মিম' বানানো হচ্ছে স্রেফ তামাশার উদ্দেশে। ফলে 'ফোকাস'টা হারিয়ে যাচ্ছে। সোশ্যাল মিডিয়ায় যেকোনো ঘটনার মিথ্যার ছড়াছড়ি চলছে। অনেক সময় সঠিক তথ্য বিকৃত করে ছড়ানো হচ্ছে। এতে মানুষ সঠিক তথ্যের সঠিকতা নিরূপণ না করে মিথ্যা সংবাদকে বিশ্বাস করছে। আবার পরিকল্পিতভাবে গুজব ছড়ানো হচ্ছে। তাতে মিথ্যা পরিবেশন করা হচ্ছে। যে কারণে সোশ্যাল মিডিয়ার বিশ্বাসযোগ্যতা বিপন্নতার পথে। মানুষ আজ বিভ্রান্ত। এ মাধ্যমের বিশ্বাসযোগ্যতা কমতে কমতে প্রায় তলানিতে এসে ঠেকেছে। তবে এটাও ঠিক, অনেক চাঞ্চল্যকর ঘটনা সোশ্যাল মিডিয়ার কারণেই প্রকাশ্যে এসেছে। তবে এটা স্বীকার করতেই হবে, এত ডামাডোলের মধ্যেও মূল ধারার কিছু কিছু সংবাদমাধ্যম দায়িত্বশীল আচরণ করছে।



ডিপফেক প্রযুক্তি ব্যবহার করে ছবির কারচুপি চলছে। এ সমস্যা গ্লোবাল অর্থাৎ বৈশ্বিক। মে মাসের ঘটনা। প্রযুক্তি ব্যবহার করে ছবির কারচুপি সম্পর্কে সতর্ক করতে গিয়ে নিজেরই একটা ভুয়া নগ্ন ছবি প্রকাশ্যে আনলেন নিউজিল্যান্ডের নারী সাংসদ লরা ম্যাকক্লু। নিউজিল্যান্ডের পার্লামেন্টে দাঁড়িয়ে নিজের নগ্ন ছবি হাতে ধরে ডিপফেক প্রযুক্তির ক্রমবর্ধমান বিপদ নিয়ে আলোচনা করছিলেন তিনি। তিনি জানান, অনলাইনে 'কৃত্রিম বুদ্ধিমত্তা' দিয়ে এই জাল ছবিটি তৈরি করতে তাঁর পাঁচ মিনিটেরও কম সময় লেগেছে। তাঁর কথায়, যাঁরা এ ধরনের পরিস্থিতির শিকার তাঁরাই জানেন কতটা অবমাননাকর এটি! পার্লামেন্টে দাঁড়িয়ে তিনি আরও বলেন, প্রযুক্তি নিয়ে তাঁর কোনো অভিযোগ নেই; তাঁর প্রতিবাদ কেবল এর অপব্যবহার নিয়ে।

ফেসবুকের কমেন্ট সেকশনে এমন সব মন্তব্য করা হয় যা নিম্ন রুচি ও বোধের পরিচায়ক। বেশির ভাগ মন্তব্য একপেশে। অযথা বিতর্ক সৃষ্টি করে কথা চালাচালি করা হয়। সত্যকথন নেই বললেই চলে। অন্যের আবেগের প্রতি সম্মান দেখানো হয় না। উল্টো কটাক্ষ করা হয়। মাত্রাবোধের অভাব। ভিন্নমতকে উদার দৃষ্টিভঙ্গিতে গ্রহণ করতে আমাদের ঘোর অনীহা। ভিন্ন সংস্কৃতির প্রতি সহনশীলতা কম। বিদ্বেষপূর্ণ মন্তব্য করা হচ্ছে অহরহ। সঠিক তথ্য ও যুক্তি-তর্কের পক্ষে অনেকে দাঁড়ায় না। সাইবার বুলিং বা ট্রলিংয়ের শিকার হচ্ছেন সেলিব্রিটিরা। বন্ধুত্ব, ঘনিষ্ঠতা, যৌনতা এবং অবশেষে অশ্লীল ভিডিও বানিয়ে সমাজমাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে অসহায় নারীদের ব্ল্যাকমেইল করা হচ্ছে। এ ধরনের ঘটনা ঘটেই চলেছে। প্রতারণার নানা ফাঁদ পাতা আছে অনলাইন ভুবনে। অনেকে প্রতারিত হয়েছেন। এত সব সত্ত্বেও অনেক তরুণ-তরুণী প্রেমের ফাঁদে পা দিচ্ছেন। ভার্চুয়াল জগতের মোহে আটকে পড়া তরুণ-তরুণীরা মানসিক স্থিতি হারিয়ে ফেলছেন। জীবন যখন ক্লান্ত, বিষণ্ণ, হতাশা যখন আষ্টেপৃষ্ঠে বাঁধছে, তখন বাড়ছে আত্মহননের প্রবণতা।

এটা অনস্বীকার্য, জনমত গঠনে সোশ্যাল মিডিয়া একটি শক্তিশালী মাধ্যম হিসেবে জায়গা করে নিয়েছে। কিন্তু বিপদের কথা হচ্ছে, অন্যের মতামতের দ্বারা প্রভাবিত হচ্ছে না অনেক মানুষ। সোশ্যাল মিডিয়ায় প্রপাগান্ডা চলছে। ফেসবুকে একটা প্রবণতা লক্ষ করা যায়-কমেন্ট সেকশনে প্রথম কয়েকটি মন্তব্য তা ইতিবাচক বা নেতিবাচক যা-ই হোক না কেন, সেটি অনুসরণ করেন অনেকে। পরবর্তী সময়ে মন্তব্যধারা অনেকটা সেভাবেই প্রবাহিত হয়। বহুজনের মতামত সঠিক বলে ধরে নিয়ে সেভাবেই নিজের মতামত গঠন করেন অনেক মানুষ। আবার অনেকে পোস্ট ভালো করে না পড়ে বা মর্মার্থ যথার্থভাবে উপলব্ধি না করে আইকনে ক্লিক করে প্রতিক্রিয়া জানান। স্রোতে গা ভাসিয়ে না দিয়ে ফেসবুকে মন্তব্য করার আগে দুবার ভাবতে হবে। তথ্যের সত্যাসত্য বিচার করতে

এরপর ৩৮ পৃষ্ঠায়

> সোশ্যাল মিডিয়ায় মিথ্যাচার ও অতিরঞ্জন বন্ধ করতে হবে। এটা করতে না পারলে বিপদ খুব বেশি দূরে নেই। শুধু আইন করে সবকিছু নিয়ন্ত্রণ করা যায় না। আইন মানা বা আইন মানতে বাধ্য করা গুরুত্বপূর্ণ। তবে এ মাধ্যমে মিথ্যাচার চিরতরে বন্ধ করতে পারে আমাদের সততা ও সচেতনতা। এটা ছেলেখেলা নয়। এটা যে গর্হিত অপরাধ, সেই চেতনা সবার আগে জাগ্রত হওয়া দরকার

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ডিসিদের নিয়ে একি-ছি ছি!

মেজর (অব.) ড. নাসির উদ্দিন আহাম্মেদ

ইংরেজি বর্ণমালার শুরুর দিকে পাশাপাশি দুটি অক্ষর সি ও ডি। এ দেশে ইংরেজি ভাষার প্রবর্তক ইংরেজ তথা ব্রিটিশরা এ দুটি অক্ষরকে উল্টাপাল্টা করে অর্থাৎ সি ও ডি-এর বদলে ডি ও সি দিয়ে ডিসি নামে একটি প্রশাসনিক পদ সৃষ্টি করেছিলেন। কিন্তু ইংরেজরা হয়তো জানতেন না যে একদিন এ ডিসিরাই উল্টাপাল্টা কাজ করে প্রশাসনের ইমেজের বারোটা বাজাবেন। কারণ গত ১২ বছরে ৮ জন ডিসি ৯ জন নারীর বারোটা বাজিয়ে প্রশাসনের ইজ্জতের তেরোটা বাজিয়েছেন, এমনটাই খবর বেরিয়েছে কালবেলায়। তাই জেলায় জেলায় হাসি-আনন্দ আর খেলায় আটজন ডিসির কেলেঙ্কারির কথা ভেসে বেড়ায় সব গল্পকথায়। অথচ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হিসেবে চাকরিপ্রার্থী আমজনতার চরিত্র কেমন, তা প্রমাণ হয় এমন ডিসি সাহেবদের কলমের এক খোঁচায়।

ডিসি বলতে ইংরেজ সাহেবরা বোঝাতে চাইতেন ডিস্ট্রিক্ট কালেক্টর। তখন ছিল ঔপনিবেশিক যুগ। ফলে ব্রিটিশরা প্রত্যেক জেলা থেকে কর বা ট্যাক্স আদায় করতেন। আর এজন্য প্রশাসনিক দায়িত্ব দেওয়া হয় ডিস্ট্রিক্ট কালেক্টর, (ডিসি) নামক ব্যক্তিবর্গকে। শুকনো কথায় চিড়া ভেজে না বিধায় বিশেষ ক্ষমতাবানরূপে ডিসিদের উপস্থাপন করা হয়। তিনি ও তার বাহিনী হাতে হান্টার নিয়ে ঘোড়ায় চড়তেন আর অসহায় কৃষক ও ব্যবসায়ীদের কাছ থেকে জোরজবরদস্তি করে হলেও খাজনা আদায় করতেন। তার অফিসের নাম ছিল কালেক্টরেট অফিস, তার প্রতিষ্ঠিত স্কুলের নাম হতো কালেক্টরেট স্কুল, যার কিছু এখনো টিকে আছে।

কালের বিবর্তনে উপনিবেশ প্রথা শেষ হলো। ইংরেজরাও ইংল্যান্ড ফিরে গেল। তাদের পিছু পিছু এ দেশের কিছু মানুষও ইংল্যান্ডে পাড়ি জমালেন। এরপর ইংল্যান্ডে এ দেশের মানুষজন রেস্তোরাঁ ব্যবসা জমিয়ে তুললেন। সেখানে কর্মসংস্থান হলো ভাগ্যান্বেষণে ইংল্যান্ডে যাওয়া বহু মানুষের। তারা বিভিন্ন ক্ষেত্রে সফল হলেও অনেকেই ছিলেন 'পোড়া কপাইল্যা'। তাদের ঠিকানা হলো বাঙালিদের হোটেল বা রেস্তোরাঁয়। দেশে ফিরে আবার এসব সাচ্চা মুসলমান নিজেদের ইংল্যান্ডের ডিসি কিংবা ওসি বলে পরিচয় দিতেন। তবে প্রকৃতপক্ষে তারা ছিলেন ডিশ ক্লিনার (ডিসি) কিংবা অনিয়ন কাটার (ওসি) রূপে কর্মরত।

অপারেশন ক্লিন হার্টের সময় জেলা প্রশাসনের ডিসি নামক মহাক্ষমতাধর ব্যক্তিটির সঙ্গে আমার ডিসি (ডিরেক্ট কন্টাক্ট) ঘটে। একটি জেলা বা ডিস্ট্রিক্টকে কন্ট্রোল করার জন্য স্বাধীনতার পর প্রত্যেক প্রশাসনিক জেলায় একজন করে ডেপুটি কমিশনার (ডিসি) পদায়ন করে বাংলাদেশ সরকার। ডিস্ট্রিক্টকে যদি জমিদারি ধরা হয়, তবে ডিসি হলেন সেখানকার জমিদার। সরকারের প্রায় সব মন্ত্রণালয়ের কোনো না কোনো কমিটি রয়েছে ডিস্ট্রিক্ট পর্যায়ে। আর এসব কমিটির প্রায় সবকটির সভাপতি হন ডিসি। এক বা একাধিক স্কুল, কলেজ, মসজিদ, মন্দির, শিশু জন্ম ও লালন কেন্দ্র, গোরস্তান, শ্মশান; এককথায় জন্ম থেকে মৃত্যু পর্যন্ত ডিসিই জান, ডিসিই প্রাণ। সর্বক্ষেত্রে তাই শুধু ডিসি আর ডিসি, এই ঐকতান। একজন ডিসি কয়টি কমিটির সভাপতি আর এক দিনে কিংবা এক মাসে একজন ডিসির পক্ষে এসব কমিটির কয়টি মিটিংয়ে সময় দেওয়া সম্ভব, এ নিয়ে হয় না কোনো প্রশ্নের উদ্ভব। তাই ডিসিরা সবকিছুতে ছিলেন, আছেন, থাকবেন-এটাই রীতি। কারণ বাস্তবে ডিসি ছাড়া আমাদের নেতাদের নেই কোনো গতি।



জেলায় কোনো নতুন সরকারি প্রতিষ্ঠানের জন্য জমি অধিগ্রহণের কাজটি সম্পন্ন হয় ডিসির মাধ্যমে। এমন একটি প্রকল্পের খবরে ডিসি অফিসে আনন্দের জোয়ার নামে। ভূমি অধিগ্রহণের নামে নানা দুর্নীতি ও জালিয়াতিতে অভিযুক্ত ডিসির সঠিক সংখ্যা গুনে বের করা কঠিন। তবে বেরসিক কালবেলা ৮ ডিসির নাম করেছে জাহির, যারা ১২ বছরে বারোটা বাজিয়েছে ৯ নারীর। কালবেলার কি খেয়েদেয়ে নেই কোনো কাজ? কেন রে বাবা! ডিসিরা তো মূলত জমিদার, যদিও পরনে নতুন সাজ তার। আর জমিদারি রক্তে কিছুটা পটেটো প্রবলেম (আলুর দোষ) তো থাকতেই পারে। তাদের শরীরে ডাইরেক্ট কারেন্ট। তাই নিরাপদ দূরত্বে না থেকে ডিসিদের নিয়ে অযথা টানাটানি কেন? আর তোমাদের মতো এ দেশের সব পত্রিকার ডিক্লারেশন, সে তো ডিসি মহোদয়েরই অবদান, সে কথা কি ভুলে গেছো বাছাধন!

২০১৩ সালের মিস্টার কান্তি নামের জনৈক ডিসি মনের ক্লান্তি ঘোচাতে রাজধানীর খিলগাঁওয়ে এক নারীর ঘরের দরজার ভেতর খিলি আটকে দিয়েছিলেন। এমনটা টের পেয়ে আমজনতা দরজার বাইরের খিলি আটকে দেন। দীর্ঘ চার ঘণ্টা 'হাম তোম এক কামরা মে বন্দি হো' গানের দৃশ্যায়ন শেষে পুলিশ এসে ঘরের খিলি খুলে ক্লান্ত ডিসিকে উদ্ধার করে। খিলগাঁওয়ের দরজায় খিলি আটকানো ও খোলার ঘটনার পরও সেই ক্লান্ত ডিসির মন শান্ত হয়ে যায় যুগ্ম সচিব পদে পদোন্নতি পাওয়ার কারণে।

২০১৮ সালে নাটোরের ডিসি গোলাম একটা ছোট্ট গোলমাল বাধিয়ে দেন। তার ওপর ভর করেছিল জীবনানন্দ। তাই আনন্দ করতেই জুনিয়র নারী সহকর্মীকে 'নাটোরের বনলতা সেন' ভেবে বসেন। তাকে মেসেঞ্জারে পাঠানো অশোভন আচরণ ও প্রস্তাব নাটোরের সীমা ছেড়ে ইউরোপের ন্যাটো অবধি পৌঁছে যায়। পরে তাকে একটি প্রকল্পের পরিচালক করা হয়।

২০১৯ সালে জামালপুরের ডিসি এক কামাল কাণ্ড ঘটান। কবির নামের এ ডিসি তারই

এরপর ৪২ পৃষ্ঠায়




নারীসহ সব জনতার নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব পালন করেন এ হাবিব। গেল বছর (২০২৪) তিনি পদোন্নতি পেয়েছেন। তবে পদোন্নতির পর হাবিবি-হাবিবি গানের সুরে ডিজে পার্টি দিয়েছিলেন কি না, তা জানা যায়নি। ২০২৫ সালে শরীয়তপুরে ঘটে শরিয়তবিরোধী আরেক ঘটনা। কালবেলা সংবাদ বলছে, সেখানকার ডিসির (বর্তমানে ওএসডি) সঙ্গে দুজন নারীর আপত্তিকর ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ পায়। আর এভাবেই ১২ বছরে ৮ জন ডিসির মাধ্যমে ৯ নারীর বারোটা বাজার ঘটনা প্রকাশ পায়। তবে এবার কালবেলার বিরুদ্ধে অভিযোগের কথা বলছি। শুধু ডিসি কেন? থানার ওসি, বিশ্ববিদ্যালয়ের ভিসি, ল্যান্ডের এসি, নির্বাচন কমিশনের ইসি, ব্যাংকের ভুয়া এলসি-সবই কি তবে ধোয়া তুলসী?

# সম্ভাবনার স্রোতে ভেসে আসা সোশ্যাল মিডিয়ার সংকট ও চেতনা

রাজু আহমেদ

এই সময়ে এটি অনেক মাধ্যমের গ্রহণযোগ্য বিকল্প হলেও অপব্যবহারের বিস্তৃতি এতটাই বেড়েছে যে কল্যাণের চেয়ে অকল্যাণই বেশি দেখা যাচ্ছে। তথ্য যাচাইয়ের অভাব, গ্রহণযোগ্যতার সংকট, আবেগের তীব্রতা এবং ব্যক্তিগত তথ্যের নিরাপত্তাহীনতা সমাজকে অস্থির করে তুলছে। মুখোশ পরা মানুষদের ছদ্মপরিচয়, শো-অফ প্রবণতা এবং হাসিমুখের ছবিকে সুখ ভেবে নেওয়ার ধারা সমাজে এক ধরনের বিষণ্নতা ছড়াচ্ছে। সোশ্যাল মিডিয়ায় অতিরিক্ত আসক্তি মানুষকে একাকিত্বে ঠেলে দিচ্ছে। অপার সম্ভাবনার এই ক্ষেত্রটিকে আমরা নিজেদের হাতে ক্ষতিকর এক নোঙর বানিয়ে ফেলেছি। এর ফলাফল খুব শিগগিরই মানুষের চিন্তা, আচরণ ও মানসিক স্বাস্থ্যের ওপর ভয়াবহভাবে আঘাত হানবে। হয়তো আলামত স্পষ্ট হতেও শুরু হয়েছে

সোশ্যাল মিডিয়ার একটা সাংঘাতিক শক্তি আছে-যে শক্তি টেলিভিশন কিংবা পত্রিকারও নেই। কুমিল্লার বন্যা পরিস্থিতি মোকাবিলায় রাতারাতি সারাদেশে জাগরণ তৈরি করেছিল সামাজিক যোগাযোগমাধ্যম। সিলেটের বন্যায়, উত্তরাঞ্চলে শীতে কিংবা কোনো অসহায়ের পাশে দাঁড়াতেও সোশ্যাল মিডিয়া মারফত তৈরি হয় সৌহার্দ্যপূর্ণ ঐক্য, যা এক ঐক্যবদ্ধ বাংলাদেশের প্রতিচ্ছবি। কোনো অন্যায়ের প্রতিবাদ, দুর্নীতি প্রতিরোধ কিংবা সামাজিক অনাচার বন্ধে সামাজিক যোগাযোগমাধ্যম সরব হয়। জাতীয় দাবিদাওয়া, রাষ্ট্রীয় স্বার্থ এবং প্রতিবেশী দেশের নানা কার্যকলাপ জাতিকে জানানোর ক্ষেত্রেও সোশ্যাল মিডিয়া অগ্রগামী। হারিয়ে যাওয়া শিশু, লাঞ্ছিত মা কিংবা মজলুম বাবাদের পাশেও নেটিজেনরা সক্রিয়।



প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া সবার নাগালে নেই, কিন্তু সোশ্যাল মিডিয়া আছে সবার হাতের মুঠোয়। যার কাছে মোবাইল ফোন আছে, তার কাছে গোটা দুনিয়া। অন্যায় প্রতিরোধ, অনাচারের প্রতিবাদ এবং অধিকার আদায়ের ক্ষেত্রে সামাজিক যোগাযোগমাধ্যম এক গুরুত্বপূর্ণ টুলস।

দ্রুত সংবাদ পাওয়া, টিভি ও পত্রিকার সমন্বিত ভূমিকা এবং সহজলভ্যতা-এসব কারণে এর ব্যবহারযোগ্যতা বাড়ছে। মানুষকে সচেতন করা, দেশের কোথায় কী ঘটছে তা জানা এবং বিনোদন পাওয়ার দিক থেকেও মোবাইল-ইন্টারনেট এখন ভাত-জল-ঘুমের মতোই প্রয়োজনীয়।

সোশ্যাল মিডিয়ার সুবিধা অসীম-ঘরে বসে পড়াশোনা, বহির্বিশ্বের খবর পাওয়া, কিংবা কল্পনার জগতে হারিয়ে যাওয়ার মতো নানা আয়োজন এতে রয়েছে। তবে এতে যেমন সত্য তথ্য রয়েছে, তেমনি রয়েছে বিপুল পরিমাণ অপতথ্য। সত্যেও পাশে গুজবের স্রোতও প্রবল। ইউজার সচেতন না হলে উপকারের চেয়ে অপকারই বেশি হয়। বিভ্রান্তি, ভ্রষ্টতা ও বিকৃত মানসিকতার সংস্পর্শ পাওয়া এখানে একটি আশঙ্কাজনক বাস্তবতা।

একইসঙ্গে, যে মিডিয়া মানুষের উপকারে আসছে, সেই প্ল্যাটফর্মটিকে এক শ্রেণির কুচক্রী ধান্ধাবাজির জায়গা বানিয়ে ফেলছে। কেউ কেউ টাকা হাতিয়ে নেওয়া, সম্মানহানি করা এবং মিথ্যা তথ্য ছড়িয়ে মানুষকে বিভ্রান্ত করার কাজে লিপ্ত। শুধু ভিউ ও ডলার ইনকামের জন্য তারা নোংরা কনটেন্ট তৈরি করছে। অসুস্থ কাপল ব্লগ, রুচিহীন কনটেন্ট এবং অশ্লীলতাকে প্রমোট করার মতো কর্মকাণ্ডে



আমরা বাঙালি-ভাবাবেগের জাতি। যাচাই-বাছাই না করে গডডলিকা প্রবাহে গা ভাসানো আমাদের ঐতিহাসিক স্বভাব। কেউ যদি আকর্ষণীয় কোনো গুজব ছড়ায়, অনেকেই তা যাচাই না করে শেয়ার করে, মন্তব্য করে এবং খাওয়ার টেবিল পর্যন্ত তা নিয়ে আলোচনা করে। সাম্প্রতিক ধর্মকেন্দ্রিক গুজব, সংখ্যালঘু কার্ডের অপব্যবহার, পরকীয়াকে ধর্ষণ বলে চালানো কিংবা প্রেমিকের সঙ্গে পালিয়ে যাওয়া মেয়েকে 'হারিয়ে গেছে' বলে প্রচার-এসব ঘটনাগুলো দেশব্যাপী আবেগতাড়িত উন্মাদনা তৈরি করেছিল

সোশ্যাল মিডিয়ার স্ক্রিন ভরে উঠছে।

যদিও সুবিধাও আছে। যারা ভালো কিছু খোঁজে, তাদের সামনে ভালো কিছু হাজিরও হয়। কারণ এখানে অ্যালগরিদমের খেলা চলে-মানুষের নিয়ন্ত্রণ সেখানে সীমিত। তবে সবচেয়ে বড় ক্ষতির জায়গা হচ্ছে সময়। বিভিন্ন বয়সী মানুষ, বিশেষ করে তরুণ প্রজন্ম, নিজেদের প্রোডাক্টিভ সময় দেদারসে অপচয় করছে।

আমরা বাঙালি-ভাবাবেগের জাতি। যাচাই-বাছাই না করে গডডলিকা প্রবাহে গা ভাসানো আমাদের ঐতিহাসিক স্বভাব। কেউ যদি আকর্ষণীয় কোনো গুজব ছড়ায়, অনেকেই তা যাচাই না করে শেয়ার করে, মন্তব্য করে এবং খাওয়ার টেবিল পর্যন্ত তা নিয়ে আলোচনা করে। সাম্প্রতিক ধর্মকেন্দ্রিক গুজব, সংখ্যালঘু কার্ডের অপব্যবহার, পরকীয়াকে ধর্ষণ বলে চালানো কিংবা প্রেমিকের সঙ্গে পালিয়ে যাওয়া মেয়েকে 'হারিয়ে গেছে' বলে প্রচার-এসব ঘটনাগুলো দেশব্যাপী আবেগতাড়িত উন্মাদনা তৈরি করেছিল। যদিও সত্য প্রকাশিত হওয়ার পর অনেকের চেতনা ফিরে আসে, কিন্তু সমস্যা হলো এই চেতনা স্থায়ী হয় না। মানুষ বারবার ভুলে যায়। যাচাইয়ের বোধ না থাকায় গুজব ছড়ায় এবং সত্য প্রকাশের

এরপর ২৭ পৃষ্ঠায়

# এক-এগারোর চেয়ে অনেক ভয়ংকর

তবে বর্তমান সংকট অবশ্যই আটলান্টিক সাগরের সবচেয়ে বড় নীল তিমির সমপর্যায়ের। এক-এগারোর সময় কেউ সমস্যায় পড়লে রাষ্ট্রের কাছে আশ্রয় নেওয়ার সুযোগ ছিল এবং ক্ষেত্রবিশেষে রাষ্ট্র নিজে উদ্যোগী হয়ে অনেক ব্যবসাপ্রতিষ্ঠানের পাশে দাঁড়িয়েছিল। অন্যদিকে দেশের শীর্ষস্থানীয় শিল্পকারখানায় আগুন দিয়ে ছারখার করার পরও রাষ্ট্রের টনক নড়ছে না। শত শত বৃহৎ শিল্পপ্রতিষ্ঠানে মব তৈরি করে তছনছ করার পরও মব সন্ত্রাসের উল্লাসনৃত্য থামছে না। অধিকন্তু আরও নিত্যনতুন মবের জন্য উসকানি দেওয়া হচ্ছে। ফলে ২০২৪ সালের ৫ আগস্টের এগারো মাসের মাথায় অর্থনীতির শনির দশার যে চিত্র বাংলার আকাশবাতাসে উড়ে বেড়াচ্ছে, তা পৃথিবীর সবাই দেখতে পেলেও আমাদের কলিকালের সংস্কারবাদীরা দেখছেন না

গোলাম মাওলা রনি



গত এক সপ্তাহ আমরা সবাই খুব ব্যস্ত ছিলাম। আমরা বলতে আমি কিংবা আমার পরিবার নয়, পুরো দেশবাসী ভীষণ ব্যস্ত সময় পার করছিল। আর সেই সুযোগে সরকার বড় বড় দন ফেলার সুযোগ পেয়েছিল। আমাদের ব্যস্ততা ছিল ইরান-ইসরায়েল যুদ্ধ নিয়ে। যুদ্ধে ইরানের কী হবে-শিয়ারা কী মুসলমান অথবা ইমাম মাহদি-মালহামা-দাজ্জালের আগমন নিয়ে একশ্রেণির মানুষের ব্যস্ততা ছিল লক্ষ করার মতো। অন্যদিকে ইসরায়েল-ইহুদিবাদ এবং মোসাদ নিয়েও কম আলোচনা হয়নি। কারা বাংলাদেশে মোসাদের এজেন্ট অথবা আমেরিকার তাঁবেদাররা মুসলিম উম্মাহর কী কী সর্বনাশ ঘটিয়ে বাংলায় দাজ্জাল এবং সমকামিতাকে কীভাবে ঢোকাবে সেসব আলোচনার মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ইশরাক হোসেনকে মেয়র পদে বসানোর আন্দোলন অথবা সচিবালয় কিংবা জাতীয় রাজস্ব বোর্ডের আন্দোলন যে কীভাবে কী হয়ে গেল, তা আমরা টেরই পেলাম না।

উল্লিখিত ঘটনাপুঞ্জির মধ্যে একটি নবীন রাজনৈতিক দলের নেতা-নেত্রীর মৌনালাপ, সাবেক সিইসি নূরুল হুদার গলায় জুতার মালা এবং গালে জুতোর চুম্বনদৃশ্য যেমন তোলপাড় সৃষ্টি করেছে, তেমনই আরেক সিইসি কাজী হাবিবুল আউয়ালের গ্রেপ্তার এবং আদালতে তার জবানবন্দি সারা দেশে নতুন আবেগ সৃষ্টি করেছে। সিইসি নূরুল হুদাকে কেন্দ্র করে যে নজিরবিহীন মব সৃষ্টি করা হয়েছিল, তা হাবিবুল আউয়ালকে যথেষ্ট বিচলিত করেছিল। শোনা যায়, তিনি নিজেই কর্তৃপক্ষকে ফোন করে তাকে গ্রেপ্তারের অনুরোধ করেছিলেন। গ্রেপ্তারের পর ভিভি অফিসে রাতযাপন এবং পরের দিন কোর্টে হাজিরা ইত্যাদি কারণে তার সবকিছু আউলাঝাউলা হয়ে গিয়েছিল। ফলে কোর্টে জবানবন্দি দিতে গিয়ে তিনি যা কিছু বলেছেন, তা যেন ভবিষ্যতে তার জন্য বর্তমান সময়ের চেয়েও মহাবিপর্যয় তৈরি করবে। দ্বিতীয়ত জেলখানা এখন আওয়ামী লীগের নেতা-কর্মীতে ভরপুর। সেখানকার বাসিন্দারূপে তার অবস্থান সম্পর্কে তিনি হয়তো চিন্তাভাবনা করার সুযোগ পাননি। ফলে আদালতে প্রদত্ত তার জবানবন্দি এবং আবেগময় অভিব্যক্তির প্রতিক্রিয়া কর্তৃপক্ষকে ভাবনায় ফেলে দিয়েছে।



ঘুষখোর কর্মকর্তাসম্প্রদায়ের আলোচিত ঘটনাপুঞ্জির মধ্যে জাতীয় ফল মেলায় মব সৃষ্টি এবং সদলবলে ফল লুটের মতো নজিরবিহীন ঘটনা ঘটে গেছে। বিএনপি নেতা সালাহউদ্দিনের একটি বিস্ময়কর উক্তিও সরকারকে যথেষ্ট ভাবিয়ে তুলেছে। রাজনৈতিক দলগুলোর সঙ্গে সরকার আলাপ-আলোচনার জন্য যেসব সংস্কার কমিশন এবং ঐকমত্য কমিশন করেছে সেখানকার নানা রাজকীয় খাওয়াদাওয়া, খোশগল্প এবং অকাজ নিয়ে কথা বলতে গিয়ে সালাহউদ্দিন বলেছেন, ওখানে কাজের চেয়ে খাওয়াদাওয়া ও খোশগল্পই বেশি হয়।

সরকারের কথিত সংস্কার প্রকল্প ও ঐকমত্য কমিশন নিয়ে সারা দেশে বিতর্ক তুঙ্গে। কেউই বিশ্বাস করছে না যে ভবিষ্যতে সত্যিকার অর্থে কোনো সংস্কার হবে অথবা শেষ পর্যন্ত রাজনৈতিক দল এবং সরকার দেশ ও জাতির স্বার্থে কোনো ঐকমত্যে পৌঁছতে পারবে। বরং বেশির ভাগ মানুষ মনে করছে, সরকার সময় নিচ্ছে, সময় পার করার চেষ্টা করছে এবং রাজনীতিকে জটিল, কুটিল ও ঘোলাটে করার জন্য সর্বোচ্চ কৌশল অবলম্বন করছে। সরকারের কর্মকাণ্ডে ধারাবাহিকতা নেই এবং সরকারকে বিশ্বাস করা যায় এমন কোনো ঘটনা আজ অবধি ঘটেনি। ফলে রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায় থেকে শুরু করে ক্ষমতার বলয়গুলো থেকে যা কিছু বলা হচ্ছে, যা কিছু করার চেষ্টা হচ্ছে অথবা যা কিছু আশ্বাস দেওয়া হচ্ছে তা জনগণ বিশ্বাস করছে না। বরং অজানা আশঙ্কা ও আতঙ্কে জনজীবনের স্বাভাবিক কাজকর্ম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

আমাদের সাম্প্রতিক অতীতের সবচেয়ে বড় রাজনৈতিক বিপর্যয় এবং সরকারি ব্যর্থতার জ্বলন্ত ঐতিহাসিক দলিলের নাম এক-এগারো। দুর্নীতি-অনিয়ম, দোনাফেকি, দাম্ভিকতা, জুলুম-অত্যাচার ও পাপাচারের ঘোলোকলা পেকে-পচে দুর্গন্ধময় হওয়ার পর এক-এগারো অনিবার্য হয়ে পড়েছিল। এক-এগারোর প্রেক্ষাপটের চেয়েও ভয়ানক প্রেক্ষাপট তৈরি হয়েছিল ২০২৪ সালের জুলাই-আগস্ট পূর্ববর্তী সময়ে। ফলে আপনি যদি রাজনীতির সাধারণ গণিত বোঝেন, তবে নিশ্চিন্তে দুটো সমীকরণ দাঁড় করাতে পারেন। প্রথমত এক-এগারোর যে পরিণতি তার চেয়ে জুলাই-আগস্ট বিপ্লব বা গণ অভ্যুত্থানের পরিণতি ভয়ানক হবে। দ্বিতীয়ত এক-এগারোর সরকার যে ভুল করেছিল, তা যদি বর্তমান সরকার করে, তবে অতীত বিপর্যয়ের চেয়েও ভয়ানক বিপর্যয় পুরো দেশকে গ্রাস করে ফেলবে।

উল্লিখিত সমীকরণের আলোকে আপনি যদি চলমান সমস্যা এবং সরকারের কার্যক্রম পর্যালোচনা করেন তবে দেখবেন যে এক-এগারোর মইন উদ্দিন-ফখরুদ্দীন সরকারের সদস্যদের যোগ্যতা, অভিজ্ঞতা, সততা বর্তমান জমানার চেয়ে অনেক ভালো ছিল। দ্বিতীয়ত সেই সময়ের সরকার বর্তমানকালের মতো সরকারি কাজকর্মের মধ্যে সংস্কারনামীয় বেহুদা কাজকর্মের সংমিশ্রণ ঘটায়নি। তখনো কিংস পার্টি গঠনের চেষ্টা হয়েছিল, কিন্তু সেদিন এরপর ৩৮ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# রাষ্ট্রতো মিষ্টির দোকান নয়

রাষ্ট্রের নাম পরিবর্তন মানে কেবল শব্দ বদল নয়; এটি ইতিহাস মুছে দেওয়ার চেষ্টা। যারা রাষ্ট্রের নাম বদলাতে চায়, তাদের প্রশ্ন করতে হবে-তারা কি ইতিহাসে নিজের নাম চিহ্নিত করতে চাইছে, নাকি পূর্বতন রক্তক্ষয়ী ইতিহাস মুছে দিয়ে এক প্রকার ঐতিহ্যহীন নতুন মালিকানা কায়েম করতে চাইছে? রাষ্ট্রের নাম বদল কেবল একটি প্রতীকী পরিবর্তন নয়, এটি জাতির ইতিহাস ও চেতনার উপর সরাসরি আঘাত। যদি এটা একতরফা হয়, তবে তা নাগরিকদের প্রতি রাষ্ট্রের বিশ্বাসঘাতকতা। রাষ্ট্র কোনো মিষ্টির দোকান নয়, যার নাম পাল্টে দেওয়া যায় দোকানদারের ইচ্ছায়। রাষ্ট্রের নাম হলো-একটি জাতির যৌথনৈতিক ঐতিহ্য,-তাকে রক্ষা করা নাগরিক-সমাজ ও রাষ্ট্রে-উভয়ের দায়িত্ব

শহীদুল্লাহ ফরায়জী



রাষ্ট্র তো আর মিষ্টির দোকান নয়-যেখানে একটা 'আদি মরণ চাঁদ', পাশেই 'নিউ মরণ চাঁদ" নামকরণ করা যাবে। মুদি দোকান বা মিষ্টির দোকানের মতো নামকরণ রাষ্ট্রের বেলায় প্রযোজ্য হবে না। 'আদি বাংলাদেশ' কিংবা 'নতুন বাংলাদেশ' নামে রাষ্ট্রকে চিহ্নিত করা যাবে না। রাষ্ট্র অখণ্ড-অবিভাজ্য।

রাষ্ট্রের নাম থাকবে একটাই-যে নামে গাঁথা আছে তার জনগণের আত্মপরিচয়, ইতিহাস, সংগ্রাম ও চেতনা।

জনগণের অনুভূতি ও ঐতিহাসিক সত্যের প্রতি সম্মান জানিয়ে সরকার ৮ আগস্টকে 'নতুন বাংলাদেশ দিবস' উদযাপন থেকে সরে এসেছে-এ সিদ্ধান্তকে স্বাগত জানাই। এছাড়া ৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' এবং ১৬ জুলাইকে 'জুলাই শহীদ দিবস' ঘোষণা করা হয়েছে। রোববার (২৯ জুন) উপদেষ্টা পরিষদের বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়।

রাষ্ট্র হলো মানুষের ঐতিহাসিক-সংগ্রামের, আত্মদানের নৈতিক ও সামষ্টিক চেতনার নাম। রাষ্ট্রের নাম, পরিচয় ও কাঠামো কোনো ব্যক্তির ব্যক্তিগত ফ্যান্টাসি বা হঠাৎ পাওয়া ক্ষমতার মোহে গঠিত হয় না-তা গড়ে ওঠে লক্ষ মানুষের রক্ত, ভাষা, সংস্কৃতি ও গণতান্ত্রিক সম্মতির ভিতের উপর।

বর্তমান রাজনৈতিক বাস্তবতায় কিছু গোষ্ঠী বা কোনো একটি পক্ষ রাষ্ট্রের নাম পরিবর্তনের প্রচেষ্টায় নিয়োজিত। সুতরাং ভবিষ্যৎ বাংলাদেশ বিনির্মাণে এ বিষয়টা পর্যালোচনা জরুরি।

'বাংলাদেশ' নামটি কেবল একটি ভূখণ্ডের পরিচয় নয়, এটি আত্মদান ও সংগ্রামের স্মারক। এখানে একাত্তরের মুক্তিযুদ্ধ আছে, ভাষা আন্দোলন আছে, আছে আত্মবোধের জাগরণ। এই নাম পরিবর্তনের যেকোনো উদ্যোগ-সেই ইতিহাসের প্রতি অবমাননা, শহিদদের স্মৃতির প্রতি অসম্মান।



আজ যখন রাষ্ট্রের নাম পরিবর্তনের গুঞ্জন শোনা যায়, তখন প্রশ্ন জাগে-এই রাষ্ট্র কি ব্যক্তিমালিকানাধীন কোনো কোম্পানি? যার রেজিস্ট্রেশন নম্বর পাল্টে ফেলা যায় মনগড়াভাবে! এই প্রশ্ন শুধু আবেগের নয়, গভীর-নৈতিক ও রাজনৈতিক তাৎপর্যপূর্ণ। রাষ্ট্রকে যদি আমরা রাজনৈতিক সম্প্রদায় বা জনগণের সম্মিলিত নৈতিক কাঠামো হিসেবে ধরি, তবে সেই কাঠামোর নাম ও পরিচিতি পরিবর্তন করতে হলে চাই- জনগণের সম্মতি, সাংবিধানিক বিতর্ক এবং ইতিহাসের সঙ্গে সদর্থক বোঝাপড়া।

রাষ্ট্র গঠনের প্রক্রিয়া হলো জনগণের একটি চুক্তিভিত্তিক এবং নৈতিক সংহতির ফল। এই চুক্তি ভাঙা যায় না হঠাৎ ইচ্ছায়, আর সংহতি ধ্বংস করা যায় না কারও একক চেতনায়। রাষ্ট্র মানে জনগণের ইতিহাস, জাতিসত্তার বিকাশ, ভাষার অধিকার এবং গণতন্ত্রের স্বপ্ন। এই স্বপ্নকে বিকৃত করার অধিকার কারও নেই।

এ কারণেই বলতে হয়-রাষ্ট্র তো মিষ্টির দোকান নয়।

একটি রাষ্ট্রের নাম শুধুই শব্দ নয়; এটি একটি জাতির নৈতিক অবস্থান, ঐতিহাসিক স্মৃতি এবং ভবিষ্যতের দায়বদ্ধতার প্রতীক। 'বাংলাদেশ' নামটি এসেছে মুক্তিযুদ্ধের রক্তস্নাত ভূমি থেকে-এ নামের মধ্যে লুকিয়ে আছে গণতন্ত্রের আকাঙ্ক্ষা, সাম্য, মানবিক মর্যাদা এবং সামাজিক সুবিচারের অভিপ্রায়।

রাষ্ট্র গঠনে 'নতুন বাংলাদেশ' 'স্মার্ট বাংলাদেশ', 'ডিজিটাল বাংলাদেশ' 'সমাজতান্ত্রিক বাংলাদেশ' 'সোনার বাংলাদেশ' নির্মাণের রাজনৈতিক অভিপ্রায় থাকবে, কিন্তু তা রাষ্ট্রের নামে অনুপ্রবেশ করবে না। জনগণ রাষ্ট্রের ক্রেতা নয়, মালিক।

রাষ্ট্র কোনো ব্র্যান্ড নয়, রাষ্ট্র হচ্ছে জনগণের আস্থার প্রতিষ্ঠান-যেখানে নাম পাল্টে নয়, মানসিকতা পাল্টে উন্নতি বা পরিবর্তন আনতে হয়। যদি কিছু বদলাতে হয়-তা হবে ন্যায়বিচারের কাঠামো, অগণতান্ত্রিক সংস্কৃতি, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহার।

রাষ্ট্রের নাম একটি শপথ-যা শহীদদের রক্তে লেখা, জনগণের কণ্ঠে উচ্চারিত এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য রেখে যাওয়া যায় একটি উত্তরাধিকার হিসেবে। সেই শপথে যেনো আমরা অটল থাকি।

রাষ্ট্রের নাম পরিবর্তন মানে কেবল শব্দ বদল নয়; এটি ইতিহাস মুছে দেওয়ার চেষ্টা। যারা রাষ্ট্রের নাম বদলাতে চায়, তাদের প্রশ্ন করতে হবে-তারা কি ইতিহাসে নিজের নাম চিহ্নিত করতে চাইছে, নাকি পূর্বতন রক্তক্ষয়ী ইতিহাস মুছে দিয়ে এক প্রকার ঐতিহ্যহীন নতুন মালিকানা কায়েম করতে চাইছে?

রাষ্ট্রের নাম বদল কেবল একটি প্রতীকী পরিবর্তন নয়, এটি জাতির ইতিহাস ও চেতনার উপর সরাসরি আঘাত। যদি এটা একতরফা হয়, তবে তা নাগরিকদের প্রতি রাষ্ট্রের বিশ্বাসঘাতকতা। রাষ্ট্র কোনো মিষ্টির দোকান নয়, যার নাম পাল্টে দেওয়া যায় দোকানদারের ইচ্ছায়। রাষ্ট্রের নাম হলো-একটি জাতির যৌথনৈতিক ঐতিহ্য,-তাকে রক্ষা করা নাগরিক-সমাজ ও রাষ্ট্রে-উভয়ের দায়িত্ব।

লেখক: গীতিকবি ও রাজনৈতিক বিশ্লেষক।

# আওয়ামী সমর্থকরা কাকে ভোট দেবে

সোহরাব হাসান

লন্ডনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের একান্ত বৈঠকের পর প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন জানিয়েছিলেন, সরকারের কাছ থেকে নির্দেশনা পাওয়ার পর তারা নির্বাচনের তারিখ ঠিক করবেন। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় তিনি প্রধান উপদেষ্টার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। প্রধান উপদেষ্টার কার্যালয়ের একটি সূত্রের বরাত দিয়ে পত্রিকায় বলা হয়েছে, দুজনের মধ্যে 'ওয়ান টু ওয়ান (একান্ত)' বৈঠক হয়েছে। এর ফলে সেখানে কী আলোচনা হয়েছে, সে সম্পর্কে কিছু জানা যায়নি।

ধারণা করা যায়, নির্বাচন কমিশন সরকারের কাছ থেকে নির্দেশনা পেয়ে গেছে। এর আগে প্রধান উপদেষ্টা জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এপ্রিলের প্রথমার্ধে নির্বাচনের ঘোষণা দিলে বিএনপিসহ বেশির ভাগ দল তার বিরোধিতা করেছিল।

এদিকে আগামী জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী সেপ্টেম্বরের মধ্যে নির্বাচনের জন্য প্রয়োজনীয় সব নির্বাচনী উপকরণ কেনা সম্পন্ন করতে চায় তারা।

ইসি সচিব আখতার আহমেদ জানান, জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ২১ ধরনের ফরম, ১৭ ধরনের প্যাকেট, পাঁচ ধরনের পরিচয়পত্র, আচরণবিধি, প্রতীকের পোস্টার, নির্বাচন পরিচালনা ম্যানুয়াল, প্রশিক্ষণ ম্যানুয়েল, নির্দেশিকা ইত্যাদি ছাপানোর কার্যক্রম দ্রুত শুরু করা প্রয়োজন।

আগামী ফেব্রুয়ারির মধ্যে জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ইসি ডিসেম্বরে তফসিল ঘোষণা করার প্রস্তুতি নিচ্ছে। অন্তর্বর্তী সরকার চাইছে, রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের ভিত্তিতে নির্বাচন হোক। এই লক্ষ্যে প্রধান উপদেষ্টাকে প্রধান করে একটি জাতীয় ঐকমত্য কমিশনও গঠন করা হয়েছে।

কিন্তু তারা দফায় দফায় বৈঠক করেও মৌলিক বিষয়ে একমত হতে পারছে না। সংবিধানের মৌলিক নীতি, জাতীয় সাংবিধানিক কমিটি, রাষ্ট্রপতি ও উচ্চকক্ষের নির্বাচন পদ্ধতি নিয়ে একমত হতে পারছে না। বিএনপি সংবিধান সংস্কার কমিশনের প্রস্তাব অনুযায়ী এক ব্যক্তির সর্বোচ্চ ১০ বছর প্রধানমন্ত্রী পদে থাকা মেনে নিয়েছে শর্ত সাপেক্ষে। তারা বলেছে, জাতীয় সাংবিধানিক কমিটি থাকতে পারবে না। রাষ্ট্রের মৌলিক নীতি বদলের বিপক্ষে বাম দলগুলো।

ইসলামী দলগুলো বহুত্ববাদের বিপক্ষে। বিএনপি চায় পঞ্চদশ সংশোধনীর আগের অবস্থায় যেতে। তবে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর মধ্যে ক্ষমতার ভারসাম্য, সংবিধানের ৭০ অনুচ্ছেদ পরিবর্তনসহ কিছু কিছু বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়েছে।

অধিকাংশ রাজনৈতিক দলের মতের মিল না থাকায় জাতীয় সাংবিধানিক কাউন্সিলের (এনসিসি) পরিবর্তে 'সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের নিয়োগ কমিটি' করার প্রস্তাব করা হয়েছে। কমিটি শুধু সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানগুলোর নিয়োগ কার্যক্রম পরিচালনা করবে। অ্যাটর্নি জেনারেল ও তিন বাহিনীর প্রধানের নিয়োগ এই কমিটির অন্তর্ভুক্ত হবে না। বিএনপি এটাও মানতে চাইছে না। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ এক সভায় অভিযোগ করেছেন, জাতীয় ঐকমত্য কমিশন নির্বাহী বিভাগকে দুর্বল করতে চায়।



সাংবিধানিক সংস্কারের বিষয়ে বিতর্ক সত্ত্বেও সব দলই তলেতলে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে এবং সেটি জাতীয় সংসদেরই। এখন সংবিধান সভা, নতুন সংবিধান প্রণয়ন, গণভোটের কথা জোরালোভাবে শোনা যায় না। আবার কে কতটি আসন পাবে, তার আগাম ঘোষণাও দিচ্ছে। এনসিপির এক নেতা বলেছেন, ৪০০ আসনের মধ্যে ৩০০ আসন তাঁরা পাবেন। জবাবে বিএনপির কোনো কোনো নেতা বলছেন, এনসিপির জামানতই থাকবে না।

তিনি বলেন, এই সিদ্ধান্তের অর্থ হল যারা ভয়াবহ বিপদ থেকে পালিয়ে আসছে তাদের জন্য সুরক্ষা থাকবে এবং রাষ্ট্রপতি কেবল আশ্রয়প্রার্থীদের আক্রমণে জড়িত বলে দাবি করে কংগ্রেস কর্তৃক গৃহীত আইনগুলিকে উপেক্ষা করতে পারবেন না।

হোয়াইট হাউস গত বুধবার বলেছে যে বর্ডার প্যাট্রোল জুনে ৬,০৭০ জনকে গ্রেপ্তার করেছে। যা ১৯৬৬ সালের পর থেকে সর্বনিম্ন বার্ষিক ট্রিপের গতি নির্ধারণের জন্য মে থেকে ৩০% হ্রাস পেয়েছে। ২৮শে জুন, বর্ডার প্যাট্রোল মাত্র ১৩৭ জনকে গ্রেপ্তার করে, যা ২০২৩ সালের শেষের দিকের তুলনায় একেবারে বিপরীত, যখন ব্যস্ততম দিনগুলিতে গ্রেপ্তার ১০,০০০ ছাড়িয়ে যায়।

২০২৩ সালের ডিসেম্বরে যখন মেক্সিকান কর্মকর্তারা তাদের নিজস্ব সীমানার মধ্যে প্রয়োগ বাড়িয়েছিলেন এবং আবার যখন ২০২৪ সালের জুনে তৎকালীন প্রেসিডেন্ট জো বাইডেন কঠোর আশ্রয় নিষেধাজ্ঞা জারি করেছিলেন তখন গ্রেপ্তার তীব্রভাবে হ্রাস পেয়েছিল। গত জানুয়ারিতে ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হওয়ার পর জাতীয় জরুরি অবস্থা ঘোষণার অধীনে সীমান্তে হাজার হাজার সেনা মোতায়েন করে।

ট্রাম্প ও তার মিত্ররা বলছেন, আশ্রয় ব্যবস্থার অপব্যবহার করা হয়েছে। তারা যুক্তি দেয় যে, এটি এমন লোকদের আকর্ষণ করে যারা জানে যে, দেশে আটকে থাকা অভিবাসন আদালতে তাদের দাবির বিচার করতে কয়েক বছর সময় লাগবে: ওই সময় তারা আমেরিকাতে কাজ করতে এবং থাকতে পারে।

# ডলারের মূল্য পতনের পেছনে কারণ কী?

৩ পৃষ্ঠার পর

সম্ভাবনা এবং সরকারি ব্যয়ের লাগামহীনতা- সব মিলে ডলারের ওপর ব্যাপক চাপ তৈরি হয়েছে। যুক্তরাষ্ট্রের বৈশ্বিক নেতৃত্বে আস্থার সংকটও বিনিয়োগকারীদের মধ্যে উদ্বেগ বাড়িয়ে দিয়েছে।

ডলারের মান কমে যাওয়ায় মার্কিন নাগরিকদের বিদেশ সফরের খরচ বেড়ে গেছে। অপরদিকে, যুক্তরাষ্ট্রে বিদেশি বিনিয়োগও কমে যাচ্ছে, এমন এক সময়ে যখন দেশটি আরও বেশি ঋণ নিতে চাইছে।

তবে দুর্বল ডলার মার্কিন রপ্তানিকারকদের জন্য কিছু সুবিধাও এনেছে। কারণ ডলার সস্তা হলে মার্কিন পণ্যের আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা বৃদ্ধি পায়। তবে আমদানির খরচ বেড়ে যাওয়ায় সামগ্রিক অর্থনীতিতে চাপ রয়ে গেছে।

বর্তমানে ট্রাম্প প্রশাসন কিছুটা নীতিগত নমনীয়তা দেখালেও ডলারের মান ধারাবাহিকভাবে কমে যাচ্ছে। অথচ শেয়ারবাজার এবং বন্ডের বাজারে ইতিবাচক গতি দেখা যাচ্ছে। স্ট্যান্ডার্ড চার্টার্ডের বৈদেশিক মুদ্রা গবেষক স্টিভ ইংল্যান্ডার বলেন, 'ডলার শক্তিশালী কি না, সেটাই মুখ্য নয়। আসল প্রশ্ন হলো, বিশ্ব ডলারের ভূমিকাকে কীভাবে দেখছে।'

ট্রাম্পের পুনর্নির্বাচনের পর বিনিয়োগকারীরা ধারণা করেছিল, তার প্রশাসন ব্যবসাবান্ধব হবে এবং যুক্তরাষ্ট্রে বিনিয়োগের ক্ষেত্রে বিশেষ সুবিধা দেবে। সে কারণে ডলারের চাহিদা বাড়ার আশা তৈরি হয়েছিল, কিন্তু বাস্তবে ঘটেছে উল্টোটা।

২০২৫ সালের জানুয়ারিতে ট্রাম্পের শপথ গ্রহণের সময় ডলার সূচক সর্বোচ্চ চূড়ায় পৌঁছালেও এরপর থেকেই ডলারের মূল্য পড়তে শুরু করে। ব্যবসাবান্ধব আশার জায়গা থেকে বিনিয়োগকারীদের মধ্যে দেখা দেয় মুদ্রাস্ফীতি ও উচ্চ সুদের আতঙ্ক। একাধিক দেশের ওপর উচ্চহারে শুল্ক আরোপের সিদ্ধান্ত যা ছিল অপ্রত্যাশিত। এতে শেয়ারবাজার, বন্ড ও ডলারের বাজারে ব্যাপক অস্থিরতা দেখা দেয়।

# প্রবাহ সাহিত্য সভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

ত্রিপ্যানেল সাংবাদিক রওশন হক প্রাথমিক বক্তব্যের পর স্বরচিত কবিতা 'গুম গানের গনতন্ত্র' এবং শহীদ আবু সাঈদ, ওয়াসিম, মুগ্ধকে নিবেদিত 'দুয়ারে জুলাই' পাঠ করেন। কবি, প্রবন্ধকার, লেখক, কলামিস্ট এস এম মোজাম্মেল হক তাঁর স্বরচিত কবিতা 'প্রতিক্রিয়াশীল' ও 'মিসের জায়গা' পাঠ করেন।

বিশিষ্ট বাচিক শিল্পী, কবি ও টিভি উপস্থাপক জি এম ফারুক খান আবৃত্তি করেন কবি কাজী নজরুল ইসলামের 'মানুষ' এবং এ সময়ের বিশিষ্ট কবি কাজী জহিরুল ইসলামের 'কবিতা আমাকে লেখে'। কবি আব্দুল বাশার তাঁর স্বরচিত দুটো কবিতা পাঠ করেন। কবি মিয়া এম আহমেদ তাঁর কবিতা 'বর্ষার রূপ' ও 'আষাঢ়ি দিন' পাঠ করেন। বীর মুক্তিযোদ্ধা কবি, ঔপন্যাসিক, গল্পকার রেজাউল করিম রিপন তাঁর গদ্য কবিতা 'নীরব নিঃশব্দে কান্না' পাঠ করেন। সোহেল হামিদ পাঠ করেন স্বরচিত ছড়া 'অহংকারী'। অনুষ্ঠানে এ প্রজন্মের যুবক সাহিত্য প্রেমিক আশেক আলী জাতীয় সংগীতের কিছু অংশ গেয়ে শোনান। জাহেদ জোয়া পলক সভায় নিয়ে আসেন তাঁর প্রকাশিত কবিতার বই 'আমার প্রেম তুমি' এবং তা প্রবাহকে উপহার দেন। সবশেষে বিশিষ্ট সমাজসেবক কে এম ফজলুল হক তাঁকে নিবেদিত একটি কবিতা পড়ে শোনান।

অনুষ্ঠানে জুলাই মাসে প্রবাহ'র প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ২৬ জুলাই বিশেষ অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার আহবান জানানো হয় ও প্রকাশনার জন্য ই-মেইলে mahamid777@yahoo.com এ ১০ জুলাইয়ের মধ্যে লেখা পাঠানোর অনুরোধ করা হয়।

# বগুড়া সোসাইটি সভাপতি সাইফুল রুবেল সাধারণ

৩ পৃষ্ঠার পর

সভার কার্যক্রম পরিচালিত হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন বীর মুক্তিযোদ্ধা ড. শাহজাহান বীর। এরপর শুভেচ্ছা বক্তব্যে প্রবাসে বগুড়ার ঐতিহ্য ও সংস্কৃতিকে ধারণ করার গুরুত্ব তুলে ধরেন বগুড়া সদরের সাবেক সংসদ সদস্য ও সংগঠনের ট্রাস্টি বোর্ডের সদস্য সাইফুর রহমান ভান্ডারী রাজু।

এছাড়াও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান গোলাম মোস্তফা বাবু পাইকার, ও ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ রাইহুল হক, আলী সৈয়দ টিপু, শাহ আফজাল হোসেন, আব্দুল মান্নান, আজিজুল হক মুন্না, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সভাপতি ও ট্রাস্টি বোর্ডের সদস্য রায়হান তালুকদার, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সাবেক সভাপতি, বাংলাদেশ সোসাইটি ও বগুড়া সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আতোয়ারুল আলম এবং উপদেষ্টা মণ্ডলীর সদস্য তরিকুল হাসান মহব্বত, সাইফুল ইসলাম মান্না, মোহাম্মদ আলী, মর্তুজা আলী বুলবুল, মোস্তফা আলমগীর বক্তব্য দেন।

নির্বাচন পরিচালনায় প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন ড. জাকিরুল ইসলাম। নির্বাচন কমিশনার হিসেবে তাঁকে সহযোগিতা করেন মো. সাইফুল ইসলাম (কুসুম) ও কাজী আজাদ রহমান সেলিম।

নবনির্বাচিত সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মো. সাইফুল ইসলাম। সিনিয়র সহ-সভাপতি পদে নির্বাচিত হয়েছেন ড. জাকিরুল ইসলাম। সহ-সভাপতি মণ্ডলী হিসেবে নির্বাচিত হয়েছেন জহুরুল ইসলাম তালুকদার লিটন, তালুকদার শামিম সবুজ, জাহাঙ্গীর আলম লিপন, আব্দুল্লা আল সাদী, বজলুর রহমান আকন্দ, আব্দুস সোবহান, রফিকুল ইসলাম সানা, মাহবুবুল হক।

সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন খালেদুল ইসলাম রুবেল। সহ-সাধারণ সম্পাদক গোলাম রব্বানী রাজু, সাংগঠনিক সম্পাদক রাশেদ আল হেলাল রতন, সহ-সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা সাজ্জাদ, সহ-সাংগঠনিক সম্পাদক কামরুল হাসান। কোষাধ্যক্ষের দায়িত্ব পেয়েছেন জুয়েল আহমেদ।

এছাড়াও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক হিসেবে মেরিনা রহমান অবন্তি, ক্রীড়া সম্পাদক ইসমাইল হোসেন ইমন, সহ-ক্রীড়া সম্পাদক আল আমিন সোহাগ, সাংস্কৃতিক সম্পাদক রায়হান তাজ, সহ-সাংস্কৃতিক সম্পাদক আব্দুর রাকিব খান আরিফ, প্রচার সম্পাদক মো. নাকিউদ্দিন নাদিম, দপ্তর সম্পাদক শাফিমুর রহমান, সমাজ কল্যাণ সম্পাদক মুহাম্মদ মোরশেদ হায়দার বিপ্লব, মহিলা সম্পাদিকা জীবন নাহার মালা, ধর্ম বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম রফিক, সহ-ধর্ম বিষয়ক সম্পাদক এসএম আরমান হোসেন, আপ্যায়ন সম্পাদক কামরুজ্জামান লাবু সহ-আপ্যায়ন সদস্য এনামুল হক, সাহিত্য সম্পাদক এ এস এম শাহতেফজ শাহী, তথ্য ও গবেষণা সম্পাদক রঘুনাথ বসাক, যোগাযোগ সম্পাদক মো. হেলাল উদ্দিন নির্বাচিত হয়েছেন।

নবনির্বাচিত কমিটির নেতৃত্বে বগুড়া সোসাইটি ইউএসএ ইনক প্রবাসে বগুড়ার কৃষ্টি, সংস্কৃতি ও ঐতিহ্যকে আরও বিকশিত করবে বলে আশা করা হচ্ছে।



# এবার সম্ভাবনা বিশ্বকাপে খেলার

৫২ পৃষ্ঠার পর

বাংলাদেশ সুযোগ করে নিতে পারে অলিম্পিকের ফুটবলের বাছাইপর্ব খেলারও।

এক্ষেত্রে ২০২৬ সালের এশিয়ান কাপের কোয়ার্টার ফাইনালে ওঠা ৮টি দল সুযোগ পাবে ২০২৮ অলিম্পিক ফুটবলের বাছাইপর্ব খেলার। বাছাইপর্ব নিশ্চিত হওয়া এই ৮টি দল আবার ভাগ হবে দুই গ্রুপে। সেখান থেকে দুই চ্যাম্পিয়ন সুযোগ পাবে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে অনুষ্ঠিত হতে যাওয়া ২০২৮ অলিম্পিকে।

তবে সবকিছু নির্ভর করছে এশিয়ান কাপের মূলপর্বে বাংলাদেশের পারফরম্যান্সের উপর। সেখানে যদি অবিশ্বাস্য কিছু করতে পারে রুপনা-আফঈদারা তাহলে স্বপ্ন সত্যি হতে পারে। পিটার বাটলারের দলের বর্তমান পারফরম্যান্স বাংলাদেশি সমর্থকদের কিছুটা আশা দেখাচ্ছে।

# 'বাংলাদেশের মেসি ঋতুপর্ণা'

৫২ পৃষ্ঠার পর

দল যাবে বিশ্বকাপে। আমরা এই সুযোগটা কাজে লাগাতে চাই। পরিকল্পনা নিয়ে আমরা দ্রুত কাজ শুরু করব।"

এশিয়ান কাপে খেলবে এশিয়ার সেরা দলগুলো- জাপান, দক্ষিণ কোরিয়া, চীন ও অস্ট্রেলিয়ার মতো শক্তিশালী প্রতিপক্ষ। সে অনুযায়ী নিজেদের আরও শক্তিশালী করে গড়ে তুলতে চায় বাংলাদেশ।

এই সফলতার পেছনে অন্যতম অবদান রাখার জন্য কোচ পিটার জেমস বাটলারকে ধন্যবাদ জানিয়েছেন কিরণ। তিনি বলেন, "বাটলার জানে কীভাবে ডাগআউট থেকে দলকে নেতৃত্ব দিতে হয়। তার সঙ্গে আলোচনা করে আমরা ভবিষ্যতের প্রস্তুতির রূপরেখা তৈরি করছি। আমাদের স্বপ্ন বিশ্বকাপে খেলা, সেটার জন্যই আমরা কাজ করব।"

শক্তিশালী মিয়ানমারের বিপক্ষে জোড়া গোল করে দলের জয় নিশ্চিত করা ঋতুপর্ণা চাকমার প্রশংসাও করেছেন কিরণ। তার কথায়, "ঋতুপর্ণা আমাদের মেসি। ও যেভাবে বল নিয়ে এগিয়ে যায়, সেটা মেসি ছাড়া আর কারও মতো নয়।"

# বাধাগ্রস্ত মলত্যাগ

২২ পৃষ্ঠার পর

এর একটি হচ্ছে অ্যানিসমাস যেখানে রেকটাম বা মলাশয় মলত্যাগের সময় টাইট হয়ে যায়, ফলে মল আসার পথটি বন্ধ হয়ে মলত্যাগে বাধাগ্রস্ত হয়। অপর কারণটি হচ্ছে পেলভিক ফ্লোর ডিসঅর্ডার যেখানে রোগী মলত্যাগের জন্য যথাযথভাবে চাপ প্রয়োগ করতে পারে না। অপর আরেকটি কারণ হচ্ছে রেক্টোসিল বা রেকটাম এর থলে যা জরায়ুর পাশে ঢুকে যায়, ফলে মলত্যাগ করা যায় না। এসব কারণে রোগীর মলত্যাগ একরকম বিভীষিকা হয়ে দাঁড়ায়।

চিকিৎসা: বর্তমানে এর চমৎকার চিকিৎসা করা সম্ভব। এর মধ্যে একটি হচ্ছে স্ট্যাপলড ট্রান্সঅ্যানাল রেকটাল রিসেকশন। এই প্রক্রিয়ায় মেশিনের সহায়তায় টাইট হয়ে যাওয়া রেকটামটি কেটে সঙ্গে সঙ্গে জোড়া দিয়ে দেয়া হয় এবং এই প্রক্রিয়াটি সম্পন্ন করা হয় পায়ুপথ দিয়ে, ফলে পেটের দিকে অপারেশনের প্রয়োজন পড়ে না। রোগী দ্রুত সুস্থ হয়ে ওঠেন। এটি একটি জটিল অপারেশন হলেও, উপযুক্ত হাতে এর ফলাফল চমৎকার। তাই প্রতিকার নয় প্রতিরোধই উত্তম।

চেম্বার: ড. এরশাদ কলোরেক্টাল সেন্টার, ৪৪/৭, পান্থপথ, সিটি টাওয়ার, লিফট-৫।

# উইন রোজারিওকে হত্যাকারী পুলিশের বিচার চেয়ে স্মারকলিপি

৬২ পৃষ্ঠার পর

সুষ্ঠু এবং নিরপেক্ষ তদন্তে রোজারিও পরিবারের পক্ষ থেকে নিউইয়র্ক মেয়র এরিক অ্যাডামস, পুলিশ কমিশনার টিশ, নিউইয়র্ক সিটির অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস, পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়ামস, নিউইয়র্ক সিটি স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস, সিভিলিয়ান অভিযোগ পর্যালোচনা বোর্ডকে দেওয়া হয়েছে।

এখানে স্মারকলিপিটি তুলে দেওয়া হলো: মেয়র এরিক অ্যাডামস, সিটি হল, নিউইয়র্ক, এনওয়াই ১০০০৭। এনওয়াইপিডি কমিশনার টিশ, ১ পুলিশ প্লাজা, নিউইয়র্ক, এনওয়াই ১০০৩৮। বিষয়: বাংলাদেশি কিশোর উইন রোজারিওকে হত্যাকারী এবং আমাদের পরিবারের সঙ্গে দুর্ব্যবহারকারী নিউইয়র্ক পুলিশ বিভাগের তদন্ত ও শৃঙ্খলা।

প্রিয় মেয়র অ্যাডামস এবং কমিশনার টিশ,

আমরা উইন রোজারিওর বাবা-মা এবং ছোট ভাই, যাকে ২০২৪ সালের ২৭ মার্চ নিউইয়র্ক পুলিশ অফিসার সালভাতোর অ্যালসি এবং ম্যাথিউ সিয়ানফ্রোকো আমাদের বাড়িতে খুন করেছিলেন। মেয়র এবং পুলিশ কমিশনার হিসেবে আমরা আপনার কাছে লিখছি-একমাত্র আপনারাই এই দুই সরকারি কর্মকর্তা-অ্যালসি এবং সিয়ানফ্রোকোকে বরখাস্ত করার ক্ষমতা রাখেন। উইন নিহত হওয়ার পর আমাদের পরিবারের সঙ্গে দুর্ব্যবহারকারী অন্যান্য নিউইয়র্ক পুলিশকে প্রকাশ্যে চিহ্নিত করা এবং শাস্তি দেওয়া এবং নিউইয়র্কের মানসিক স্বাস্থ্যসেবা প্রক্রিয়া প্রোটোকল থেকে পুলিশকে সরিয়ে দেওয়া।

আমরা আপনাকে বাবা-মা হিসেবে লিখছি, আপনার সন্তানকে যদি আপনার সামনে, আপনার বাড়ির নিরাপত্তার জন্য, এনওয়াইপিডি অফিসারদের দ্বারা বেপরোয়া এবং অন্যায়ভাবে হত্যা করা হয়, তাহলে আপনি আমাদের সঙ্গে যে আচরণ করতে চান, সেই আচরণ করার জন্য আপনাকে অনুরোধ করছি। আমরা কল্পনাও করতে পারি না যে, আমাদের যে দুর্ব্যবহার, অপমান এবং অবহেলা সহ্য করতে হয়েছে, তাতে আপনি সম্মত হবেন।

পরের সপ্তাহে উইনের ২১তম জন্মদিন হওয়া উচিত ছিল। তার সঙ্গে উদযাপন করার পরিবর্তে, আমরা তার জন্য শোক পালন করেছি। আমাদের বাড়িতে উইনকে হত্যা করার পর থেকে আপনার প্রশাসনের লোকজন গত ১৫ মাস ধরে মিথ্যাচার করছে এবং আমাদের বাধা দিচ্ছে।

এখানে কিছু তথ্য উল্লেখ করতে চাই- যদি অ্যালসি এবং সিয়ানফ্রোকো আমাদের বাড়িতে না আসতেন, তাহলে উইন আজ বেঁচে থাকতেন। আমাদের বাড়িতে আসার পর তারা প্রথমে যে কাজটি করেছিল তার মধ্যে একটি ছিল উইনকে 'জিজ্ঞো' বলা, যা মানসিক স্বাস্থ্যের সমস্যায় ভুগছেন এমন ব্যক্তির প্রতি তাদের বৈষম্যমূলক মনোভাব প্রকাশ করে। তারা পৌঁছানোর সঙ্গে সঙ্গেই এমন একটি সংকট তৈরি করে, যা উত্তেজনা তৈরি করে। একাধিক সুযোগ থাকা সত্ত্বেও উত্তেজনা কমানোর পরিবর্তে তা আরো বাড়িয়ে তোলে এবং বন্দুক তাক করে, এনওয়াইপিডির নিজস্ব প্রোটোকল অনুসরণ তারা করেনি এবং আমাদের অ্যাপার্টমেন্টে প্রবেশের দুই মিনিটেরও কম সময়ের মধ্যে উইনকে কমপক্ষে পাঁচবার গুলি করে। এটি একটি অলৌকিক ঘটনা যে আমরা (উইনের মা এবং ভাই) অ্যালসি এবং সিয়ানফ্রোকোর তৈরি বিশৃঙ্খল সংকটে নিহত হইনি।

উইন নিহত হওয়ার পর এনওয়াইপিডির অফিসাররা, যাদের নাম আমরা এখনো জানি না, আমাদের (উইনের মা এবং ছোট ভাই) উইনের সঙ্গে হাসপাতালে যেতে দিতে অস্বীকৃতি জানায়, বরং আমাদের জোর করে প্রিসেন্টে যেতে বাধ্য করে। আমাদের আলাদাভাবে জিজ্ঞাসাবাদ করা হয়, কোনো পরামর্শ ছাড়াই এবং পরে জানানো হয় যে, উইন মারা গেছেন। আমরা এমনকি বিদায় জানাতেও পারিনি।

এরপর এনওয়াইপিডির অফিসার আমাদের পরিবারকে দুইদিনেরও বেশি সময় ধরে আমাদের অ্যাপার্টমেন্টে ফিরে যেতে দেয়নি। আমাদের ওষুধ এবং পোশাক পেতে বা এমনকি আমাদের বিড়ালকে খাওয়াতে বাধা দেয়। পাবলিক অ্যাডভোকেট উইলিয়ামসের অফিস হস্তক্ষেপ করার পরই আমাদের ফিরে যেতে দেওয়া হয়েছিল।

১৫ মাসের মধ্যে আমরা মেয়র অ্যাডামস বা এনওয়াইপিডি থেকে উইনের হত্যার তদন্তের বিষয়ে ফোর্স ইনভেস্টিগেশন ডিভিশনের কাছ থেকে কোনো আপডেট পাইনি। উইন নিহত হওয়ার দুই মাস পর মেয়র অ্যাডামস মিথ্যা বলেছিলেন, দাবি করেছিলেন যে, তিনি ব্যক্তিগতভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করেছিলেন। তা কখনো ঘটেনি। নিউইয়র্ক পুলিশ উইনকে হত্যাকারী অফিসারদের নাম প্রকাশ করতে অস্বীকৃতি জানায় এবং অ্যাটর্নি জেনারেলের অফিস আংশিক বডি ক্যামেরা ফুটেজ প্রকাশ না করা পর্যন্ত মেয়র উইনের হত্যার কথা প্রকাশ্যে স্বীকার করারও চেষ্টা করেননি। সেই সময় মেয়র অ্যাডামসের প্রতিক্রিয়া ছিল একটি সংক্ষিপ্ত বিবৃতি প্রকাশ করা, যাতে উইনের নাম ভুল লেখা হয়েছিল এবং উইন বা আমাদের পরিবারের চেয়ে নিজের ওপর বেশি মনোযোগ দেওয়া হয়েছিল। এর পরপরই সংবাদমাধ্যমে মেয়র মিথ্যাভাবে বলেছিলেন যে, এজির তদন্ত শেষ না হওয়া পর্যন্ত শৃঙ্খলা রক্ষার জন্য অপেক্ষা করতে হবে। এটিও একটি মিথ্যা ছিল শৃঙ্খলা বিলম্বিত করার কোনো আইনি বাধ্যবাধকতা নেই।

আমরা আপনাকে লিখছি, কারণ আপনার প্রশাসন এনওয়াইপিডি তদন্ত সম্পর্কে আমাদের কোনো তথ্য দেয়নি এবং আপনার নিষ্ক্রিয়তার কারণে অ্যালসি এবং সিয়ানফ্রোকো এখনো পুলিশ হিসেবে বেতন পাচ্ছে। ২০২৫ সালের বেতন রেকর্ড দেখায়, যে বছর তারা উইনকে হত্যা করেছিল, সেই বছর অ্যালসি এবং সিয়ানফ্রোকো উভয়েই প্রায় ২ লাখ ডলার বেতন নিয়েছিল, আগের বছরের তুলনায় অনেক বেশি এবং যদিও তাদের মূল বেতন বার্ষিক মাত্র ১ লাখ ৫ হাজার ১৪৬ ডলার।

মেয়র অ্যাডামস: ২০২৪ সালে আপনি ৬ মাসের মধ্যে পুলিশ-সম্পর্কিত গুলিবর্ষণের ঘটনা সমাধানের প্রতিশ্রুতি দিয়েছিলেন, ১৫ মাস কেটে গেছে কোনো আপডেট বা সমাধান ছাড়াই।

কমিশনার টিশ: সর্বশেষ নিযুক্ত পুলিশ কমিশনার হিসেবে আমরা জানি যে, উইন নিহত হওয়ার সময় আপনি নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের সঙ্গে ছিলেন না। আপনি বলেছেন, যে অসদাচরণের জন্য অফিসারদের শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া উচিত। অবিলম্বে এই মামলার দিকে মনোযোগ দেওয়া উচিত। উইনের হত্যাকাণ্ড এবং হত্যার পর অসদাচরণ এবং দুর্ব্যবহারের কারণে অবিলম্বে অ্যালসি এবং সিয়ানফ্রোকোকে বরখাস্ত করা প্রয়োজন।

বিনীত, নতুন ইভা বন্ধা, উইন রোজারিওর মা, ফ্রান্সিস রোজারিও, উইন রোজারিওর বাবা, উৎসো রোজারিও, উইন রোজারিওর ভাই।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহ্হুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন মনীষী লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষুনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# প্রতিরাতে ঘুমের আগে ত্বকের পরিচর্যা

ডা. জেসমীন আক্তার লীনা



সুন্দর ত্বকের জন্য প্রধান কাজ হলো পরিষ্কার-পরিচ্ছন্নতা। ত্বকের ময়লা ঠিকমতো পরিষ্কার করা না হলে পিম্পল, ব্রণ হতে পারে। ত্বক হয়ে পড়ে খসখসে, রুক্ষ ও অমসৃণ। তাই রাতে ঘুমানোর আগে মুখটাকে পরিষ্কার করে ঘুমালে সারা রাতের লম্বা সময় ত্বক একেবারে তরতাজা থাকবে। সারা দিনের ক্লান্তি কাটাতে এবং ত্বক ও চুলের সৌন্দর্য বজায় রাখতে 'বেডটাইম বিউটি রেজিমে'র জুড়ি নেই। ছোট ছোট কিছু দিকে খেয়াল, আর সামান্য যত্নেই ত্বক হয়ে উঠবে আরও লাবণ্যময় ও উজ্জ্বল।

প্রাথমিক নিয়ম : ১. বাইরে গেলে তো বটেই, না গেলেও ক্লেনজার দিয়ে মুখ পরিষ্কার করুন। রান্নাঘরের তেলকালিও ত্বকের জন্য ক্ষতিকর।

২. সাবানের পরিবর্তে ব্যবহার করুন ফেসওয়াশ বা প্রাকৃতিক কোনো উপাদান।

৩. সুন্দর দেখাতে সাহায্য করলেও মেকআপ ত্বকের সবচেয়ে বড় শত্রু। তাই যতই ক্লান্ত থাকুন না কেন মেকআপ ভালো করে তুলে তারপর শুতে যান।

৪. আই মেকআপ তোলার আলাদা ক্লেনজার ব্যবহার করতে পারেন।

৫. ত্বকের ধরন অনুযায়ী ক্লেনজার বেছে নিন।

৬. ময়েশ্চারাইজার ব্যবহার করুন।

৭. মুখের সাথে সাথে গলা, হাত, কনুইতেও ময়েশ্চারাইজার লাগাবেন।

৮. চুল ভালো করে আঁচড়ে হালকা করে বেঁধে ঘুমুতে এরপর ৩৬ পৃষ্ঠায়



# জটিল চর্মরোগ সোরিয়াসিস হলে

অধ্যাপক ডা. এসএম বখতিয়ার কামাল

সোরিয়াসিস এমন এক ধরনের চর্মরোগ যা ত্বকে খুব দ্রুত ছড়িয়ে পড়ে। সাধারণত যেকোনো বয়সের নারী ও পুরুষ এ রোগে আক্রান্ত হতে পারে। কেন এ রোগ হয়, তার সঠিক কারণ জানা যায়নি। তবে বংশগত কারণকে বেশি দায়ী করা হয়। সাধারণত ত্বকের কোষ প্রতিনিয়ত মারা যায় এবং নতুন করে তৈরি হয়। সোরিয়াসিস রোগীদের ক্ষেত্রে এই মারা যাওয়া কোষের সংখ্যা ও বিস্তারের মাত্রা অস্বাভাবিক হয়ে ওঠে। ত্বকের সবচেয়ে গভীর স্তর থেকে মৃত কেরাটিনোসাইটস কোষ ওপরের স্তরে আসতে লাগে ১২০ দিন। কিন্তু সোরিয়াসিসের ক্ষেত্রে সময় ৫ থেকে ৭ দিন লাগে। এর ফলে উপরে ২-৩টা লেয়ার পড়তে পড়তে নিচে ১০-১২টা লেয়ার পড়ে যায়। যার কারণে ত্বকে বেশ জটিলতা তৈরি হয়।

সোরিয়াসিস মাথার ত্বকের ওপর হতে পারে, কনুই, হাঁটু ও জয়েন্টগুলোতেও দেখা দেয়, নখের ওপরও হয়ে থাকে। এমনকি অল্প থেকে শুরু হয়ে সারা শরীরেও হয়ে থাকে। এটা অনেক সময় লাল রঙের হতে পারে। সোরিয়াসিস হলে বাকি জীবনটা সঙ্গে নিয়েই কাটাতে হয় এবং নিয়ম করে ওষুধ সেবন ও চলাফেরা নিত্যদিনের রুটিন হয়ে থাকে। কিন্তু ভয়ের কিছু নেই। মনোবল শক্ত করে ফেলা এ ধরনের রোগীদের প্রধান টনিক। সোরিয়াসিস হলে রোগী অনেক হতাশায় থাকে এবং সবার সামনে যেতে খুব অস্বস্তিতে পড়ে। সোরিয়াসিস রোগীরা অনেক সময় পরিবারের মধ্যেও হেয়-প্রতিপন্ন হয়ে থাকেন এবং অনেক সময় পরিবারে অনেকেই এ ধরনের রোগীকে অবজ্ঞাও করে থাকেন যা মোটেও উচিত নয়।

কারণসমূহ : সোরিয়াসিস কেন হয় তার সঠিক কারণ এখনো অজানা। কখনো কিছু কিছু মেডিসিনের জন্য সোরিয়াসিস রোগ হতে পারে। আবার কোনো কোনো মেডিসিনে সোরিয়াসিস রোগ বেড়ে যেতে পারে। ম্যালেরিয়ার ওষুধ সেবন এবং স্টেরয়েড খেলে এটা বেড়ে যেতে পারে। মেডিসিন যেমন- অ্যান্টিহাইপারটেনসিভ ওষুধ বা সোরিয়াসিস আছে এমন মেডিসিন খেলে এ রোগ হতে পারে। ধূমপান, মদ্যপান, উচ্চ রক্তচাপের বিশেষ ওষুধ সেবন, সোরিয়াসিস হলে স্টেরয়েড খাওয়ার কোনো সুযোগ নাই।

করণীয়- এ রোগের কোনো উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসকের কাছে আসা উচিত। এ রোগের চিকিৎসক মূলত ডার্মাটোলজিস্ট। হাতুড়ে চিকিৎসায় এ রোগ ভয়াবহ আকার ধারণ করতে পারে। সোরিয়াসিস হলে রোগীদের কাউন্সেলিংটা খুব জরুরি। সোরিয়াসিস কখনো সারে এরপর ৪২ পৃষ্ঠায়

# মেয়েদের চর্মরোগ একজিমা

ডা. দিদারুল আহসান



বিভিন্ন চর্মরোগের মধ্যে হাতের একজিমা অন্যতম। নারীরা, বিশেষ করে যারা পানির কাজ করেন বেশি, সারা দিন সাবান বা সোডাজাতীয় জিনিসের সংস্পর্শে আসেন, কাপড় চোপড় বা বাসনকোসন পরিষ্কার করেন, তারা সাধারণত এ রোগে আক্রান্ত হন বেশি। শুধু নারীরা নন, যেসব পেশায় অনেকক্ষণ পানির কাজ করতে হয় বা সাবান দিয়ে বারবার হাত ধুতে হয়, সেসব পেশার মানুষ এ রোগে আক্রান্ত হন বেশি। একজিমা হলে শুরুতে আঙুলগুলো লাল ও শুকনা হয়ে ফেটে যায়। হাতের চামড়ায় ফোসকা পড়ে। অনেক সময় ত্বক ফেটে গভীর ক্ষতের সৃষ্টি হয়। আঙুলে আংটি থাকলে এর চারপাশে একজিমা প্রকট হয়ে ওঠে। কারণ, আংটি একই স্থানে থাকে। ফলে পানি ও সাবান আংটির তলায় জমা হয়।

অনেক সময় কিছু সবজি বা খাবার, যেমন আদা, পিয়াজ, টমেটো, গাজর, ডুমুর, কুমড়া, বেগুন, পেঁপে ইত্যাদির অ্যালার্জি থেকেও হাতে একজিমা হতে পারে। খাবারের প্রোটিন জাতীয় অংশ প্রায়ই অ্যালার্জি সৃষ্টি করে। এর মধ্যে রয়েছে আলু, গম, খোলযুক্ত চিংড়ি, কাঁকড়া ইত্যাদি। এ ছাড়া ধাতসহ প্লাস্টিকের পণ্য ও নিকেলজাতীয় ধাতবের সংস্পর্শ, ফাইলোডেনড্রেন, পার্থেনিয়াম ইত্যাদি গাছ বা প্যারাফিনাইল ডাই-অ্যামাইন রং এরপর ২৮ পৃষ্ঠায়

# বাধাগ্রস্ত মলত্যাগ

অধ্যাপক ডা. এস এম এ এরফান




মলত্যাগের সমস্যা একটি অতি সাধারণ সমস্যা। এই সমস্যায় ভোগেননি এমন লোক পাওয়া যাবে না। কিন্তু এই সাধারণ সমস্যাও কখনো কখনো জটিল হয়ে যায়। এই বিশেষ ধরনের মলত্যাগের সমস্যাসমূহের একটি হচ্ছে বাধাগ্রস্ত মলত্যাগ।

এই বাধাগ্রস্ত মলত্যাগ কী? এটি একটি বিশেষ ধরনের কোষ্ঠ কাঠিন্য। এই রোগের রোগী মলত্যাগ করতে টয়লেটে ঢুকে দীর্ঘক্ষণ টয়লেটে অবস্থান করেন কিন্তু কোষ্ঠ পরিষ্কার হয় না। রোগী নানাভাবে চাপ প্রয়োগ করেন। মলদ্বারের পাশে চাপ প্রয়োগ করেন, পা নাড়াচাড়া করেন, এমন কি মলদ্বারের ভেতর আঙুল ঢুকিয়ে মলত্যাগ করেন। তাদের কোষ্ঠ কখনো পরিষ্কার হয় না, কোষ্ঠ পরিষ্কারের অনুভূতি হয় না। সারাক্ষণ অস্বস্তি ও সারা পেটে এক ধরনের জ্বালা অনুভব করেন।

এসব রোগী বিভিন্ন সময়ে বিভিন্ন চিকিৎসকের কাছে যান, বিভিন্ন ধরনের ওষুধ খান কিন্তু কোনো লাভ হয় না। বিভিন্ন ধরনের ল্যাকজেটিভ বা মল নরমের ওষুধ খেয়ে তারা আরও দুর্বল হয়ে পড়েন।

এভাবে অনেকেই মানসিকভাবে বিধ্বস্ত হয়ে পড়েন।

কারণঃ এ সমস্যার কারণ ইংরেজিতে obstructed dacfication syndrome (ODS) বাংলায় 'বাধাগ্রস্ত মলত্যাগ'। মহিলাদের এই রোগ বেশি হয়। সাধারণত কয়েকটি জটিল কারণে এই 'বাধাগ্রস্ত মলত্যাগ' রোগটি হয়, এরপর ২০ পৃষ্ঠায়

# অল্প বয়সে চুল পড়ার কারণ ও চিকিৎসা



ডা. জাহেদ পারভেজ



চুল ত্বকেরই একটি বিশেষ অংশ। মাথার চুল ঝরে দিন দিন টাক পড়ে যাচ্ছে বা চুল পাতলা হয়ে যাচ্ছে- এমন লোকের সংখ্যা অনেক। প্রতিদিন ১০০টির বেশি চুল পড়লে মাথা ফাঁকা হতে শুরু করে। বিশেষজ্ঞরা এর বিভিন্ন কারণের কথা বলে থাকেন।

কারণঃ চুল পড়ার অন্যতম কারণ হচ্ছে মানসিক অশান্তি, দুশ্চিন্তা, বিষণ্নতা, অপুষ্টি, অবৈজ্ঞানিক উপায়ে ডায়েট ইত্যাদি। এ ছাড়া জ্বর, লিভার ও কিডনির অসুখ, কেমোথেরাপি নেয়ার পরের রক্তস্বল্পতা, কিছু ওষুধ, যেমন ইনডোমেথাসিন, জেন্টামাইসিন ইত্যাদির কারণেও চুল অতিমাত্রায় পড়ে যেতে পারে। এ ছাড়া খুশকি, উকুন, শুষ্কতা ও চটচটে মাথার ত্বকও চুলের শত্রু। তরুণ প্রজন্মের খাদ্যাভ্যাস ও ঘুমের অনিয়ম চুল পড়ার কারণ হিসেবে গণ্য হয়। তা ছাড়া বর্তমানে পড়াশোনাসহ বিভিন্ন কারণে অনেকে মানসিক চাপে থাকে। পর্যাপ্ত ঘুম না হলে এবং মানসিক চাপ বেশি থাকলে চুল পড়ার সমস্যা বেড়ে যেতে পারে। সকালে নাশতা না করা, অতিরিক্ত ফাস্টফুড খাওয়ার অভ্যাস, সবজি ও ফলমূল এড়িয়ে চলা ইত্যাদি কারণে অপুষ্টি তৈরি হয় শরীরে। এ জন্যও চুল পড়ে। খাওয়া-দাওয়া ও ঘুমের অনিয়ম ছাড়া আরও অনেক কারণেই চুল পড়ার সমস্যা দেখা দিতে পারে। থাইরয়েডের সমস্যা বা ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়ায়ও চুল পড়ে। চুল পড়ার আরেকটি ধরন হলো 'অ্যালোপেশিয়া এরিয়েটা'। এ ক্ষেত্রে মাথার এক বা একাধিক জায়গায় ১ থেকে ৫ সেন্টিমিটার এলাকার চুল একসঙ্গে খালি হয়ে যেতে থাকে। যেকোনো বয়সের নারী-পুরুষ নির্বিশেষে সবাই এই রোগের শিকার হতে পারেন। এমনকি এটি শিশুদেরও হতে পারে। প্রতি পাঁচজন অ্যালোপেশিয়া রোগীর মধ্যে একজনের পরিবারের অন্য সদস্যের এই সমস্যা আছে। বিভিন্ন কারণে এই রোগ হতে পারে। এ ছাড়া জিনগত কারণে চুল পড়তে পারে। বংশের কারণেও চুল পড়ে যাওয়ার সমস্যা থাকলে উত্তরাধিকার সূত্রে টাক মাথা পেতে পারেন। এ ক্ষেত্রে মাথার পাশের চুলগুলো না পড়লেও মাঝের চুল পড়ে যেতে থাকে। আবার অনেক সময় এ বংশপরম্পরা আপনাকে এরপর ৩৮ পৃষ্ঠায়

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

### হোমিও ভিটামিন সেলিং সেন্টার
### Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরকিান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## ট্রাম্প-মাস্ক সম্পর্কের চরম অবনতি

৬২ পৃষ্ঠার পর

আত্মনির্ভরতা গড়ে তুলবে। অন্যদিকে মাস্ক বলেছেন, এ বিল অর্থনীতির গায়ে নতুন ঋণের দাগ বসাতে চলেছে। মাস্ক শুধু সমালোচনাই করেননি বরং সিনেটরদের হুমকি দিয়ে বলেছেন, এই বিল পাস হলে পর দিনই তিনি গঠন করবেন নতুন রাজনৈতিক দল- 'আমেরিকান পার্টি'। অর্থাৎ দিন শেষে, বন্ধু মাস্কই হয়ে উঠলেন বড় শত্রু।

ট্রাম্পও অবশ্য থেমে থাকেননি। কটাক্ষ করেন মাস্ককে বলেছেন, 'ইতিহাসে সবচেয়ে বেশি ভর্তুকি খাওয়া ব্যবসায়ী ইলন মাস্ক। তার পুরো ব্যবসা দাঁড়িয়ে আছে করদাতাদের পয়সায়। ভর্তুকি বন্ধ হলে ওকে টেসলা ফ্যাক্টরি নয়, লাগেজ গুছিয়ে দক্ষিণ আফ্রিকায় ফিরে যেতে হবে।' বন্ধুত্ব থেকে শত্রুতার এই দ্বন্দ্বে উত্তপ্ত হয়ে উঠেছে মার্কিন রাজনীতি।

এসব বিতর্কের মধ্যেই গত ১ জুলাই, মঙ্গলবার সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প মাস্ককে যুক্তরাষ্ট্র থেকে বিতাড়িত করার ইঙ্গিত দেন। তিনি বলেন, 'মাস্ককে হয়তো তার নিজের দেশে ফিরে যেতে হতে পারে।' এই হুমকির পরই মাস্কের মার্কিন নাগরিকত্ব নিয়ে আলোচনা শুরু হয়। ইলন মাস্কের জন্ম দক্ষিণ আফ্রিকায় হলেও তিনি ২০০২ সাল থেকে যুক্তরাষ্ট্রের নাগরিক। তিনি ১৭ বছর বয়সে কানাডায় পড়াশোনার জন্য যান এবং পরে যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি ও পদার্থবিদ্যায় ডিগ্রি অর্জন করেন। বিভিন্ন ক্যাটাগরির ভিসায় যুক্তরাষ্ট্রে থাকার অনুমতি পেয়েছেন তিনি। পরে আইন অনুযায়ী যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পান তিনি। আইন বিশেষজ্ঞরা বলছেন, একজন আইনসিদ্ধ মার্কিন নাগরিককে দেশছাড়া করা প্রায় অসম্ভব। যুক্তরাষ্ট্রের ইতিহাসে এমন ঘটনা অত্যন্ত বিরল। যুদ্ধাপরাধী বা নাগরিকত্ব পাওয়ার জন্য জালিয়াতির আশ্রয় নেওয়া ব্যক্তিদের ক্ষেত্রেই কেবল এটা ঘটতে পারে। কিন্তু মাস্কের বিরুদ্ধে অপরাধমূলক কর্মকাণ্ড বা নাগরিকত্বের আবেদনে জালিয়াতির কোনো প্রমাণ নেই। তাই ট্রাম্পের এই হুমকিকে রাজনৈতিক বাগাড়ম্বর হিসেবেই দেখা হচ্ছে। ট্রাম্প ও মাস্কের এই বিরোধের সূত্রপাত হয় মে মাসে 'ডিপার্টমেন্ট অব গভর্নমেন্ট এফিশিয়েন্সি' থেকে পদত্যাগ করার পর। এরপর মাস্ক সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রাম্পের বিরুদ্ধে বিভিন্ন বিস্ফোরক মন্তব্য করেন। বিতর্কিত ধনকুবের জেফরি অ্যাপস্টেইনের সঙ্গে ট্রাম্পের যোগাযোগের অভিযোগও তোলেন তিনি। উল্লেখ্য, শিশুদের যৌন হয়রানির ঘটনায় অভিযুক্ত হয়েছিলেন জেফরি অ্যাপস্টেইন।

## মাহাথির বোঝেন ইউনূস বোঝেন না

১২ পৃষ্ঠার পর

একবার ডা. মাহাথির মোহাম্মদ। আমাদের ড. মুহাম্মদ ইউনূসের পক্ষেও 'নতুন বাংলাদেশ'-এর নির্মাতা হওয়ার সুযোগ ছিল। কত আস্থা ও বিশ্বাসের প্রতীক হিসেবে বিপ্লবীরা এবং দেশবাসী তাঁকে গ্রহণ করেছিলেন, তা বলা যায় না। রাষ্ট্রের দায়িত্ব গ্রহণের পর অর্থাৎ ৮ আগস্টের পর তিনি যদি বাঘ ও হরিণকে এক ঘাটে পানি পান করার নির্দেশ দিতেন, তাহলে সম্ভবত তা-ই হতো। এর মাত্র ১০ মাস পর তিনি যখন রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐক্য প্রতিষ্ঠার জন্য ঐকমত্য কমিশনের বৈঠক করেন, তখন তাঁর উপস্থিতিতেই একজন আরেকজনের সঙ্গে ঝগড়া করেন। যে উদ্যম ও আকাঙ্ক্ষা নিয়ে রাষ্ট্র মেরামতের জন্য সংস্কার কমিশনগুলো গঠন করা হয়েছিল, তা এখন রাষ্ট্রের ওপর রীতিমতো বোঝায় পরিণত হয়েছে। আগামী মাসে 'জুলাই সনদ' ঘোষণা হবে বলে দেশবাসীকে জানানো হয়েছে। অথচ এখন পর্যন্ত এ বিষয়ে রাজনৈতিক দলগুলোকে আস্থায় আনতে পারেনি সরকার। লন্ডন বৈঠকে নির্বাচনি ধোঁয়াশা কেটে যাওয়ার মতো পরিবেশ তৈরি হলেও শতভাগ বিশ্বাসের পরিবেশ তৈরি হয়নি। এখনো প্রত্যাশিত নির্বাচনের রোডম্যাপ ঘোষণা হয়নি। কবে হবে তা-ও অনুমান করা যাচ্ছে না। দেশের আইনশৃঙ্খলার অবস্থা এখনো নাজুক। কেউ কারও কথা শুনছে না। মব ভ্যানিজম সহ্যের সীমা ছাড়িয়ে গেছে। চুরি, ডাকাতি, ছিনতাই, দখল সবই চলছে যথারীতি। যেন উদ্ভ্রান্ত পথিকের মতো চলছে সবাই। কেউ কাউকে বিশ্বাস করতে পারছে না। নতুন কিছুর স্বপ্ন নিয়ে বিপ্লব করার পর আস্তে আস্তে সবাই হতাশায় নিমজ্জিত হচ্ছে। ধান্দাবাজ, চান্দাবাজ ও ক্ষমতালিপ্সুরা সব সময় ভালো থাকে, এখনো মনে হয় ভালোই আছে।

বিশ্ব এখন টালমাটাল। এর শেষ কোথায় কারও জানা নেই। বিশ্বরাজনীতি কোন দিকে মোড় নিচ্ছে তা এখনই বলা যাচ্ছে না। সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার পর পৃথিবীর ওপর একচেটিয়া প্রভাব বিস্তার করে মার্কিন যুক্তরাষ্ট্র। ইরান- ইসরায়েল যুদ্ধে যুক্তরাষ্ট্রের বড় ভূমিকা আছে। ইসরায়েলের পক্ষ নিয়ে আবার যুদ্ধবিরতির মধ্যস্থতাও যুক্তরাষ্ট্রই করল। যুদ্ধ আপাতত বিরতি হলেও বন্ধ হয়নি। হয়তো আবার যে কোনো মুহূর্তে আরও ভয়ানক আকার ধারণ করতে পারে। পৃথিবীতে যুদ্ধ না হলে আমেরিকা ভালো থাকে না। অস্ত্রের ব্যবসা, ডলারের ব্যবসা, ক্ষমতার প্রভাব নিয়ে গোটা পৃথিবী এখন একচেটিয়া শাসন করছে যুক্তরাষ্ট্র। বর্তমানে মধ্যপ্রাচ্যের অশান্তির কারণে বাংলাদেশের মতো বিভিন্ন ছোট দেশকে নানামুখী চাপ মোকাবিলা করতে হচ্ছে। জলশক্তি, জ্বালানিসহ অনেক ক্ষেত্রেই বাংলাদেশের ওপর ঝুঁকি বাড়ছে। তার ওপর দেশের মধ্যে নেই রাজনৈতিক শান্তি। যুদ্ধবিরতির শর্ত ভেঙে আবার যদি ক্ষেপণাস্ত্রের আঘাত-পাল্টা আঘাত শুরু হয় তাহলে আমাদের রাজনীতিতে নতুন কোনো হুলা দেখা দেয় কি না ভাবার বিষয়।

বাংলাদেশের ব্যাপারে ডা. মাহাথির মোহাম্মদের মূল্যায়ন বিবেচনায় নিয়ে অন্তর্বর্তী সরকারপ্রধান যদি গণতন্ত্র প্রতিষ্ঠার পথে দৃঢ়প্রত্যয়ী থাকেন, তাহলে ১৮ কোটি মানুষের কল্যাণ হবে। স্মরণীয় হয়ে থাকবেন ড. মুহাম্মদ ইউনূস। একটি শতভাগ নিরপেক্ষ, গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচন সম্পন্ন করে আগামী দিনের নেতার কাছে যদি ক্ষমতা হস্তান্তর করেন, তাহলে উন্মুক্ত হবে নতুন বাংলাদেশ গড়ার পথ। আর যদি তা না হয়, নতুন কোনো ছলছুতায় যদি কোনো পক্ষের এজেন্ডা বাস্তবায়নে ড. ইউনূস নিজেকে বিকিয়ে দেন, তাহলে ব্যক্তি ইউনূসের সমস্যা বাড়বে। আবার কখনো কোনো বিশ্বসভায় যদি দেখা হয়, তখন হয়তো ড. ইউনূসের প্রতি সহানুভূতি প্রকাশ করে ডা. মাহাথির মোহাম্মদ বলবেন, 'আমি তো আগেই বলেছিলাম আপনি সমস্যায় আছেন। আপনার সমস্যা আমি বুঝতে পেরেছিলাম, আপনি কেন বুঝলেন না?'

লেখক : নির্বাহী সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন।

## আওয়ামী লীগকে বাদ দিয়ে নির্বাচনের পাঁয়তারা?

৫ পৃষ্ঠার পর

নাই, শহরে চলে আসছে কর্মক্ষম মানুষেরা কাজের সন্ধানে। আন্দোলনে নেমেছে বিভিন্ন কারখানায় কর্মরত শ্রমিকেরা বেতনের দাবিতে। মালিকপক্ষ শ্রমিকের মজুরি দিতে পারছে না। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ তথ্য মতে চলতি বছরের মার্চ পর্যন্ত ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ ৪ লাখ ২০ হাজার কোটি টাকা ছাড়িয়েছে। গত ডিসেম্বর থেকে মার্চ পর্যন্ত তিন মাসে খেলাপি ঋণ বেড়েছে ৭৪ হাজার ৫৭০ কোটি টাকা। এমনি অবস্থায় দিশেহারা ড. ইউনূস। ১০ মাসে ১১ টি দেশ ঘুরে এসেছেন কোন আশার বাণী শুনতে পাননি কারো কাছ থেকে।

এদিকে আওয়ামী লীগকে নিষিদ্ধ করেছেন, দলের নিবন্ধন বাতিল করেছেন - উদ্দেশ্য আওয়ামী লীগকে কোন নির্বাচন করতে দেবেন না। এরই মধ্যে জঙ্গি মৌলবাদীদের পরামর্শে শেখ হাসিনা সহ আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে ভুয়া মিথ্যা মামলার নাটক তৈরি করে তাদের প্রত্যেককে ফাঁসির কাষ্ঠে ঝোলাতে চায় - কারণ আওয়ামী লীগকে শেষ করে দিতে পারলে গোটা দেশে মব জাস্টিস প্রতিষ্ঠা করলে রাজত্ব খুব সহজ হবে। এরই মধ্যে অবাধ্য হয়ে উঠেছেন জঙ্গি নেতারা - যারা এনসিপি করেছেন, অবাধ্য হয়ে উঠেছে জামাত-বিএনপিও।

এবার তারা সংসদে যেতে চায়, কেউ প্রধানমন্ত্রী হতে চায়, কেউ বিরোধী দলীয় নেতা হতে চায়, কেউ আবার রাষ্ট্রপতি হতে চায়, কেউ আবার মন্ত্রী এমপি হতে চায় খুব দ্রুত। তারা দাবি তুলেছে খুব সহসা নির্বাচন দিতে হবে, বিএনপি বলেছে ডিসেম্বরে নির্বাচন দিতে হবে, তারা কোন সংস্কার চায়না, জামাত বলছে আংশিক সংস্কার করে হলেও নির্বাচন দ্রুত চায় তারা, [illegible] নেতারা অর্থাৎ এনসিপি নেতারা বলছে কোন সংস্কার ছাড়া নির্বাচন হতে দেবে না তারা। এমতাবস্থায় বিএনপি যখন আন্দোলনে নামার হুমকি দিয়েছে - বেগম জিয়াকে লন্ডন যাওয়ার অনুমতি দিয়েছে - চিকিৎসা শেষে দেশে আসার সুযোগ দিয়েছে। যেহেতু এখন বিএনপি চোখ রাঙাচ্ছে সুতরাং দাবি মোতাবেক নির্বাচন ফেব্রুয়ারিতে করার কথা।

মনে রাখা দরকার তারেক জিয়া লন্ডনে মুচলেকা দিয়ে পালিয়ে থাকা আসামি, এবং তিনি একুশে আগস্ট এর গ্রেনেড হামলার প্রধান আসামী। এদিকে বিএনপিকে খুশি করতে চট্টগ্রামের মেয়র বানিয়ে দিয়েছেন চট্টগ্রাম বিএনপির সাধারণ সম্পাদক ডক্টর শাহাদাত কে বিনা ভোটে। ঢাকার মেয়র হওয়ার ঘোষণা দিয়েছেন সাদেকপুত্র ইশরাক হোসেন। কিন্তু তাকে চেয়ারে বসার সুযোগ দিচ্ছে না ইউনূস প্রশাসন - তিনি দলবল নিয়ে মেয়র অফিস দখল করে আছেন এবং নিজেকে মেয়র হিসেবে ঘোষণা দিয়েছেন। একইভাবে সারাদেশে চুরি, ডাকাতি, ছিনতাই, টেন্ডার বাজি, খাল বিল, নদী নালা দখল করেছে বিএনপির সন্ত্রাসীরা, সিলেটের জৈন্তার সব পাথর বিক্রি করে দিয়েছে বিএনপির সন্ত্রাসীরা। এমতাবস্থায় ডক্টর ইউনূস লন্ডনে গিয়ে তারেক রহমানের সাথে বৈঠক করে এসেছেন, রাজি হয়েছেন তারেক রহমানের কথা মত নির্বাচন দিবেন। ফেব্রুয়ারিতে যদি নির্বাচন হয় -এখনো ৮ মাস বাকি। জামাত তাদের প্রার্থিতা ঘোষণা করে দিয়েছে, বিএনপি তো নিশ্চিত তারা আবার সংসদে বসবে।

এদিকে এনসিপির একজন ঘোষণা দিয়েছেন বিএনপি ৫০ থেকে ১০০ আসনের বেশি আসন পাবেনা। এনসিপি স্বপ্ন দেখেছে তারা ক্ষমতার চেয়ারে বসবে, তারা ঘোষণাও করেছে যে আন্দোলন করেছে তারা, সেই আন্দোলনের ফসল তারা বিএনপির হাতে তুলে দেবে না। বাংলাদেশে যদি ভোটের ইতিহাস পর্যালোচনা করা হয় - ৭৫ এর পরে অর্থাৎ জাতির পিতাকে সপরিবারে হত্যা করার পর এদেশে বারবার মিলিটারি স্বৈরাচার ক্ষমতা দখল করে আওয়ামী লীগকে একুশ বছর ধরে ক্ষমতার বাইরে রাখলেও ৯৬ সালে এদেশে আওয়ামীলীগ রাষ্ট্র ক্ষমতায় এসেছিল, এরপর আবার ২০০৮ সালের নির্বাচনের পর আবার ২০০৯ সাল আওয়ামী লীগ সরকার গঠন করে রাষ্ট্রক্ষমতা ছিল একনাগারে প্রায় ১৬ বছর, তারও আগে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বরে দেশ স্বাধীন হলে বঙ্গবন্ধু ১০ই জানুয়ারি ১৯৭২ সালে রাষ্ট্রক্ষমতায় আসেন, ১৯৭৩ সালের নির্বাচনে বিশাল জনমত নিয়ে প্রধানমন্ত্রী নির্বাচিত হন - দীর্ঘ সাড়ে তিন বছর ক্ষমতায় থাকার পর তাকে ১৯৭৫ সালের ১৫ই আগস্ট হত্যা করে সেনাবাহিনীর কতিপয় সৈন্যরা।

জাতির পিতা কে হত্যা করে সেনাবাহিনী ও পাকিস্তানি গোয়েন্দা সংস্থা বাংলাদেশের গণতন্ত্রের পথ চলা থামিয়ে দিয়েছিল। আজ আবার ২০২৪ সালে ৫ ই আগস্ট বঙ্গবন্ধু কন্যাকে ষড়যন্ত্র করে ক্ষমতাচ্যুত করে বাংলাদেশের গণতন্ত্রের অগ্রযাত্রাকে থামিয়ে দেয়া হয়েছে। আজ তিনি দেশের বাইরে - তাকে এবং তার দল আওয়ামীলীগকে বাদ দিয়ে নির্বাচন করার চেষ্টা করছে অবৈধ গণতান্ত্রিক স্বৈরাচারী ইউনূস সরকার।

বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে দুর্নীতিগ্রস্ত রাজনৈতিক দল বিএনপি - এই দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান এই দেশে ভোটারবিহীন নির্বাচন ব্যবস্থা চালু করেছে। এরপর পর তার স্ত্রী বেগম জিয়াও ১৯৯৬ সালের ১৫ ই ফেব্রুয়ারি ভোটার বিহীন নির্বাচনের নির্লজ্জ ইতিহাস রচনা করেছিল। আবার ২০০১ সালে ভোট ডাকাতির ইতিহাস রচনা করেছিল। বাংলাদেশের জামাতে ইসলাম মাত্র তিনটি আসন পেয়েছিল।

এছাড়া আমাদের যেসব রাজনৈতিক দল আজকে উঁচু গলায় কথা বলছে - আওয়ামী লীগকে ফ্যাসিস্ট বলে গালি দিচ্ছে তারা তাদের ঘৃণা থেকে এসব বলছে, কারণ - আওয়ামী লীগ মাঠে থাকলে ওইসব দলের নেতারা একটি আসনেও জিততে পারবে না। মনে রাখতে হবে বাংলাদেশ আওয়ামী লীগ ৭৬ বছরের পুরনো রাজনৈতিক দল, ২৩ জুন ১৯৪৯ সালে এই দলটি প্রতিষ্ঠিত হয়েছিল মাওলানা ভাসানী, হোসেন শহীদ সোহরাওয়ার্দী, আবদুর রশীদ তর্কবাগীশ, ইয়ার মোহাম্মদ খান, সামসুল হকের মত হিমালয় সমান নেতাদের নেতৃত্বে।

এদেশের ৪৪ শতাংশ মানুষ আওয়ামী লীগকে ভালোবাসে, সুতরাং এই বিশাল জনসংখ্যাকে বাদ দিয়ে ড. ইউনূস আরেকটি ভোটারবিহীন নির্বাচন করিয়ে বিএনপি জামাত জঙ্গিদের হাতে রাষ্ট্র ক্ষমতা তুলে দিতে চায়।

*(মতামত লেখকের সম্পূর্ণ নিজস্ব)*

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com 718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432




# মহররম ও আশুরা : করণীয়, বর্জনীয়

মুফতি জুবায়ের বিন আব্দুল কুদ্দুছ




হিজরি বছরের প্রথম মাস মহররম। এই মাসের সম্মান ও ফজিলত অনেক বেশি। এই মাসের ১০ তারিখ আশুরা। এই আশুরার সঙ্গে জড়িত রয়েছে অনেক ঐতিহাসিক ঘটনা। মহররম অর্থ সম্মানিত। এ মাসকে আল্লাহর মাস বলা হয়েছে। এ মাসের দশ তারিখকে আশুরা বলা হয়। আশুরার অনেক ফজিলত রয়েছে। আশুরার দিনে কারবালার প্রান্তরে দ্বিন প্রতিষ্ঠার জন্য হজরত হুসাইন রা. শাহাদাত বরণ করার কারণে এ দিনটি আরো স্মরণীয় হয়ে রয়েছে।

কিন্তু শিয়া সম্প্রদায় হুসাইন রা. এর শাহাদাতকে কেন্দ্র করে মর্যাদাপূর্ণ এ দিনটিতে শোক মিছিলের নামে ব্যাপক শিরক বিদআত করে মুসলমানদেরকে বেঈমান বানানোর চক্রান্ত চালাচ্ছে। তাই মহাররম ও আশুরার ফজিলত, করণীয় ও বর্জনীয় সম্পর্কে ব্যাপক আলোচনা প্রয়োজন। আল্লাহ সবাইকে শিরক ও বিদআতমুক্ত ঈমান নসিব করুন। আমিন।

মহাররম ও আশুরার ফজিলত এক. রাসুল (সা.) ইরশাদ করেন- যে মহাররম মাসে একটি রোজা রাখে, আল্লাহ তাকে ৩০টি রোজা রাখার সমান সওয়াব দান করেন। *(তারগিব-১৫২৯)* ২. রসুল (সা.) ইরশাদ করেন- আমি আশা করি যে, আশুরার রোজার উসিলায় আল্লাহ অতীতের এক বৎসরের গুনাহ ক্ষমা করে দিবেন। *(সহিহ মুসলিম ১১৬২)*। আশুরার দিনে করণীয় ১. আশুরার আগে বা পরে *(৯-১০ বা ১০-১১)* মিলিয়ে দুটি রোজা রাখা। *(মুসনাদে আহমদ-২১৫৪)* ২. বেশী বেশী তাওবা ইস্তিগফার করা। *(জামে তিরমিজি-৭৪১)* ৩. পরিবারের জন্য ভালো খাবারের এরপর ২৮ পৃষ্ঠায়

## মহররম ও আশুরার সঙ্গে কারবালার সম্পর্ক কি?

তোফায়েল গাজালি

রাসুল (সা.) উম্মতকে মহররম বা আশুরার রোজা রাখার কথা বলেছেন। এ কথার পক্ষে একাধিক সহিহ বর্ণনা হাদিসের কিতাবে বিদ্যমান রয়েছে। যেমন মুসনাদে আহমদের ২১৫৪ নং হাদিসে বলা হয়েছে- 'তোমরা আশুরার দিনে রোজা রাখ, তবে এ ক্ষেত্রে ইহুদিদের সঙ্গে মিল যেন না হয় সেজন্য মহররমের ১০ তারিখের আগের দিন অথবা পরের দিন আরও একটি রোজা রাখ।'

অন্য হাদিসে এসেছে, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, রমজানের পর সর্বাধিক উত্তম রোজা হলো মহররম মাসের রোজা। আর ফরজের পরে সর্বাধিক উত্তম নামাজ হলো তাহাজ্জুদের নামাজ' *(সহিহ মুসলিম ১/৩৫৮)*।

এই আশুরার দিনেই আল্লাহ নিজেকে প্রকাশ করার জন্য সৃষ্টির সূচনা করেন। তিনি এই দিনেই প্রথম মানব হজরত আদম (আ.)-এর মধ্যে রুহ প্রবেশ করান। এ ছাড়া আশুরার দিন যে উল্লেখযোগ্য ইতিহাসের স্মৃতি বহন করছে, তার অন্যতম হলো-এই দিনে হজরত আদম (আ.) ও হজরত হাওয়াকে (আ.) পৃথিবীতে পাঠানো হয়। এরপর সাড়ে তিনশ বছর কান্নাকাটি শেষে এই দিনেই হজরত মুহাম্মাদ (সা.)-এর উসিলায় আল্লাহ তাদের ক্ষমা করেন। হজরত ইবরাহিমকে (আ.) নমরুদের অগ্নিকুণ্ড থেকে রক্ষা এবং হজরত এরপর ২৮ পৃষ্ঠায়



## জ্ঞান-বিজ্ঞানে মুসলমানদের নেতৃত্ব

মুহাম্মদ ইলিয়াস

ইউরোপে ১৭ শতকে ইসলামী জ্ঞানের বিপ্লব বা বৈজ্ঞানিক জাগরণ সৃষ্টি হয়েছিল। এ কথা নিঃসন্দেহে বলা যায়, আরবদের সাহায্য ছাড়া আধুনিক ইউরোপীয় সভ্যতার কল্পনাও করা যায় না।

মরিস বুকাইলি তাঁর বিখ্যাত বই 'বাইবেল, কোরআন এবং বিজ্ঞান'-এ উল্লেখ করেছেন, 'কোরআনের এমন কোনো আয়াত নেই, যেখানে প্রকৃতির বৈচিত্র্য ও জ্ঞানের বর্ণনা নেই, যা বিজ্ঞানের নব আবিষ্কারের সঙ্গে কোনোক্রমেই সাংঘর্ষিক নয়।'

জ্ঞান-বিজ্ঞানে মুসলমানদের শক্তিমত্তা : মহানবী (সা.)-এর ইন্তেকালের প্রায় ১০০ বছরের মধ্যে মুসলমানরা তখনকার প্রচলিত বিজ্ঞানে সেরা অবদান রেখেছিল। তারা 'বায়তুল হিকমার' মতো গবেষণাপ্রতিষ্ঠান কায়েম করে বিজ্ঞানের সর্বোচ্চ উন্নয়ন ও প্রয়োগে অবদান রাখতে সক্ষম হয়েছিল, যা পরবর্তী সময়ে প্রায় এক হাজার বছর পর্যন্ত প্রভাবশালী ভূমিকায় অবস্থান করছিল। আমরা দেখতে পাই, ইসলামী বিশ্বাস থেকে উদ্বুদ্ধ হয়ে তারা বিজ্ঞান ও প্রযুক্তিতে অনবদ্য অবদান রেখেছিল, যা পরবর্তী প্রায় ৮০০ বছর মুসলমানদের অনন্য অবদান বিশ্বকে উপকৃত করেছে।

ব্রায়ান স্টক তাঁর 'হিস্ট্রি অব সায়েন্স' বইয়ে উল্লেখ করেন, 'বিজ্ঞানের সব ক্ষেত্রে মুসলমানদের অবদান সম্পর্কে আমরা যদি তাকাই, তাহলে দেখা যাবে, বিজ্ঞানে তাঁরা উল্লেখযোগ্য অবদান রেখেছেন। তাঁদের মধ্যে আল- এরপর ২৮ পৃষ্ঠায়



## স্পেনে মুসলিম শাসনের স্মৃতি

আতাউর রহমান খসরু

স্পেনে মুসলিম শাসনের ব্যাপক স্মৃতি আছে। মুসলিম আমলের একটি নাম আল লাকান্ত থেকে আলিকান্তের উদ্ভব হয়েছে। মুসলিম শাসনামলে স্পেনের বেশির ভাগ অঞ্চলের মানুষ আরবি ভাষায় কথা বলত। যার প্রভাব এখনো মানুষের ভেতর আছে। যেমন-আলিকান্তে শহরের সাইনবোর্ডে স্প্যানিশ ও ইংরেজির পাশাপাশি আরবিতে লেখা আছে 'ওয়াসতুল বালাদ' শহরের মধ্যভাগ।

এই সাইনবোর্ডের পেছনে দীর্ঘ ৮০০ *(৭১১-১৪৯২ খ্রিস্টাব্দ)* বছরের মুসলিম শাসনের ইতিহাস লুকিয়ে আছে। সে সময় আরবিই ছিল স্পেনের ধ্রুপদি ভাষা। মুসলিম আমলে আরবি সাহিত্য, সংস্কৃতি, বিজ্ঞান ও স্থাপত্যের অভাবনীয় বিকাশ ও অগ্রগতি হয়।

স্পেনের বর্তমান কথ্য ভাষার ওপরও আরবির প্রভাব দেখা যায়। যেমন-ইনশাআল্লাহ থেকে আসা ওজালা এবং কুর্ন থেকে আসা কোর্নের মতো শব্দগুলো এখনো স্থানীয় উপভাষায় বিদ্যমান। বর্তমানে আরবি শুধু বহু স্প্যানিশ শব্দের বুৎপত্তির স্থল নয়, বরং রাস্তার সাইনবোর্ড, স্কুলের পাঠক্রম ও স্থানীয় র‍্যাপ সংগীতেও তার পুনর্জাগরণ ঘটছে। মরক্কান বংশোদ্ভূত হুদা, যিনি মিস রাইসা নামেও পরিচিত, তিনি এরপর ৩৬ পৃষ্ঠায়

## স্ত্রী আল্লাহর দেওয়া শ্রেষ্ঠ উপহার



কাউসার লাবীব

দাম্পত্যজীবন আল্লাহর বিশেষ উপহার। আর বৈবাহিক জীবনে সচেতন স্ত্রী পাওয়া পরম সৌভাগ্য। একজন সহানুভূতিশীল স্ত্রী কেবল জীবনসঙ্গিনী নন, স্বামীর জন্য তিনি নির্ভরতার জায়গা। এমন স্ত্রীর উপস্থিতি একটি ঘরে এনে দেয় স্থিরতা ও ভালোবাসার উষ্ণতা। সংসারের খুঁটিনাটি কাজে তাঁর যত্ন, সন্তান লালনে তাঁর নিষ্ঠা এবং স্বামীর প্রতি তাঁর সহযোগিতা সংসারকে করে সহজ ও সুখকর। সংসারের ছন্দ, জীবনের ভারসাম্যও আসে তাঁর অনুরণনে। মানবসভ্যতার ইতিহাসের প্রথম ও ঘনিষ্ঠতম সম্পর্ক স্বামী-স্ত্রীর বন্ধন। আল্লাহ তাআলা যখন হজরত আদম (আ.)-কে সৃষ্টি করলেন, তখন তাঁর হৃদয়ের প্রশান্তির জন্য বানালেন হজরত হাওয়াকে। পবিত্র কোরআনে তিনি বলেন, 'হে মানবকুল, তোমরা তোমাদের প্রতিপালককে ভয় করো, যিনি এরপর ৩৬ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জুলাই ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | ৩:৫৩ | ৫:৩১ | ০১:০১ | ৫:০০ | ৮:৩০ | ১০:০৮ |
| ০৬ | ৩:৫৪ | ৫:৩২ | ০১:০১ | ৫:০০ | ৮:৩০ | ১০:০৮ |
| ০৭ | ৩:৫৫ | ৫:৩২ | ০১:০১ | ৫:০০ | ৮:৩০ | ১০:০৭ |
| ০৮ | ৩:৫৫ | ৫:৩৩ | ০১:০১ | ৫:০১ | ৮:২৯ | ১০:০৬ |
| ০৯ | ৩:৫৬ | ৫:৩৪ | ০১:০১ | ৫:০১ | ৮:২৯ | ১০:০৬ |
| ১০ | ৩:৫৭ | ৫:৩৪ | ০১:০১ | ৫:০১ | ৮:২৮ | ১০:০৫ |
| ১১ | ৩:৫৮ | ৫:৩৫ | ০১:০২ | ৫:০১ | ৮:২৮ | ১০:০৪ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## জালালাবাদ ল' সোসাইটির বিশেষ সভা

৬২ পৃষ্ঠার পর

এডভোকেট আব্দুল হাই কাইয়ুম, এডভোকেট মঈন উদ্দীন আহমেদ, এডভোকেট ওলিউল্লাহ আল মারুফ, এডভোকেট মুহাম্মদ মুহিউদ্দিন, সাবেক ব্যাংকার মুকিম উদ্দিন, সংবর্ধিত অতিথি ডোকেট মো. জালাল উদ্দিন ও সোসাইটির সাধারণ সম্পাদক এডভোকেট সুফিয়ান আহমেদ চৌধুরী।

## মেয়র মার্টি স্মল শিক্ষা বৃত্তি পেলো বাংলাদেশি আমেরিকান শিক্ষার্থীরা

৬২ পৃষ্ঠার পর

সোমবার ছিল আটলান্টিক সিটিতে বসবাসরত বিভিন্ন কমিউনিটির দ্বাদশ গ্রেড, কলেজ, মাস্টার্স ও ডক্টরেট কোর্সের শিক্ষার্থীদের জন্য স্বপ্নপূরণের দিন। এ দিন শতাধিক শিক্ষার্থী মেয়র মার্টি স্মল সিনিয়র শিক্ষা বৃত্তির চেকের রেপ্লিকা গ্রহণ করে। তাদের মধ্যে অনেক বাংলাদেশী শিক্ষার্থীও ছিল। মেয়র মার্টি স্মল সিনিয়র শিক্ষা বৃত্তি প্রোগ্রামটি গত দুই বছর ধরে চালু আছে। এবছর তৃতীয় বছরের মতো এই শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। এই শিক্ষা বৃত্তির আওতায় একজন শিক্ষার্থী দশ হাজার ডলার সমমূল্যের বৃত্তি পেয়ে থাকে, যেখানে বাংলাদেশী আমেরিকান শিক্ষার্থীদের জয়জয়কার। চেক তুলে দেয়ার সময় অভিভাবক ও সুধীজনরা তুমুল করতালি ও উল্লাসধ্বনির মাধ্যমে শিক্ষার্থীদের অভিনন্দন জানান। অনুষ্ঠানে স্কলারশিপ কমিটির সদস্য, নগর কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তা, স্কুল জেলার সুপারিনটেনডেন্ট ড. লা কোয়েটা স্মল, সিটি কাউন্সিলর, আটলান্টিক সিটির স্কুল বোর্ডের সদস্য সুব্রত চৌধুরী সহ অন্যান্য অতিথিরা উপস্থিত ছিলেন। কমিউনিটি ব্যক্তিত্বরা মনে করেন, শিক্ষা বৃত্তি প্রোগ্রামে বাংলাদেশী-আমেরিকান শিক্ষার্থীদের সার্বিক সাফল্য প্রমাণ করে মেধা ও মননে তারা কারও চেয়ে পিছিয়ে নেই। দশ হাজার ডলার সমমূল্যের এই বৃত্তি শিক্ষার্থীদের আমেরিকান ড্রিম বাস্তবায়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

## ব্রঙ্কসে সোহান মেমোরিয়াল স্কলারশিপ পেল রামিরেজ

৬২ পৃষ্ঠার পর

সালে নিউইয়র্কে এক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন এবং তার স্মৃতিকে স্মরণীয় করে রাখার জন্য স্কুল কর্তৃপক্ষ ২০১১ সাল থেকে প্রতিবছর এই বৃত্তি প্রদান করে আসছে মরহুম আয়মন সোহানের পিতা সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ তার ছেলে আহমেদ সোহানের নামে কুলাউড়া উপজেলার পৃথিমপাশা ইউনিয়নের ধামুলী গ্রামে আহমেদ সোহান সোনালী হাইস্কুল প্রতিষ্ঠা করেন।

## সম্ভাবনার স্রোতে ভেসে আসা সোশ্যাল মিডিয়ার সংকট ও চেতনা

৬ পৃষ্ঠার পর

পর নিজেকে 'জোকার' মনে হয়।

সামাজিক যোগাযোগমাধ্যমকে যদি ইতিবাচকভাবে ব্যবহার করা যেত, তাহলে তা হতো এক কল্যাণময় প্ল্যাটফর্ম। এই সময়ে এটি অনেক মাধ্যমের গ্রহণযোগ্য বিকল্প হলেও অপব্যবহারের বিস্তৃতি এতটাই বেড়েছে যে কল্যাণের চেয়ে অকল্যাণই বেশি দেখা যাচ্ছে।

তথ্য যাচাইয়ের অভাব, গ্রহণযোগ্যতার সংকট, আবেগের তীব্রতা এবং ব্যক্তিগত তথ্যের নিরাপত্তাহীনতা সমাজকে অস্থির করে তুলছে। মুখোশ পরা মানুষদের ছদ্মপরিচয়, শো-অফ প্রবণতা এবং বাস্তিকতার ছবিকে মুখ ভেবে নেওয়ার ধারা সমাজে এক ধরনের বিভ্রম ছড়াচ্ছে। সোশ্যাল মিডিয়ায় অতিরিক্ত আসক্তি মানুষকে একাকিত্বে ঠেলে দিচ্ছে।

অপার সম্ভাবনার এই ক্ষেত্রটিকে আমরা নিজেদের হাতে ক্ষতিকর এক নেশায় বানিয়ে ফেলেছি। এর ফলাফল খুব শিগগিরই মানুষের চিন্তা, আচরণ ও মানসিক স্বাস্থ্যের ওপর ভয়াবহভাবে আঘাত হানবে। হয়তো আলামত স্পষ্ট হতেও শুরু হয়েছে।







## মহররম ও আশুরা: করণীয়, বর্জনীয়

২৫ পৃষ্ঠার পর

ব্যবস্থা করা। (তারগিব-১৫৩৬)।

আশুরার দিনে বর্জনীয় ১. মহররমের চাঁদ উঠতেই ঢোল পিটানো নাজায়েজ এবং হারাম। (সি আহকামিল কোরআন পৃ. ৫৩) ২. শোক মিছিল বা র‍্যালি বের করা নাজায়েজ। (সহিহ বুখারি-৫৩৩৪)।

৩. তাজিয়া, মাজারসদৃশ তৈরি করা শিরক। (সুরা হাদিদ-৩) ৪. তাজিয়ার মিছিলে মান্নত করা হারাম। (সুরা বাইয়্যেনাহ-৫) ৫. মিছিলে ঘোড়ার পায়ে দুধ ঢালা হারাম। (সুরা বনি ইসরাইল-২৭) ৬.এ মিছিল দেখতে যাওয়া এবং সাহায্য সহযোগিতা করা সম্পূর্ণ হারাম। (সুরা মায়েদা-২)।

শিরক-বিদআতের পরিনাম আল্লাহ তাআলা এরশাদ করেন- নিশ্চয় আল্লাহ তার সাথে অংশীদার (শিরক) করার অপরাধ ক্ষমা করেন না। এ ছাড়া অন্যান্য অপরাধ যার জন্য ইচ্ছা ক্ষমা করে দেন। আর যে কেউ আল্লাহর সাথে অংশীদার স্থাপন (শিরক) করে, সে ভীষণভাবে পথভ্রষ্ট হয়। (নিসা, ১১৬)।

হাদিস শরিফে বর্ণিত হয়েছে-তোমাদের মধ্যে যারা আমার পরে জীবিত থাকবে তারা অচিরেই প্রচুর মতবিরোধ দেখবে। তখন তোমরা অবশ্যই আমার সুন্নাত এবং আমার হিদায়াতপ্রাপ্ত খলিফাগণের সুন্নাত অনুসরণ করবে, তা দাঁত দিয়ে কামড়ে আঁকড়ে থাকবে। তোমরা (ধর্মের নামে) নব আবিষ্কৃত বিষয় সম্পর্কে খুব সতর্কতার সাথে বেঁচে থাকবে! কারণ প্রতিটি নব আবিষ্কৃত বিষয় হলো বিদআত এবং প্রতিটি বিদআত হলো ভ্রষ্টতা। (আবু দাউদ, হা নং৪৬০৭) আর প্রতিটি ভ্রষ্টতার ঠিকানা হল জাহান্নাম। (ইবনে মাজাহ, হা নং ১৫৮১)

লেখক: শিক্ষক, লালবাগ মাদ্রাসা, ঢাকা, খতিব, আজিমপুর ছাপড়া মসজিদ, ঢাকা, পরিচালক, দাওয়াতুল সুন্নাহ বাংলাদেশ।

## মহররম ও আশুরার সঙ্গে কারবালার সম্পর্ক কি?

২৫ পৃষ্ঠার পর

ইউনুসকে (আ.) মাছের পেট থেকে উদ্ধারের ঘটনাও এই আশুরার দিনে ঘটে।

হজরত সুলায়মান (আ.) তার হারানো রাজত্ব ফেরত পান এবং হজরত আইয়ুব (আ.) দীর্ঘকাল রোগ ভোগের পর সুস্থ হন এই আশুরার দিনেই। এ ছাড়া এই দিনে হজরত ইউসুফ (আ.) চল্লিশ বছর পর বাবা হজরত ইয়াকুবের (আ.) সাক্ষাৎ পান এবং ফেরাউনের হাত থেকে হজরত মুসা (আ.) ও তার জাতিকে আল্লাহ রক্ষা করেন। এই দিনেই ফেরাউন লোহিত সাগরে ডুবে মারা যায় এবং হজরত নূহ (আ.) মহাপ্লাবন শেষে আল্লাহর নির্দেশে জাহাজ থেকে জুদি পাহাড়ে অবতরণ করেন।

এরই ধারাবাহিকতায় আশুরার ইতিহাসে গৌরবের সর্বশেষ পালক কারবালার ঘটনা। রাসুলের (সা.) ইন্তেকালের অর্ধ শতাব্দি পর ৬১ হিজরি ১০ মহররম, কারবালার বর্বরোচিত হত্যাযজ্ঞ সংঘটিত হয়। হজরত হুসাইন (রা.) এ দিনে ফোরাত নদীর তীরে কারবালার প্রান্তরে অসত্য, অসুন্দর, অন্যায় ও অকল্যাণের বিরুদ্ধে সত্য, সুন্দর, ন্যায় ও কল্যাণের জন্য আত্মোৎসর্গ করে অনন্তকালের জন্য আদর্শিক শিক্ষা এবং শক্তির ওপর সত্যের বিজয়ের চেতনা জাগ্রত করেন। সেদিন ইয়াজিদের বাহিনী প্রিয় নবীর (সা.) কলিজার টুকরা হজরত হোসাইন (রা.) ও তার সাথীদের সঙ্গে যে নিষ্ঠুর নির্মমতা দেখিয়েছে তাকে ঐতিহাসিকরা এ পর্যন্ত দুনিয়ায় ঘটে যাওয়া সব বর্বরোচিত হত্যাযজ্ঞের মধ্যে সবচেয়ে করুণ হত্যাযজ্ঞ বলে উল্লেখ করেছেন।

কারবালার ময়দানে হজরত হোসাইন ইবনে আলী (রা.) শাহাদাতের পর তার দেহ মোবারকে মোট ৩৩টি বর্শা এবং ৩৪টি তরবারির আঘাত ছাড়াও অসংখ্য তীরের আঘাত দেখা যায়। যার বিবরণ শুনেই পাথরসম হৃদয়ের যেকোনো মানুষও হু হু করে কেঁদে ওঠে। কারবালা মুসলিম উম্মাহর চেতনা। অসত্য ও অন্যায়ের কাছে মাথা না নোয়ানোর প্রেরণা।

আমাদের দেশের ওয়াজ, বয়ান, মাহফিল, মজলিসগুলোতে আশুরার ব্যাপারে রাসুল (সা.) থেকে বর্ণিত হাদিসগুলো ও সামগ্রিক ইতিহাসের আলোচনা হয় না। তাই মানুষ মনে করে আশুরা বা মহররম মানে শুধুই কারবালা ও হজরত হোসাইন (রা.) এর শাহাদাত।

আহলে বাইতের প্রতি ভালোবাসা ঈমানের দাবি। কিন্তু আমাদের মাহফিলগুলোতে যদি শুধু কারবালার আলোচনা হয় তাহলে মহররমের আমলগুলো হারিয়ে যাবে। নবীজির হাদিসগুলো ঢাকা পড়ে যাবে। মহররম মাসে যেহেতু কারবালার ঘটনা ঘটেছে তাই মহরম ও আশুরার ফজিলত ও আমল এবং করণীয় বর্জনীয় সম্পর্কে জানার পাশাপাশি কারবালার ঘটনা থেকে আমাদের শিক্ষা নেওয়া উচিত।

## মেয়েদের চর্মরোগ একজিমা

২২ পৃষ্ঠার পর

(চুলের কলপে ব্যবহৃত হয়) থেকে অ্যালার্জি হতে পারে। পটাশিয়াম ডাইক্রোমেট রাসায়নিক থেকেও অ্যালার্জি দেখা দেয়। চিকিৎসা: একজন অভিজ্ঞ চিকিৎসকের কাছে দীর্ঘমেয়াদে চিকিৎসা নিলে ভালো থাকা যায়। অনেক সময় পরীক্ষার মাধ্যমে এ অ্যালার্জির কারণ জানতে হয়। যাদের সব সময় পানি বা সাবান নিয়ে কাজ করতে হয়, তারা কাজের সময় কিচেন গ্লাভস পরে নিতে পারেন। হাত শুষ্ক রাখার চেষ্টা করুন। কাজ শেষে হাত মুছে ফেলুন। আবার ব্যবহৃত গ্লাভস যেন পরিষ্কার ও শুকনা থাকে, সেদিকেও লক্ষ্য রাখুন।

লেখক: চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ ও কনসালট্যান্ট, গ্রীন লাইফ মেডিকেল কলেজ হাসপাতাল।

## জ্ঞান-বিজ্ঞানে মুসলমানদের নেতৃত্ব

২৫ পৃষ্ঠার পর

কিন্দি, আল-খাওয়ারিজমি, আল-রাজি, আল-ফারাবি, আল-বিরুনি, এবনেসিনা, আল-হাজেন এবং আভেরোস ছিলেন অন্যতম, যারা আংশিকভাবে বা সার্বক্ষণিকভাবে বিজ্ঞানচর্চায় নিয়োজিত ছিলেন।'

বিজ্ঞানের আধুনিক ভিত্তি : এ কথা নিঃসন্দেহে বলা যায়, আধুনিক বিজ্ঞানের মূল ভিত্তি হচ্ছে ইসলাম। তার কারণ প্রাকৃতিক বিজ্ঞানের জ্ঞান অর্জন ও চর্চার জন্য ইসলামই প্রথম উৎসাহিত করেছে।

প্রফেসর ওয়াহিদউদ্দিন বলেছেন, 'প্রাচীনকালে শিরকের প্রভাবের কারণে প্রকৃতি সম্পর্কে মানুষের গবেষণা ও জ্ঞান আহরণের বিষয়টি চরমভাবে বাধাগ্রস্ত হয়েছিল। ইসলামের আগমনের পরই এ অবস্থার আমূল পরিবর্তন হয়েছে আর আধুনিক মানবিক চিন্তা-চেতনায় ইসলাম তা প্রতিষ্ঠিত করেছে।'

প্রকৃতি শিক্ষার জন্য অবারিত : প্রকৃতি উপাসনার বিষয় থেকে অপসারিত হয়ে একটি গবেষণার বিষয় হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। এ কারণে মুসলমানরা প্রকৃতি বিজ্ঞানে কাজ করে তার রহস্য উদঘাটনে চেষ্টা করেছে এবং জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে তাকে বাস্তবে প্রয়োগ করেছে।

এ বিষয়ে জর্জ সালিবা বলেন, 'এটা সবার জানা যে ইসলামী সভ্যতা প্রতিষ্ঠা হয়েছিল মক্কা ও মদিনা এবং দক্ষিণ আরবের মরু এলাকা ও শহর ঘিরে। তবে সেগুলো নিরেট মরু অঞ্চল ছিল না। এই পরিবেশেই প্রাক-ইসলামিক আরবীয় সভ্যতার বিকাশ ঘটে এবং তাতে কিছু জ্যোতির্বিদ্যা ও চিকিৎসাবিজ্ঞানের উদ্ভব হয়, যা ইসলামিক সভ্যতার সময়কালে বিরাজমান ছিল। আমি প্রাক-ইসলামিক আরবের বিজ্ঞানবিষয়ক জ্ঞানের সারাংশ তৈরির চেষ্টা করেছি এবং এর পরিসমাপ্তি টানতে পেরেছি যে তখন বিজ্ঞানের যেসব তথ্য ছিল তা পার্শ্ববর্তী বাইজেন্টাইন, সাসানিয়ান ইরান অথবা ভারতের বিজ্ঞানের বৈশিষ্ট্য থেকে তেমন আলাদা ছিল না।'

ভার্জিল হুরাণ্ট তাঁর 'দ্য স্টোরি অব সিভিলাইজেশন' বইয়ে উল্লেখ করেছেন, 'ইতিহাসের এক চরম শিখরে এমন একটি সমাজ ছিল যেখানে সরকার, শিক্ষা, সাহিত্য, দর্শন, ভূগোল, ইতিহাস, গণিত, জ্যোতির্বিদ্যা, রসায়ন ও মেডিসিন প্রভৃতি ক্ষেত্রে এমন সব বিখ্যাত লোকজন ছিল, যারা হারুন-আর রশিদ এবং আভেরোসের মাঝামাঝি চতুর্থ শতকের ইসলামী আমলে প্রতিষ্ঠিত ছিল।'

আসলে বৈজ্ঞানিক আবিষ্কার হচ্ছে অনেক ক্ষেত্রে কোরআনের চরম সত্যের প্রতিফলন। মরিস বুকাইলি তাঁর বই 'বাইবেল, কোরআন অ্যান্ড সায়েন্স'-এ আলোচনা শেষ করেছেন এভাবে, 'ইসলামের নবী মুহাম্মদ (সা.)-এর সময়ে জ্ঞানের পর্যায় এমন এক বিস্ময়কর অবস্থানে পৌঁছেছিল যে কোরআনের বর্ণনা বিজ্ঞানের সঙ্গে সংযুক্ত ছিল, যা মানুষের কাজ হিসেবে বিবেচিত ছিল।' এটি সঠিক নিয়মসম্মত যে কোরআন শুধু নবুয়তের অভিব্যক্তি ছিল না, এটি সঠিকতার গ্যারান্টিও ছিল, যা আমাদের বৈজ্ঞানিক বর্ণনা প্রদান করে, যা পাঠ করলে আজও আমরা সেটিই অনুধাবন করি। কোরআনের শিক্ষা অনুযায়ী মুহাম্মদ (সা.) জ্ঞানার্জনের ওপর অত্যধিক গুরুত্ব আরোপ করেছেন।

প্রথম শতকের মুসলমানরা মহানবী (সা)-এর শিক্ষাকে মনেপ্রাণে গ্রহণ করেছিলেন এবং সংক্ষিপ্ত সময়ের মধ্যে তারা তা অর্জন করে দুনিয়ার নেতৃত্বের আসনে আরোহণ করতে সক্ষম হয়েছিলেন। ভারতের প্রধানমন্ত্রী জওয়াহেরলাল নেহরু তাঁর বিখ্যাত বই 'গ্লিম্পসেজ অব ওয়ার্ল্ড হিস্ট্রি'তে বিজ্ঞানের ক্ষেত্রে মুসলমানদের বিস্ময়কর অবদানের কথা অকপটে স্বীকার করেছেন। প্রাচীন ইতিহাস ঘাঁটলে আমরা বৈজ্ঞানিক কৌশলের কোনো বিষয় মিসর, চীন অথবা ভারতে দেখতে পাই না; বরং গ্রিসে তার ছিটেফোঁটা অবলোকন করি। এমনকি রোমেও বিজ্ঞানের জ্ঞান ও কলাকৌশল অনুপস্থিত ছিল। তবে আরব ছিল জ্ঞান-বিজ্ঞানের তীর্থ ভূমি। তাই আরবদের আধুনিক 'বিজ্ঞানের জনক' বলা হয়। কিছু বিষয়ে যেমন মেডিসিন ও গণিতে আরবরা ভারতের কাছ থেকে শিক্ষা গ্রহণ করেছিল।

ভারতের পণ্ডিত ও গণিতজ্ঞরা তখন দল বেঁধে বাগদাদে গিয়েছিল। অনেক আরব বিজ্ঞানী আবার উত্তর ভারতের 'তক্ষশিলা' এসেছিল, যেটি এখনো একটি বড় বিশ্ববিদ্যালয় হিসেবে পরিচিত এবং এটি বিশেষ করে মেডিসিন বিষয়ে ছিল অসাধারণ। সংস্কৃতিতে লেখা চিকিৎসাবিষয়ক এবং অন্যান্য বিষয়ের বই বিশেষভাবে আরবিতে অনুবাদ করা হয়েছিল।

অন্য আরো অনেক বিষয়, যেমন-কাগজ তৈরির কলাকৌশল আরবরা চীনের কাছ থেকে শিখেছিল। তবে অন্যদের কাছ থেকে জ্ঞান অর্জন করে আরবরা আরো অনেক গুরুত্বপূর্ণ জিনিস আবিষ্কার করেছিল। তারা প্রথমবারের মতো টেলিস্কোপ ও নাবিক কম্পাস তৈরি করেছিল।

ওষুধ আবিষ্কারে আরবরা গোটা ইউরোপের মধ্যে ছিল বিখ্যাত। এ সেনিকক তাঁর বই 'আ হিস্ট্রি অব অ্যাস্ট্রোনমি'তে আরবের বিজ্ঞানের প্রশংসা করে বলেছেন, 'এটি সর্বজনবিদিত যে আরবের মুসলমানরা ভারত থেকে অনেক বিষয়ে জ্ঞান অর্জন করেছিল এবং সেই জ্ঞান তারা ইউরোপে ছড়িয়ে দিয়েছিল। তারা অ্যালজাবরা ও ত্রিকোণমিতির উন্নয়ন ঘটিয়েছিল। তারা প্রত্যক্ষভাবে জ্যোতির্বিদ্যার বিকাশ সাধন করেছিল। আরবরা জ্যোতির্বিদ্যার ক্ষেত্রে মধ্যযুগের ইউরোপকে প্রভাবিত করেছিল।'

এতক্ষণ জ্ঞান-বিজ্ঞানে মুসলমানদের গৌরবোজ্জ্বল ইতিহাসের যে বর্ণনা আলোচনা করা হলো, তার সঙ্গে বর্তমান সময়ের তুলনা করা হলে দেখা যাবে জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির সেই স্বর্ণ যুগ থেকে মুসলমানরা অন্যদের চেয়ে বহুদূর পিছিয়ে পড়েছে। এ অবস্থায় কোরআন শিক্ষা এবং নবী মুহাম্মদ (সা.)-এর শিক্ষা মুসলমানদের চেতনাকে আবারও জাগ্রত করতে পারে, যাতে তারা জ্ঞান-বিজ্ঞানে আবার বিশ্বকে নেতৃত্ব দিতে পারে।

আমরা স্মরণ করতে পারি ওই বাণীগুলো যেখানে কোরআন সুস্পষ্টভাবে ঘোষণা করেছে, যারা তাঁর (আল্লাহর) পথে চেষ্টা করে আল্লাহ তাঁকে পথনির্দেশনা দান করেন। এ কথাই পবিত্র কোরআনের ভাষায় বলা হয়েছে, '(অন্যদিকে) যারা আমারই পথে চেষ্টা করে, আমি অবশ্যই তাদের আমার পথে পরিচালিত করি, নিঃসন্দেহে আল্লাহ নেককার বান্দাদের সঙ্গে আছেন।' (সুরা : আনকাবুত, আয়াত : ৬৯)।

অতএব, এই প্রেক্ষাপটে যদি মুসলমানরা এ বিষয়ে অবহেলা ও দায়িত্বহীনতা প্রদর্শন করে, তারা অবশ্যই আল্লাহর দরবারে দায়ী হবে। মহান আল্লাহ আমাদের সবাইকে আমাদের সত্যিকার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হওয়ার তৌফিক দান করুন।

সংক্ষিপ্ত অনুবাদ করেছেন ইকবাল কবীর মোহন

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

Email: ajkalnews@gmail.com

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক্
# KULAURA BANGLADESHI ASSOCIATION OF U.S.A. INC.

## বার্ষিক বনভোজন ২০২৫

আকর্ষণীয় র‍্যাফেল ড্র :
এয়ার টিকেট, স্বর্ণের হার ও স্বর্ণের ব্রেসলেট সহ ১২ টি পুরস্কার
ও ছোট-বড় সকলের জন্য ক্রীড়া প্রতিযোগিতা



**PLACE: FERRY POINT PARK** | Date: Sunday, July 13, 2025 | Time: 10:00 AM to 7:00 PM



সংগীত পরিবেশনায় ঃ- TANZIM SAJIB
Tel: 646-626-2972

**PLACE: 10 HUTCHINSON RIVER PKWY, THE BRONX, NY 10465**

| | | |
|---|---|---|
| ১। এয়ার টিকেট (NEW YORK - DHAKA - NEW YORK) | মঈন চৌধুরী Esq. ATTORNEY AT LAW | Tel: 917-292-9256 |
| ২। স্বর্ণের হার | আকিব হোসেন BRANCH MANAGER MEADOWBROOK | Tel: 646-920-4799 |
| ৩। স্বর্ণের ব্রেসলেট | জাকির চৌধুরী সিপিএ CEO: ZAKIR CPA, PLLC (TAX, AUDIT & CORPORATION) | Tel: 929-207-1516 |
| ৪। ল্যাপটপ | নাজমুস সাকিব সালাম KWLANDMARK II NYS LICENSED REALTOR | Tel: 718-751-6088 |
| ৫। আইফোন Pro-Max | বশির খান | Tel: 917-744-6691 |
| ৬। ল্যাপটপ | সাইফুল ভূঁইয়া CEO: STRITS INCOME TAX SERVICE | Tel: 646-508-5790 |
| ৭। স্বর্ণের আংটি | রহিমা বেগম DEPUTY DIRECTOR: DEPARTMENT OF SOCIAL SERVICE | Tel: 917-617-1414 |
| ৮। স্বর্ণের আংটি SMART 4K | তারেকুল ইসলাম জুয়েল | Tel: 917-749-2924 |
| ৯। 65" টিভি | লুৎফুর রহমান | Tel: 917-215-2194 |
| ১০। 50" টিভি | সালেহ উদ্দিন PARKCHESTER BRONX REALTY | Tel: 646-548-5475 |
| ১১। আপেল আইপেড | ফারুক মিয়া | Tel: 347-659-6681 |
| ১২। বাইসাইকেল | মোঃ অলিউর রহমান | Tel: 917-391-4902 |

## বিশেষ সহযোগিতায়

Moin Choudhury, Esq.
Attorney at Law
Director (Govt. Affairs)
American International Bar Association
Phone: 917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Zakir Choudhury, CPA
Founder & CEO
ZAKIR CPA PLLC
TAX, AUDIT & CORPORATION
929-207-1516
info@zakircpa.com








MOSAHED RASHED
Health Benefit Representative
59-17 JUNCTION BOULEVARD
ELMHURST, NY 11373
917-744-3636

PANNA II
GARDEN INDIAN RESTAURANT
Fine Indian Cuisine
BOSHIR KHAN
C. 917-744-6691




SPICY & SWEETS

TIME

বাংলা পত্রিকা

সম্মানীত কুলাউড়াবাসী, আস্‌সালামু আলাইকুম/আদাব,
আগামী ১৩ জুলাই ২০২৫, রবিবার কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক্ এর বার্ষিক বনভোজন ও মিলন মেলার আয়োজন করা হয়েছে। উক্ত মিলনমেলায় কুলাউড়াবাসী সহ সকলে স্বপরিবারে আমন্ত্রিত।

### আমন্ত্রণক্রমে

**সৈয়দ ইলিয়াস খসরু**
*সভাপতি*
৬৪৬-২৯১-৭৪০৮

**মঈনুর রহমান সুয়েব**
*সাধারণ সম্পাদক*
৯১৭-৩৪০-৭১৬৭

### উপদেষ্ঠা পরিষদ

আবুল কালাম, মোঃ আব্দুল জলিল, ফারুক এ. চৌধুরী, মোঃ আব্দুস সালাম, মোঃ নজরুল ইসলাম, বেদারুল ইসলাম বাবলা, মশাহিদ জে. রাশেদ, সিরাজ উদ্দিন আহমদ, মোঃ এ.এম. চৌধুরী, মোঃ তজমুল আলী ও কামরুল হোসেন চুনু

### কার্যকরি পরিষদ

লুৎফুর রহমান *(সহ-সভাপতি)*, বদরুল ইসলাম মিন্টু *(সহ-সাধারণ সম্পাদক)*, ওবায়দুর রহমান কামাল *(কোষাধ্যক্ষ)*, রাহাত বিন ওয়াহিদ চৌধুরী *(সাংগঠনিক সম্পাদক)*, শামীম আহমদ (প্রচার সম্পাদক), মিতা চক্রবর্তী (সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক), আজিজুল হক স্বপন (ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক), সালমা চৌধুরী মিলি (মহিলা বিষয়ক সম্পাদিকা), মোহাম্মদ অলিউর রহমান (কার্যনির্বাহী সদস্য), সালিক আহমদ (কার্যনির্বাহী সদস্য), মোহাম্মদ মতিউর রহমান খান মিত্তিক (কার্যনির্বাহী সদস্য), তাহমিদুর রহমান চৌধুরী তৌসিফ (কার্যনির্বাহী সদস্য) ও ফারুক মিয়া (কার্যনির্বাহী সদস্য)

**প্রচারেঃ শামীম আহমদ ৯৭৩-৯১৪-০৬৭০**


শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR
USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
আজকাল
Online Partner
ONLINE
Magazine Partner
LOOK@ME

GOLDEN A
HOME CA

GOLDEN AGE HOME CARE

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gold

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 11
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.co


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
ঃ স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com




## জামাইকাস্থ বাংলাদেশি অফিসারদের বনভোজন অনুষ্ঠিত




৬৪ পৃষ্ঠার পর

নেটওয়ার্কের উদ্যোগে ছিল এ আয়োজন। এতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন। উল্লেখযোগ্যদের মধ্যে ছিলেন কমিউনিটি একটিভিস্ট গিয়াস আহমেদ, বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, সিটি মেয়র অফিসের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর বাশার, মূলধারার রাজনীতিক ফায়াদ সোলায়মান, কফরুল ইসলাম দেলোয়ার, দিলীপ নাথ, আহমেদ সোহেল, পুলিশ অফিসার কারাম চৌধুরী, রাসেক মালিক, রাজিব ঘোষ, মোহাম্মদ হালিম, সরদার মামুন, ডিটেকটিভ মাসুদ রানা, শাহ জে চৌধুরী, মইনুজ্জামান চৌধুরী, রীচি সোলায়মান, আজাজুল নাঈম ও নওশাদ হোসেন। অনুষ্ঠানে পর্যাপ্ত খাবারের ব্যবস্থা ছিল। উপস্থিত অতিথিদের জন্য র‍্যাফেল ড্র এর আয়োজনও করা হয় বনভোজনে। দুপুর থেকে সন্ধ্যা অবধি অতিথিরা পার্কে হেসে খেলে দিনটি উপভোগ করেন।



## ড্রামা সার্কেল'র নাটক 'পাখি' মঞ্চস্থ

৩ পৃষ্ঠার পর

পরিমিত নাগরিকতা। এক ছাপোষা চাকুরিজীবীর মনের ক্ষরণ, জীবনের ভারে ক্লান্ত এক নারীর নিঃশব্দ হতাশা, অর্থনৈতিক বৈষম্যের নির্মম ছায়া, আর এক মায়ের বেদনা-এসব মিলিয়ে নাটকটি গড়ে তুলেছে এক অন্তরঙ্গ, অন্তরস্পর্শী আবহ, যা দর্শকদের মননে প্রভাব ফেলে। এইসব জীবনঘনিষ্ঠ অনুভবের মধ্য দিয়ে নাটকটি ধীরে ধীরে গড়ে তোলে এক অন্তরস্পর্শী বয়ান।

বিছানার চাদরের নিঃসঙ্গ ভাঁজে হারিয়ে যাওয়া এক পাখির বেদনার নীল ছায়ায় মিশে থাকে গল্পের গভীরতা। কাহিনীর প্রতিটি স্তরে ছড়িয়ে থাকে প্রতীকী ব্যঞ্জনা, কল্পনার বিস্তার এবং মনন-মনোহর এক শিল্পিত পরিমিতি।

নাটকে নিতিশ চরিত্রে অভিনয় করেছেন আবীর আলমগীর ও শ্যামা চরিত্রে কাব্য আলমগীর- এই দুটি চরিত্র দারিদ্র্যের বাস্তবতায় আবদ্ধ হলেও তাদের অন্তর্জগতের দ্বন্দ্ব, আবেগ ও বেদনার বহিঃপ্রকাশ নাটকে এক অনন্য মাত্রা যুক্ত করেছে।চরিত্র দুটি পরস্পরের প্রতি অগাধ আস্থা ও নির্ভরতায় জড়ানো। এই আন্তরিক সম্পর্কের টান, নিঃশব্দ রোমান্স ও আবেগের পরিমিতির প্রকাশ তারা যথার্থই করতে পেরেছেন নাটকে, যা দর্শকদের গভীরভাবে স্পর্শ করেছে।

গোপালের চরিত্রে চন্দন চৌধুরী ছিলেন স্বতঃস্ফূর্ত, সংলাপ প্রক্ষেপণের সূক্ষ্মতায় তিনি চরিত্রটিকে জীবন্ত করে তুলেছেন। চৈতালী চ্যাটার্জীর ভূমিকায় জাকরিন আবেদীন ছিলেন সাবলীল। একজন আইনজীবীর স্বভাবজাত দৃঢ়তার প্রকাশ তিনি দক্ষতার সাথেই মঞ্চে ফুটিয়ে তুলেছেন।

অভিনেতা-দর্শকের মাঝে এক সেতুবন্ধ তৈরি করতে সক্ষম হয়েছেন নির্দেশক জহির মাহমুদ। জটিলতা নয়, বরং সরলতার মোড়কে তিনি যে গল্পটি উপস্থাপন করেছেন, তা নাটকের প্রাণ হয়ে উঠেছে। তাঁর নির্দেশনায় যেন দৃশ্য ও অনুভব একসাথে মিশে গেছে।

নাটকটি প্রযোজনার সার্বিক তত্ত্বাবধানে ছিলেন নার্গিস আহমেদ, প্রযোজনা অধিকর্তা রিপা আহমেদ, মঞ্চ ব্যবস্থাপনা এস কে বুখারি ও মিন্টন আহমেদ, আবহ সংগীত কাবেয়ানা তুলি, আলোক পরিকল্পনা ও নিয়ন্ত্রণ আবু সুফিয়ান বিপ্লব সেটওলনায় ছিলেন আনিস জহির, বস্ত্র অফিস নিয়ন্ত্রন করেছেন অমিতা ইসলাম, ভিডিও চিত্রধারন তানভির আজহার সুকি মিলনায়তন ব্যবস্থাপনায় ছিলেন মোহাম্মদ মোহসিন, লুৎফর রহমান, শারমিন মোহসিন, আলেয়া ফেরদৌসী, শাহ আলম, রুকসানা আরা, লেমন চৌধুরী, শাহলা আজিম, রুমি মুস্তফা, সুমন শেখ, শাহনাজ পারভিন রিতা, আকাশ আহসান, লিলি ইসলাম, নিশাত খান্না, জুয়েল খান্না, ফারজানা মম সুলতানা ও জাহান।




## এনবিসিএস'র রক্তদান কর্মসূচী অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

হয়ে সারাদিন শ্রম দিয়েছেন এনবিসিএস এর পক্ষে ডা. নাফিসুর রহমান, হেলালে আলম টিটু, আশরাফ উজ্জামান, আজহার আলী খান, আওকাত হোসেন খান, নাহিদা হাবীব, মনজুর কাদের, মাহমুদ কবীর, মেডিক্যাল এসোসিয়েশনের পক্ষে ডা. হাসান, ডা. কবীর হাসান, ডা. আতা উল্লাহ বিপুল, ডা. রুলি, জেবিএর পক্ষে আহসান হাবীব, রাব্বী সৈয়দ প্রমুখ।

আয়োজকরা জানান, মানুষের রক্তের কোষগুলো স্বাভাবিক জৈব শারিরীক নিয়মেই প্রতিনিয়ত তৈরী হয় ও একটি নির্দিষ্ট সময় পর তা এমনিতেই মরে যায়। এটি অনেকটা মুখে থুথু তৈরী হওয়ার প্রক্রিয়ার মতোই। সুস্থ স্বাভাবিক মানুষ রক্ত দিলে তেমন কোন ক্ষতি তো হয়ই না বরং অনেক ক্ষেত্রে তা দেহ মনের জন্য উপকার বয়ে আনে। একজনের দেয়া এক ব্যাগ রক্তে তিনজন পর্যন্ত বিপন্ন মানুষ বেঁচে যেতে পারে।

বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোনঃ 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
169-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254

WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**
রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর
Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760
Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা



USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন







SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## স্ত্রী আল্লাহর দেওয়া শ্রেষ্ঠ উপহার

২৫ পৃষ্ঠার পর

তোমাদের একটি মাত্র ব্যক্তি হতে সৃষ্টি করেছেন এবং তা থেকে তাঁর জোড়া সৃষ্টি করেছেন। এরপর সেই দুজন থেকে বহু নর-নারীর বিস্তার ঘটিয়েছেন।' (সুরা নিসা: ১)।

দাম্পত্যজীবনের বন্ধনের কথা স্মরণ করিয়ে দিয়ে মহান আল্লাহ বলেন, 'আর তিনিই পানি থেকে মানুষ সৃষ্টি করেছেন। এরপর মানুষের মাঝে বংশীয় সম্পর্ক ও বৈবাহিক আত্মীয় সম্পর্ক স্থাপন করেছেন। তোমার প্রতিপালক সবকিছু করতে সক্ষম।' (সুরা ফুরকান: ৫৪)।

দাম্পত্য এই জীবনে স্বামী-স্ত্রী একে অন্যের সহায়ক ও পরিপূরক। কোরআনের ভাষায়, 'তারা তোমাদের আবরণ এবং তোমরা তাদের আবরণ।' (সুরা বাকারা: ১৮৭)।

স্বামী-স্ত্রীর মাঝে নিজেদের সঠিক বোঝাপড়া জীবনে এনে দেয় প্রশান্তি ও প্রেমের ছায়া। বেলা শেষে স্বামীর উপস্থিতি স্ত্রীর জন্য হয় আশ্রয়ের মতো। আর দিনভর হাজারো চাপে পুরুষ যখন ক্লান্ত, তখন তার মনে প্রশান্তি ব্যতান বয়ে যায় স্ত্রীর সংস্পর্শে। পবিত্র কোরআনে তা এসেছে এভাবে, 'তিনি তোমাদের জন্য তোমাদের মধ্য থেকেই সঙ্গিনী সৃষ্টি করেছেন যাতে তোমরা তার কাছে প্রশান্তি লাভ করতে পারো। আর তিনি তোমাদের মধ্যে পারস্পরিক ভালোবাসা ও দয়া সৃষ্টি করেছেন।' (সুরা রুম: ২১)।

## আওয়ামী সমর্থকরা কাকে ভোট দেবে

১০ পৃষ্ঠার পর

করে আসন সমঝোতা করবে বলে উদ্যোগী দলের পক্ষ থেকে জানানো হয়েছে। যারা উচ্চকক্ষে নিম্নকক্ষের ভোটের হিসাবে আসন চায়, তারা সবাই মিলেও একটা সমঝোতায় আসার চেষ্টা করছে বলে প্রতিবেদনে বলা হয়। কিন্তু এখানেও সমস্যা আছে। বিএনপি নেতৃত্ব ইতিমধ্যে ১২-দলীয় জোট, নাগরিক ঐক্য, গণসংহতি, বিপ্লবী ওয়ার্কার্স পার্টি ও গণ অধিকার পরিষদের শীর্ষ নেতাদের নিজ নিজ এলাকায় সাংগঠনিক কার্যক্রম চালাতে সহযোগিতা করতে বলেছে স্থানীয় কমিটিকে। এটাকে নির্বাচনী সমঝোতা হিসেবে দেখছেন রাজনৈতিক বিশ্লেষকেরা।

প্রশ্ন উঠেছে, এই নির্বাচনে আওয়ামী লীগ সমর্থক ভোটাররা কী করবেন? সরকার নির্বাহী আদেশে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করেছে। নির্বাচন কমিশন আওয়ামী লীগের নিবন্ধন স্থগিত করেছে। আওয়ামী লীগের নেতাদের একাংশ দেশের বাইরে পালিয়ে গেছেন। একাংশ জেলে বা আত্মগোপনে আছেন। কিন্তু দলের লাখ লাখ সমর্থক ভোটার তো আছেন। তাঁরা কাকে ভোট দেবেন? আবার তাঁরা ভোটকেন্দ্রে না গেলে নির্বাচন কতটা অন্তর্ভুক্তিমূলক হবে?

৪ জুন ঢাকায় জাতিসংঘের আবাসিক সমন্বয়ক গোয়েন লুইস ডিকাবের সংলাপে বলেছিলেন, আওয়ামী লীগ না থাকলেও জনগণের অংশগ্রহণ সঠিকভাবে হলে আগামী নির্বাচন অন্তর্ভুক্তিমূলক হতে পারে। সে ক্ষেত্রে আওয়ামী লীগ সমর্থকদের ভোট কেবল জয়-পরাজয় নির্ধারণ করবে না, নির্বাচন অন্তর্ভুক্তিমূলক করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এখানে নির্বাচন কমিশনের চ্যালেঞ্জ হবে অধিকসংখ্যক ভোটারের উপস্থিতি নিশ্চিত করা। এখন আর ১০ বা ১৫ শতাংশ ভোটারের উপস্থিতি থাকলেই নির্বাচনকে জায়েজ করা যাবে বলে মনে হয় না। আর নির্বাচনে প্রতিদ্বন্দ্বী দলগুলোর চ্যালেঞ্জ হলো নিজেদের পক্ষে আওয়ামী লীগ সমর্থকদের কাছে টানা।

১৯৯১ সাল থেকে এ পর্যন্ত যতটা প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন হয়েছে, আসন যা-ই হোক বিএনপি ও আওয়ামী লীগের ভোটের হারে খুব বেশি ফারাক নেই। ১৯৯১ সালে ৩০ দশমিক ৮ শতাংশ, ১৯৯৬ সালে ৩৩ দশমিক ৬, ২০০১ সালে ৪১ ও ২০০৮ সালে ২২ শতাংশ ভোট পায় বিএনপি। ওই চার নির্বাচনে আওয়ামী লীগের প্রাপ্ত ভোট ছিল ৩০ দশমিক ২ শতাংশ, ৩৭ দশমিক ৪, ৪০ দশমিক ১ ও ৪৯ শতাংশ। বিএনপির নেতৃত্বাধীন জোট ২০০১ সালে ৪৭ ও ২০০৮ সালে ৩৭ দশমিক ৬১ শতাংশ ভোট পেয়েছিল।

বিএনপির নেতৃত্ব মনে করে, আওয়ামী লীগের অনুপস্থিতিতে তাঁরাই আওয়ামী সমর্থক ভোটারদের ভোট পাবেন। কেননা ধর্মভিত্তিক কোনো দলকে আওয়ামী লীগের সমর্থকদের ভোট দেওয়ার সম্ভাবনা কম। জয়ের সম্ভাবনা না থাকলে তাঁরা বামপন্থী প্রার্থীকেও ভোট দিতে আগ্রহী হবেন না। নির্বাচন এলেই দেখা যাবে আওয়ামী লীগ সমর্থক ভোটাররা কার পক্ষে যান। তবে আওয়ামী লীগবিহীন আগামী নির্বাচনে আওয়ামী লীগ সমর্থক ভোটাররা জয়-পরাজয়ে যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন, সেটা হলফ করে বলা যায়।

লেখক: সাংবাদিক ও কবি।

## স্পেনে মুসলিম শাসনের স্মৃতি

২৫ পৃষ্ঠার পর

বার্সেলোনার একজন সুপরিচিত র‍্যাপসংগীত শিল্পী।

রাইনা স্প্যানিশ, কাতালান ও আরবি ভাষায় র‍্যাপ করেন। এর মাধ্যমে তিনি আধুনিক স্প্যানিশ সমাজের মিশ্র সংস্কৃতির শক্তিশালী দিকটি তুলে ধরতে চান। এ ছাড়া তিনি আরব, মুসলিম ও মুসলিম নারীদের প্রতি প্রচলিত ধারণাগুলোকে চ্যালেঞ্জ করতে চান।

স্থানীয় সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো বলছে, স্পেনের দৈনন্দিন জীবনেও আরবির ব্যবহার বাড়ছে। তা ঘটছে প্রধানত মরক্কো, আলজেরিয়া ও অন্যান্য আরব দেশ থেকে আসা অভিবাসীদের মাধ্যমে।

আরব-স্প্যানিশ কালচারাল ইনস্টিটিউট কাসা আরাবির মহাপরিচালক মিগুয়েল মোরো আগুইলার জানান, ২০২১ সালের পরিসংখ্যান অনুসারে স্পেনের ১০ লাখ এক হাজার ৭৯২ জন নাগরিকের প্রথম ভাষা আরবি, যা জনসংখ্যার ২.১৭ শতাংশ। এর বাইরে বহু মানুষের দ্বিতীয় ও তৃতীয় ভাষা আরবি। ফলে অনারবদের আরবি শেখানোর জন্য বহু প্রতিষ্ঠানও গড়ে উঠছে। আরবি ভাষাবিদ, সাহিত্য সমালোচক ও কবি কার্লাত্তো আন্তু রেসালো বলেন, 'আমি বিশ্বাস করি অভিবাসন প্রবাহ, বিশেষত উত্তর আফ্রিকা থেকে স্পেনে অভিবাসন সুনিশ্চিতভাবে মিশ্র সংস্কৃতিকে শক্তিশালী করছে, যা অনমনীয় স্থানীয় পরিচয়কে বিপন্ন করবে।' মাদ্রিদ অ্যাসেম্বলিতে ম্যাস মাদ্রিদের প্রতিনিধি জেমিনা গঞ্জালেস দাবি করেন, আরবি স্পেনেরই একটি ভাষা। গত মাসে আরবি ভাষা ও মরক্কান সংস্কৃতি শেখানোর পরিকল্পনাকে সমর্থন করে তিনি এই মন্তব্য করেন। তিনি আরো বলেন, 'এমনকি ক্যাথলিক ইসাবেলাও তা (আরবি ভাষা ও সংস্কৃতি) মুছে ফেলতে পারেননি।'

স্পেনে আরবি ভাষা ও মরক্কান সংস্কৃতির পাঠদান চলমান শিক্ষাকাঠামোরই অংশ। দীর্ঘমেয়াদি এই পরিকল্পনা বাস্তবায়নে অর্থায়ন করছে মরক্কো এবং স্পেন তাতে সম্মতি জানিয়েছে। মরক্কোর বংশোদ্ভূত শিশুদের আরবি ভাষা ও মরক্কান সংস্কৃতি শেখাতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। আন্দালুসিয়া, কাতালোনিয়া, মাদ্রিদসহ বিভিন্ন অঞ্চলে এই কার্যক্রম চলমান।

স্পেনের 'রিয়েল একাডেমিয়া এস্পানোলা'-এর ভাষাবিদরা স্বীকার করেছেন যে চার হাজারেরও বেশি স্প্যানিশ শব্দ আরবি ভাষা থেকে এসেছে, যা স্প্যানিশ শব্দভান্ডারের প্রায় ৮ শতাংশ। ল্যাটিনকে স্প্যানিশ ভাষার ভিত্তিভূমি মনে করা হয়। তবে স্প্যানিশ ভাষার ওপর আরবির স্থায়ী ও স্বতন্ত্র প্রভাব রয়েছে, বিশেষ করে বিজ্ঞান, কৃষি ও দৈনন্দিন জীবনের নানা অনুষঙ্গে মুসলিম আমলে সৃষ্টি পরিভাষাগুলো এখনো ব্যবহৃত হয়। যেমনকৃষি খাতে জাইতুন (জলপাই) থেকে আসাইতুনা, জাফরান থেকে আজাফ্রান ইত্যাদি। গণিতে আলজেবরা ও সিফর (শূন্য) থেকে সিরো ইত্যাদি। স্থাপত্যে আল কাসার (প্রাসাদ), আলমিনার (মিনার) ইত্যাদি। দৈনন্দিন আসবের মধ্যে আল মোখাদা (বালিশ), সুক্কার (চিনি) থেকে আজুকার ইত্যাদি।

ইউনিভার্সিটি অব আলমেরিয়ার অ্যারাবিক অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক লুইসা আরভাইদ দাবি করেন, স্প্যানিশ ভাষার ওপর সমকালীন আরবির প্রভাব সামান্য। কেননা আরব অভিবাসীরা দারিজা ও আমাজিগের মতো উপভাষা ব্যবহার করে। তাদের অনেকে ফ্রেঞ্চ ও স্প্যানিশ ভাষায়ও কথা বলে। তবে এটাও সত্য যে আরব বংশোদ্ভূত শিল্পী-সাহিত্যিকরা তাঁদের শিল্পকর্মে শিকড়ের সন্ধান করে থাকেন এবং তাঁরা সাংস্কৃতিক অঙ্গনে প্রভাব বিস্তারের চেষ্টা করেন। তাঁরা আন্তরিকভাবে চান স্পেনে আরবি ভাষা ও সংস্কৃতির পুনর্জাগরণ ঘটুক।

দ্য নিউ আরব অবলম্বনে

## প্রতিরাতে ঘুমের আগে ত্বকের পরিচর্যা

২২ পৃষ্ঠার পর

যান।

**শুষ্ক ও স্বাভাবিক ত্বকের পরিচর্যা**

যেকোনো ত্বক পরিষ্কার করতে হয় সাধারণত তিনটি ধাপে। যেমন- ক্লিনজিং, টোনিং ও ময়েশ্চারাইজিং ও অ্যারোমথেরাপি চিকিৎসা।

১. শুষ্ক ও স্বাভাবিক ত্বক পরিষ্কার করার জন্য ক্লিনজিং জেল ব্যবহার করতে পারেন। এতে ত্বক নরম ও মসৃণ থাকবে।

২. প্রথমে পুরো মুখে ক্লিনজিং জেল ম্যাসাজ করুন। তারপর তুলোর বল ভিজিয়ে পানি নিংড়ে তা দিয়ে ঘষে ঘষে ত্বক পরিষ্কার করুন।

৩. সব শেষে লাগান ময়েশ্চারাইজার। ময়েশ্চারাইজার ক্রিম ও লোশন দুটোই পাওয়া যায়। হাতে খানিকটা ক্রিম বা লোশন নিয়ে কয়েক ফোঁটা পানি সঙ্গে মেশান। তারপর সার্কুলেশন মুভমেন্টে মুখে ম্যাসাজ করুন।

৪. গলায় ও হাতেও লাগাবেন। চোখের নিচে লাগান আন্ডার আই ক্রিম। তবে চোখে ক্রিম লাগিয়ে ঘুমিয়ে পড়বেন না। পনেরো মিনিট পর ভেজা তুলো দিয়ে চোখের ক্রিম মুছে নিন। তা না হলে চোখের কোল ফুলে যাবে।

**যদি তৈলাক্ত ও মিশ্র ত্বক হয়**

১. এ ধরনের ত্বক পরিষ্কার করার জন্য ক্লিনজিং লোশন বেশ উপকারী। প্রথমে পুরো মুখে ক্লিনজিং লোশন লাগান। তারপর ভেজা তুলা দিয়ে ঘষে তুলে ফেলুন।

২. এরপর ফেসওয়াশ বা উপটান দিয়ে মুখ ধুয়ে ফেলুন। ফেসওয়াশ বা উপটান প্রথমে মুখে ভেজা হাতে ম্যাসাজ করুন। তারপর পানির ঝাপটা দিয়ে ধুয়ে ফেলুন।

৩. তৈলাক্ত ত্বকের জন্য অ্যাস্ট্রিনজেন্ট লোশন খুব উপকারী।

৪. এ ধরনের ত্বকে পানি মিশিয়ে ময়েশ্চারাইজার লাগাতে পারেন। তৈলাক্ত ত্বকে কোনো ক্রিম ব্যবহার করবেন না। কারণ এতে ত্বক আরও তৈলাক্ত হয়ে লোমকূপ বন্ধ হয়ে যায়।

৫. ত্বকে মিশ্র প্রকৃতির ত্বক হলে নারিশিং ক্রিম লাগাতে পারেন।

৬. ত্বকে ব্রণ থাকলে চিকিৎসকের সহায়তা নিন।

যদি দেখেন আপনার ত্বক এসব করার পরও তেমন জৌলুস নেই তখন চিকিৎসকরা আপনাকে আধুনিক চিকিৎসা পিআরপি, ফেসপিআরপি, বোটক্স, ফিলার, কেমিক্যেলপিলিং এসব চিকিৎসার মাধ্যমে আপনার ত্বকের সৌন্দর্য ফিরিয়ে আনতে সক্ষম হবে।

লেখক: সহকারী অধ্যাপক (চর্ম, যৌন ও অ্যালার্জি), স্যার সলিমুল্লাহ মেডিকেল, কলেজ হাসপাতাল, ঢাকা।

## কার মতে কার ঐক্য?

১২ পৃষ্ঠার পর

করেছেন, তারাই জাতীয় সনদের অনুপ্রেরণা। জুলাই গণঅভ্যুত্থানে শ্রমজীবী, পেশাজীবী, ছাত্র-জনতা, প্রান্তিক মানুষ সবাই মিলে প্রমাণ করেছেন, বীরত্ব কোনো শ্রেণির নয়, এটি মানুষের চেতনার শ্রেষ্ঠতম রূপ। এই গণঅভ্যুত্থানের অভিপ্রায়ই জাতীয় সনদের নৈতিক ভিত্তি। রক্তস্নাত গণঅভ্যুত্থানের পর বাংলাদেশের বর্তমান রাজনৈতিক, সামাজিক ও সাংবিধানিক প্রেক্ষাপটে একটি 'জাতীয় সনদ' প্রণয়ন অপরিহার্য। সরকার ৮ আগস্টকে নতুন বাংলাদেশ দিবস করার কাজেও হোঁচট খেয়ে সরে এসেছে। ভেতরে-ভেতরে অবস্থা স্বস্তিদায়ক নয়। নির্বাচন সামনে রেখে চিত্রের বাইরেও অনেক প্রশ্ন ঘুরছে। সংস্কারের বিষয়ে রাজনৈতিক দলগুলো কতটা ঐকমত্যে আসতে পারবে, এলেও কত সময় লাগবে এমন অনেক জিজ্ঞাসার জবাব মিলছে না। কথা ছিল আলোচনা শেষ হওয়ার পর সবার জুলাই সনদে সই করার কথা, যার ভিত্তিতে আগামী নির্বাচন হবে। সেখানে এখন অনেক ধোঁয়াশা। কারও মতে, মৌলিক সংস্কার না হলে নির্বাচন করলে ফের স্বৈরতন্ত্রের আগমন ঘটবে। কেউ বলছেন, সংস্কার নিয়ে বেশি জোরাজুরি করলে নির্বাচনই অনিশ্চিত হয়ে পড়বে। আবার কারও মতে, সংস্কারের জন্য অন্তর্বর্তী সরকারের নেওয়া উদ্যোগ আরোপিত। মত চাপিয়ে দেওয়ার মানসিকতা। বিএনপির সঙ্গে ঐকমত্য কমিশনের অনেক দ্বিমত। নতুন দল এনসিপি অধিকাংশ বিষয়ে কমিশনের সঙ্গে সহমত। অন্যান্য দলের মধ্যে গণতন্ত্র মঞ্চ ও ১২ দলীয় জোট বিএনপির প্রস্তাবের সঙ্গে মোটামুটি একমত। বিএনপির ৩১ দফায় অনেকেরও সায় ছিল।

জামায়াতে ইসলামীসহ দক্ষিণমুখীদের বিভিন্ন বিষয়ে সায় এনসিপির দিকে। মাঠের রাজনীতিতে তা এখন বিরোধের ঘনঘটায় রূপ নিয়েছে। দুই পক্ষই একে অপরের বিরুদ্ধে প্রশাসনকে প্রভাবিত করাসহ নানা অভিযোগ ছুড়ছে। বিএনপির বড় অভিযোগ, অন্তর্বর্তী সরকার এনসিপিকে পৃষ্ঠপোষকতা করছে। এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম সরকার থেকে পদত্যাগ করলেও অপর দুজন করেননি। তারা নিজেদের অবস্থানও ব্যাখ্যা করেননি। এ অবস্থায় জাতীয় ঐকমত্য কমিশন কীভাবে বহুমত-পথকে এক জায়গায় করবে? কার মতের সঙ্গে কার মতকে মেলাবে? কাকে সহমত পার্টিতে জায়গা দেবে? এসব প্রশ্ন গোটা অবস্থাকে জটিল থেকে জটিলতর করে তুলছে। সেক্ষেত্রে কাঙ্ক্ষিত-আলোচিত সনদ বা ঘোষণাই বরবাদ হয়ে যাওয়ার শঙ্কা ভর করেছে। বিশ্ব ইতিহাসে দেশে দেশে বহুবার 'জাতীয় সনদ' বা 'গণচুক্তি'র মাধ্যমে সমাজ পুনর্গঠনের নজির রয়েছে। এটি একটি রাজনৈতিক দলিল। ফ্যাসিবাদী ব্যবস্থার বিপরীতে গণমানুষের ঐকমত্যের স্মারক। ভবিষ্যতের জন্য রাষ্ট্রের সঙ্গে জনগণের রাজনৈতিক ও নৈতিক চুক্তি। সেই চুক্তি নানান যুক্তিতর্কে কেবলই বিলম্বিত। এক জুলাই শেষে আরেক জুলাইতেও অনিশ্চিত। বিজয়ের সম্মিলন না থাকলে অন্যায়ের স্বীকারোক্তি ও অনুশোচনার ক্ষেত্র তৈরি হয় না। জুলাই অভ্যুত্থানে নারকীয় তাণ্ডব ও হত্যালীলার জন্য আওয়ামী লীগ নিষিদ্ধ হলেও সেজন্য এখনো কোনো অনুশোচনায় আসেনি। ভুল করেছে বলে মনেও করে না। বরং ভবিষ্যতে সুযোগ পেলে আরও করবে বা দেখিয়ে দেবে বলে হুঙ্কার ছাড়ছে।

স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং আমাদের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক শৃঙ্খলার মৌলিক নিশ্চয়তা হবে জাতীয় ঐক্য এবং সব অপশক্তি মোকাবিলার প্রেরণা। জাতীয়তাবাদ এবং রাষ্ট্রের অভ্যন্তরে বিভিন্ন জাতিসত্তার আত্মনিয়ন্ত্রণ অধিকার নিশ্চিত করাই হবে স্বাধীনতা-সার্বভৌমত্বের রক্ষাকবচ। 'জাতীয় সনদ' কোনো বিনামূল্যের উপহার নয়, বরং রক্ত দিয়ে অর্জিত সমগ্র জাতির আকাঙ্ক্ষার অভিব্যক্তিস্বরূপ প্রজাতন্ত্রের একটি উজ্জ্বল মহাকীর্তি। 'জাতীয় সনদ' কেবল একটি রাজনৈতিক চুক্তি নয় এটি ইতিহাস, ন্যায়, রক্তের উত্তরাধিকার এবং ভবিষ্যতের মধ্যে একটি নৈতিক সেতুবন্ধ। 'জাতীয় সনদ' একটি ঘোষণা, একটা দৃঢ়সংকল্প, একটি প্রতিশ্রুতি এবং আমাদের প্রত্যেক নাগরিকের জন্য এটা একটা পবিত্র উৎসর্গ। নানা ঘটনা ও কাণ্ডকীর্তিতে সেখানে পবিত্রতার বদলে অপবিত্রতার ছায়াপাত। এসব হায়ার প্রতিফলন বিএনপি, জামায়াত, এনসিপি, বাম ও ইসলামপন্থি দলগুলোর মধ্যে। যা জাতীয় ইস্যুতে রাজনৈতিক ঐকমত্য গড়ে তোলাকে মহাচ্যালেঞ্জে ফেলেছে। আর সাংবিধানিক ও প্রশাসনিক সংস্কার, ক্ষমতা কাঠামো ও সংবিধানের মৌলিক সংস্কারও বড় চ্যালেঞ্জ সরকারের কাছে। এসব চ্যালেঞ্জ না জিতলে, চলমান অবিশ্বাস-অস্থিরতা দীর্ঘস্থায়ী হয়ে ওঠার সমূহ শঙ্কা সাধারণ কাণ্ডজ্ঞানেই বোধগম্য।

লেখক: সাংবাদিক-কলামিস্ট ডেপুটি হেড অব নিউজ, বাংলাভিশন।

## লঙ্কান ঘূর্ণিতে ৭৭ রানে হারল বাংলাদেশ

৫২ পৃষ্ঠার পর

পথেই এগোচ্ছিল বাংলাদেশ। ১৭তম ওভারেই দলীয় শত রান স্পর্শ করেছিল বাংলাদেশ। তবে হঠাৎ রান আউটে কাটা পড়েন শান্ত। ২৬ বলে ২৩ রান করেছেন তিনি।

শান্ত ফেরার পরই ধস নামে বাংলাদেশের ইনিংসে। ৫ রান যোগ করতেই সাজঘরে ফেরেন বাংলাদেশের আরো ৬ ব্যাটার। লিটন দাস, তানজিদ তামিম, তাওহিদ হৃদয়, মেহেদি হাসান মিরাজ, তানজিম সাকিব ও তানজিদ আহমেদের সবাই ব্যর্থ ছিলেন। তাদের মধ্যে লিটন, মিরাজ ও তানজিদ ডাক পেয়েছেন।

শেষদিকে একাই লড়াই জিইয়ে রেখেছিলেন জাকের আলি অনিক। তবে তার হাফ-সেঞ্চুরির ছোঁয়া ইনিংসও বাংলাদেশের জয়ের জন্য যথেষ্ট হয়নি। শেষমেশ ৭৭ রানে হেরেছে বাংলাদেশ। জাকের ব্যাট থেকে ৫১ রান এসেছে।

শ্রীলঙ্কার পক্ষে হাসারাঙ্গা নেন ৪ উইকেট। দুই হাতে বোলিং করে কামিন্দু মেন্ডিসের শিকার ৩টি।

এর আগে, কলম্বোর প্রেমাদাসা স্টেডিয়ামে টস জিতে ব্যাট করতে নেমে শুরুতেই হোঁচট খেল শ্রীলঙ্কা। তৃতীয় ওভারেই পাথুম নিশাঙ্কাকে সাজঘরে ফেরান তানজিম সাকিব। ৮ বলে ০ রানে সাজঘরে ফেরেন নিশাঙ্কা।

পরের ওভারে আরেক ওপেনার নিশান মাদুশঙ্কাকে বোল্ড করে দেন তানজিদ আহমেদ। ১৩ বলে ৬ রান করে সাজঘরে ফেরেন তিনি। ১১ রানে ২ উইকেট হারায় লঙ্কানরা।

ইনিংসের সপ্তম ওভারের প্রথম বলে চারে নামা কামিন্দু মেন্ডিসও ৪ বল খেলে কোনো রান না করেই তানজিদের বলে আউট হয়ে ফেরেন।

মাত্র ২৯ রানেই ৩ উইকেট হারিয়ে বিপদে পড়ে শ্রীলঙ্কা। তবে সেই চাপ সামাল দেন কুশল মেন্ডিস ও অধিনায়ক চারিথ আসালাঙ্কা। দুজনে মিলে গড়েন গুরুত্বপূর্ণ জুটি। আক্রমণাত্মক ব্যাটিংয়ে এগিয়ে যান কুশল, তবে ফিফটির কাছাকাছি গিয়ে ৪৩ বলে ৪৫ রান করে তানভীর ইসলামের বলে আউট হন তিনি। দলীয় রান তখন ৮৯।

অন্যদিকে একপ্রান্ত ধরে ব্যাট করে যান আসালাঙ্কা। তার ব্যাটে ধীরে ধীরে ঘুরে দাঁড়াতে থাকে শ্রীলঙ্কা। ছয় নম্বরে নামা জানিথ লিয়ানাগে ৪৩ বলে ২৯ রান করে শান্তর বলে আউট হন। এরপর আসালাঙ্কার সঙ্গে ছোট ছোট জুটি গড়েন মিলান রত্নায়েকে (২২ রান) ও ওয়ানিন্দু হাসারাঙ্গা (২২ রান)। শেষ দিকে ঝড় তোলেন আসালাঙ্কা। পূর্ণ করেন দারুণ এক সেঞ্চুরি। খেলেন ১২৩ বলে ১০৬ রানের অনবদ্য ইনিংস।

তবে ইনিংসের শেষ ওভারে তানজিম হাসান সাকিব ফেরান তাকে। এরপর একই ওভারে রানআউট হন ঈশান মালিঙ্গা। শেষ পর্যন্ত ৪৮.৫ ওভারে ২৪৪ রানে অলআউট হয়ে যায় শ্রীলঙ্কা। বাংলাদেশের হয়ে বল হাতে সর্বোচ্চ ৪ উইকেট নেন তানজিদ আহমেদ। তানজিম হাসান সাকিব নেন ৩ উইকেট। তানভীর ইসলাম ও নাজমুল হোসেন শান্ত পেয়েছেন একটি করে উইকেট।




- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

**MD Golam Mostofa, ESQ.**
**NY State Attorney**
*LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.*
*Barrister-At-Law, London.*
*Attorney-At-Law, NY.*

**Address:**
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
# নির্ভরযোগ্য নিশ্চয়তা
প্রদান করি



# ZAM ZAM
## TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার

## কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
*in a Partnership with*

إثراء الخير
ITHRAA ALKHAIR

### এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

### ঢাকা অফিস
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

### নিউইয়র্ক অফিস
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com    zamzamtravelus@gmail.com

## সোশ্যাল মিডিয়ার বিশ্বাসযোগ্যতা প্রায় তলানীতে

৫ পৃষ্ঠার পর

নিজের 'কমন সেন্স' প্রয়োগ করলেই তো হয়। তথ্যের উৎস গুরুত্বপূর্ণ। উৎস নির্ভরযোগ্য কি না তাও বিবেচনায় আনতে হবে। মূল ধারার নির্ভরযোগ্য সংবাদমাধ্যম কী বলছে, তাও যাচাই করা যেতে পারে। জীবন এখন অনেক গতিময়। কোনো নিয়ন্ত্রণ না থাকলে লাগামছাড়া হয়ে পড়াই জীবনের ধর্ম। গতির লাগাম টানতে ব্যর্থ হলে দুর্ঘটনা অনিবার্য। সোশ্যাল মিডিয়ায় মিথ্যাচার ও অতিরঞ্জন বন্ধ করতে হবে। এটা করতে না পারলে বিপদ খুব বেশি দূরে নেই। শুধু আইন করে সবকিছু নিয়ন্ত্রণ করা যায় না। আইন মানা বা আইন মানতে বাধ্য করা গুরুত্বপূর্ণ। তবে এ মাধ্যমে মিথ্যাচার চিরতরে বন্ধ করতে পারে আমাদের সততা ও সচেতনতা। এটা ছেলেখেলা নয়। এটা যে গর্হিত অপরাধ, সেই চেতনা সবার আগে জাগ্রত হওয়া দরকার।
লেখক: প্রাবন্ধিক।

## অল্প বয়সে চুল পড়ার কারণ ও চিকিৎসা

২২ পৃষ্ঠার পর

লিয়েই শুরু হতে পারে। এ ক্ষেত্রে ওষুধের মাধ্যমে চুল ধরে রাখা যায়। তবে তা পুরোপুরি সারানো যায় না।
চিকিৎসা: চুল পড়া রোধে এর পুষ্টি নিশ্চিত করতে হবে। আর চুলের পুষ্টি আসে হেয়ার ফলিকলের শিরা-উপশিরা থেকে। তাই চুলের পুষ্টি সঞ্চালন করতে হলে হেয়ার ফলিকলের নিচে, ত্বকের গভীরে হেয়ার ফলিকলে রক্ত সঞ্চালন বাড়াতে হবে। রোগীভেদে চিকিৎসক খাওয়ার ওষুধ, চুল পড়া বন্ধের লোশন, শ্যাম্পু ইত্যাদি প্রেসক্রাইব করে থাকেন। আধুনিক চিকিৎসা হচ্ছে মেসোথেরাপি ও পিআরপি। এ ধরনের আধুনিক চিকিৎসা করতে বেশ কয়েকটি সেশন ও সময় লাগে। অ্যান্ড্রোজেনিক অ্যালোপেশিয়া বা বংশগত টাকের জন্য এটি একটি কার্যকরী চিকিৎসা। চুলের চিকিৎসা দীর্ঘমেয়াদে নিতে হয়। তাই ধৈর্য প্রয়োজন এবং লাইফস্টাইল ও খাদ্যাভ্যাসে পরিবর্তন কাম্য।
লেখক: সহ-অধ্যাপক, চর্ম যৌন এলার্জি ও চুল রোগ বিশেষজ্ঞ; শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ।

## এক-এগারোর চেয়ে অনেক ভয়ংকর

৭ পৃষ্ঠার পর

আর এদিনের পার্থক্য হলো-তখন বাংলাদেশের রাজনীতির সবচেয়ে মেধাবী, যোগ্য এবং পরীক্ষিত লোকদের দিয়ে কিংস পার্টি গঠনের চেষ্টা হয়েছিল। আওয়ামী লীগের সুরঞ্জিত সেনগুপ্ত, তোফায়েল আহমেদ ও আমির হোসেন আমুর নেতৃত্বে দলের সবচেয়ে মেধাবীদের জড়ো করে সংস্কারবাদী গ্রুপ তৈরি করা হয়েছিল।
বিএনপির আবদুল মান্নান ভূঁইয়া, সাইফুর রহমান, মেজর (অব.) হাফিজদের মতো শীর্ষনেতাদের সামনে রেখে যেভাবে প্ল্যান করা হয়েছিল, তা যেমন দেশে আলোড়ন তুলেছিল, তদ্রূপ ড. ইউনূস ও ড. ফেরদৌস আহমেদ কোরেশীর মতো সর্বজনস্বীকৃত মেধাবী, শিক্ষিত ও সফলদের দিয়ে কিংস পার্টি গঠন করা হয়েছিল, যার সঙ্গে বর্তমানের কিংস পার্টিগুলোর তুলনা করলে রুচির দুর্ভিক্ষের মধ্যেও টিকটিকির লেজের বার্গার খাওয়ার লিপ্সায় শরীরে যে উত্তেজনা দেখা দেবে, যা নিরসনের জন্য নেতা-নেত্রীরা সোনালাপের ভাইরাল কল্পের নতুন ইতিহাস রচনা করে জাতিকে পলাতকরণের চেষ্টা চালাবে। যা বলছিলাম, এক-এগারোর মেধা-মনন, চেষ্টা-তদবিরের সর্বোচ্চ সফলতার পরও তারা ব্যর্থ হয়েছিল মূলত অর্থনৈতিক অব্যবস্থাপনা, শীর্ষ ব্যবসায়ীদের অন্তর্ভুক্তি দেখানো, অনেককে দেশত্যাগে বাধ্য করা এবং অনেককে মামলা-মোকদ্দমার জালে ফেলে অপদস্থ করার কারণে। অধিকন্তু সারা দেশে অবৈধ স্থাপনা উচ্ছেদের নামে প্রান্তিক ব্যবসায়ী, দরিদ্র জনগোষ্ঠী এবং খেটে খাওয়া মানুষের মনে যে আতঙ্ক সৃষ্টি করেছিল তার ফলে এক বছরের মাথায় দেশের পুরো অর্থনৈতিক কর্মকাণ্ড ধপাস করে পড়ে যায়। ক্ষেত্রবিশেষে থেমে যায় অথবা টিপটিপ করে জ্বলতে থাকে।
তখনকার জমানায় মব ছিল না। সরকারি অফিস-আদালতে স্বাভাবিক চেইন অব কমান্ড ছিল। তিন বাহিনীর সঙ্গে পুলিশ, র‍্যাব, বিজিবির কর্মকাণ্ডের চমৎকার সমন্বয় ছিল। প্রধান উপদেষ্টা, সেনাপ্রধান, রাষ্ট্রপতি, সচিবালয় এবং দুদকের মতো সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোর সামান্যতম দূরত্ব ছিল না। উল্টো রাজনৈতিক সরকারের আমলের চেয়ে তাদের কর্মকাণ্ডের সমন্বয় অধিকতর কার্যকর ছিল। রাজনৈতিক দলগুলোর সঙ্গে সরকারের সমঝোতা ছিল চমৎকার এবং দেশের আমজনতা আইন-আদালত ও বিধিব্যবস্থার প্রতি ছিল অনুগত। ফলে এক-এগারোর সময় শেখ হাসিনা এবং বেগম জিয়ার গ্রেপ্তারের পরও সামান্য অস্থিরতা লক্ষ করা যায়নি। উল্লিখিত অবস্থার সঙ্গে যদি ২০২৫ সালের জুন মাসের বাস্তব পরিস্থিতির তুলনা করেন, তবে দেখতে পাবেন যে কোথাও চাল আছে তো চুলা নেই। ঘরের বেড়া আছে তো দরজা নেই। কিংবা অন্ধকারে বাতি জ্বালানোর জন্য তেল আছে তো হারিকেন নেই। অথবা বাতি আছে তো বিদ্যুৎ নেই। একইভাবে সরকার আছে তো আইনকানুনের বালাই নেই। ব্যাংক আছে কিন্তু ব্যবসা করার টাকা নেই। পুলিশ আছে কিন্তু মনোবল নেই। আর্মি আছে কিন্তু জনমনে স্বস্তি নেই। ফলে সারা দেশে এমন এক অদ্ভুত অবস্থা তৈরি হয়েছে, যার সম্ভাব্য পরিণতি আন্দাজ করার মতো নেতা বা নেত্রী নেই। এক-এগারোর সময় ব্যবসাবাণিজ্যের যে বেহাল ছিল, তার চেয়ে ১০ গুণ বেহালের মধ্যে পড়েছে দেশের শিল্প-বাণিজ্য। তখনকার অর্থনৈতিক সংকটকে যদি আপনি কুয়া-ডোবার সঙ্গে তুলনা করেন, তবে বর্তমান সংকট অবশ্যই আটলান্টিক সাগরের সবচেয়ে বড় নীল তিমির সমপর্যায়ের। এক-এগারোর সময় কেউ সমস্যায় পড়লে রাষ্ট্রের কাছে আশ্রয় নেওয়ার সুযোগ ছিল এবং ক্ষেত্রবিশেষে রাষ্ট্র নিজে উদ্যোগী হয়ে অনেক ব্যবসাপ্রতিষ্ঠানের পাশে দাঁড়িয়েছিল। অন্যদিকে দেশের শীর্ষস্থানীয় শিল্পকারখানায় আগুন দিয়ে ছারখার করার পরও রাষ্ট্রের টনক নড়ছে না। শত শত বৃহৎ শিল্পপ্রতিষ্ঠানে মব তৈরি করে অবরুদ্ধ করার পরও মব সন্ত্রাসের উদ্দামনৃত্য থামছে না। অধিকন্তু আরও নিত্যনতুন মবের জন্য উসকানি দেওয়া হচ্ছে। ফলে ২০২৪ সালের ৫ আগস্টের এগারো মাসের মাথায় অর্থনীতির শনির দশার যে চিত্র বাংলার আকাশবাতাসে উড়ে বেড়াচ্ছে, তা পৃথিবীর সবাই দেখতে পেলেও আমাদের কলিকালের সংস্কারবাদীরা দেখছেন না।
লেখক : সাবেক সংসদ সদস্য ও রাজনৈতিক বিশ্লেষক।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL

37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)



Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কন্সট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড স্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।

বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# বনভোজন ২০২৫

আকর্ষণীয় র‍্যাফেল ড্র:
নিউইয়র্ক-ঢাকা এয়ার টিকেট
৬৫" টিভি, স্বর্ণালংকার
ও আকর্ষণীয় ১০টি পুরস্কার

স্থানঃ
Belmont Lake State Park
(Maple Pavilion)
625 Belmont Ave, West Babylon, NY 11704

তারিখঃ ৬ জুলাই রবিবার

সংগীত পরিবেশন করবেন
বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীত শিল্পি দিলরুবা খানের কন্যা
শিমুল খান

বিশেষ আকর্ষণ
খেলাধুলা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

Welcome to BELMONT LAKE STATE PARK

সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করবেনঃ
মোহাম্মদ এনামুল হক চৌধুরী

বনভোজনের জন্য নির্ধারিত কোন ফি নাই।

যাতায়াত নিজস্ব পরিবহন

আপনারা সকলে আমন্ত্রিত

আমন্ত্রনেঃ

আহ্বায়কঃ
ইমরুল কায়সার
347-725-5132

প্রধান সমন্বয়কারী
আরিফ চৌধুরী
347-839-9230

সদস্য সচিবঃ
মোহাম্মদ ঈসা
718-709-1371

যুগ্ম আহ্বয়কঃ
অজয় তালুকদার
মোহাম্মদ কলিম উল্লাহ

সমন্বয়কারী
জাবের শফি
মোঃ আকতার হোসেন
পল্লব রায়

যুগ্ম সদস্য সচিবঃ
মোঃ নুরুল আমিন
তানিম মহসিন
মোহাম্মদ মহিম উদ্দিন

অর্থ কমিটি
মোঃ শফিকুল আলম
646-457-5746
মোঃ নুরুল আমিন
917-294-4046

সার্বিক সহাযোগিতায়ঃ
মোহাম্মদ আলী নুর, হাজী টি আলম, ফরিদ আহমেদ চৌধুরী, মো: নওশাদ কামাল,মোহাম্মদ নাসির চৌধুরী

সার্বিক তত্ত্বাবধানেঃ
আব্দুর রহিম, মোহাম্মদ হানিফ, কাজী শাখাওয়াত হোসেন আজম, মুহাম্মদ ইলিয়াছ মিঞা, মুহাম্মদ ওয়াহিদী, সরওয়ার জামান সিপিএ, জুবায়ের মালিক, মোহাম্মদ শামসুল আলম চৌধুরী, মনির আহম্মদ, সৈয়দ এম রেজা, মোহাম্মদ সেলিম, মুহাম্মদ এনাম চৌধুরী, মো: আবছার উদ্দিন, কামাল হোসেন মিঠু, মুহাম্মদ শাহজাহান, আবু তালেব চৌধুরী চাম্পু, সৈয়দ মোরশেদ রিজভী চৌধুরী, আবুল কাশেম চট্টলা, তরিকুল হায়দার চৌধুরী, খোকন কে চৌধুরী, শ্রাবনী সিপিএ, নবী চৌধুরী, নুরুল আজিম , হাজী তৌহিদুল আলম, কাজী আশরাফ হোসেন নয়ন, মুহাম্মদ আমিন, মুহাম্মদ শওকত হোসেন, মুহাম্মদ জাহাঙ্গীর আলম, মিজানুর রহমান জাহাঙ্গীর, সৈয়দ এম হোসেন বাবর, মোহাম্মদ শাহ নুর, মোহাম্মদ সাইফুদ্দিন চৌধুরী, মুহাম্মদ সরোয়ার, মুহাম্মদ জাহাঙ্গীর আলম, হেলাল মাহমুদ, সাহাব উদ্দিন চৌধুরী (লিটন), ফোরকান উদ্দীন, মো: মুজিবুর রহমান, মুহাম্মদ দিদারুল আলম, মুহাম্মদ কাউছার, মোহাম্মদ মেজবাহ উদ্দিন, মোহাম্মদ নুরুল আনোয়ার, ইব্রাহিম দিপু, মুহাম্মদ জামাল চৌধুরী, মুহাম্মদ শাহাজাহান, আবুল কালাম, মো: নাজিম উদ্দিন, মো: সেলিম, মামুনুর রশিদ, উত্তম দাশ, মুহাম্মদ জাফর ইকবাল, মুহাম্মদ সোলাইমান, এডভোকেট মুজিবুর রহমান, এডভোকেট হামিদ, ফারুক আলী তালুকদার, মামুনুর রশিদ, মুহাম্মদ শাহনুর, মুহাম্মদ মির হোসেন, মুহাম্মদ নজরুল, প্রফেসর ইকবাল, সিরাজুল ইসলাম, খোরশেদ খন্দকার, আশ্রাব আলী খান (লিটন), মতিউর চৌধুরী, মুহাম্মদ মানু, নজরুল চৌধুরী, মুহাম্মদ আজিজ সোহেল, মুহাম্মদ করিম, মুহাম্মদ মহিউদ্দিন, মুহাম্মদ রাশেদুল আলম, মুহাম্মদ সওকত, নিকিল বাবু, শম্রাট, মুহাম্মদ বাবলু, মুহাম্মদ বাহুল আলী, মুহাম্মদ হাসান, রিংকু চৌধুরী, তৌহিদুল আলম চৌধুরী, বেলাল হোসেন ও কাজী এমরান।

নিবেদকঃ

মোহাম্মদ আবু তাহের
সভাপতি
917-775-4178

মোহাম্মদ আরিফুল ইসলাম
সাধারণ সম্পাদক
646-932-4342

চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইন্‌ক
Chittagong Association of North America Inc.

## নরসিংদী জেলা সমিতির বার্ষিক বনভোজন

৩ পৃষ্ঠার পর

আগত সবাইকে সকালের নাস্তা, তরমুজ সহ রকমারি খাবার পরিবেশন করা হয়। বনভোজনের শিশু এবং বড়দের জন্য বিভিন্ন ধরনের খেলাধুলার ব্যবস্থা ছিল, ছোটদের জন্য ব্রাউন কেইজ আর্ট, টাট্টু আঁকা, কটন ক্যান্ডি, বেলুন এনিমেল, হাওয়াই মিঠাইসহ বিভিন্ন আইটেম। বড়দের জন্য ফুটবল প্রতিযোগিতা ও মহিলাদের জন্য ছিল আকর্ষণীয় পিলো খেলা। সকাল থেকে ছিল সকলের জন্য চা, বিকালে ঝালমুড়ি, বিরানী। অনুষ্ঠানে ছিল ১০টি আকর্ষণীয় পুরস্কার। প্রাকৃতিক মনোরম পরিবেশে সবাই হাসি মুখে সারা দিনটি উদযাপন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুইন্স সোশ্যাল এন্ড হেলথ কেয়ার এর প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার মাহফুজুল হক, গেস্ট অব অনার ছিলেন আবু জাহিদ মোঃ ফজলুর রহমান বিগ্রেডিয়ার জেনারেল অব, উদ্বোধক ছিলেন আতিক পি এম এর প্রেসিডেন্ট আবুল কালাম খান, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডাঃ ইউনুস বিডি এস, অনুষ্ঠানের পৃষ্ঠপোষক মোঃ জাহিদুল হক খান অরুন, আলহাজ্ব সজল ভূঁইয়া, মোঃ দেলোয়ার হোসেন, সংগঠনের উপদেষ্টা মোল্লা মনিরুজ্জামান, আসাদুজ্জামান আসাদ, মোঃ ওয়াহিদুজ্জামান, মোঃ সাইফুল ইসলাম ভূঁইয়া, প্রধান নির্বাচন কমিশনার মোঃ মোয়াজ্জেম হোসেন, নির্বাচন কমিশনার মনিরা বেগম, সাবেক প্রধান নির্বাচন কমিশনার মাহফুজুর রহমান, সাবেক উপদেষ্টা ইঞ্জিনিয়ার এনামুল হক, সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে আরও উপস্থিত ছিলেন, আহবায়ক মোঃ শরিফুল ইসলাম সুমন। যুগ্ম আহবায়ক মোঃ গোলাম কিবরিয়া, মোঃ ওবায়দুর রহমান ভূঁইয়া ইমন, সদস্য সচিব মোঃ লুৎফর রহমান খান, যুগ্ম সদস্য সচিব মোঃ কামাল হোসেন, প্রধান সমন্বয়কারী মোঃ মাহফুজুর রহমান মুকুল, সমন্বয়কারী মোঃ কামরুজ্জামান ভূঁইয়া, মোঃ আসাদুজ্জামান বাবু, কার্যকরী পরিষদের সহ সভাপতি বাবু সন্তোষ সাহা, মোঃ আক্তারুল ইসলাম কামরুল, প্রচার সম্পাদক মোঃ ফারুক মিয়া, মহিলা সম্পাদিকা আয়েশা বেগম, আমন্ত্রিত অতিথিদের মধ্যে প্রবাসী নরসিংদী ভিত্তিক সমিতির সভাপতি মোঃ জয়নাল আবেদিন ভূঁইয়া, সাধারণ সম্পাদক আমিনুল হক, প্রধান উপদেষ্টা মেজবাহ উদ্দীন, সাবেক সভাপতি প্রবাসী নরসিংদী ভিত্তিক সমিতির মোঃ আকতার বাবুল সহ অন্যান্য নেতৃবৃন্দ। বনভোজন উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবার স্মরণিকা সোনালীস্মৃতি-২ প্রকাশিত করা হইয়াছে, সম্পাদক ছিলেন আলহাজ্ব সজল ভূঁইয়া, উপ সম্পাদক ছিলেন মোঃ আসাদুজ্জামান বাবু। স্মরণিকা সোনালীস্মৃতি-২ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি গেস্ট অব অনার, সম্পাদক, উপ সম্পাদক, সংগঠনের সভাপতি, সাধারন সম্পাদক, উদযাপন কমিটি ও আমন্ত্রিত অতিথিবৃন্দ। এ সময় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মোঃ হারুন অর রশিদ, সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ। বনভোজনে মনমুগ্ধকর সংগীত পরিবেশন ছিল সকলের জন্য আনন্দের ও বিনোদনের জন্য বিশেষ আকর্ষণ। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন প্রবাসের অত্যান্ত জনপ্রিয় সংগীত শিল্পী রুখসানা মির্জা, সজীব ও আমাল হোসেন।

## কৃষ্টির নাট্যোৎসব প্রশংসিত

৬৪ পৃষ্ঠার পর

আয়োজন। এ মিলনমেলা ছিল ভিন্নধর্মী, ভিন্ন আঙ্গিকের। এই প্রবাসে, এই নিউইয়র্কে ছড়িয়ে-ছিটিয়ে বিক্ষিপ্তভাবে যারা বাংলা নাট্যচর্চায় নিবেদিতভাবে কাজ করে চলেছেন এক মঞ্চে তুলে যথাযোগ্য মর্যাদায় তাদেরকে সম্মাননা জানান হয়েছে। যে সব নাট্য সংগঠন নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে বাংলা নাট্য চর্চাকে এগিয়ে নিতে সেই সব সংগঠনের সাথে যুক্ত থাকা নাট্যজনদের প্রতি নিবেদন করা হয়েছে শ্রদ্ধা। প্রবাসের নাট্য আন্দোলনে তাদের অবদানের প্রতি এমন স্বীকৃতি নাট্য উৎসবকে মহিমান্বিত করেছে।



মঞ্চে আহ্বান জানান হয়েছিল নিউইয়র্কের প্রাচীনতম নাট্য সংগঠন বাংলাদেশ থিয়েটার অব আমেরিকার খাজা কাওসারকে, থিয়েটার সাপোর্ট গ্রুপের শামসুল আলম বকুল, ঢাকা ড্রামার টিটু গাজী, থিয়েটার ৭১-এর খায়রুল আলম পাখি, থিয়েটার থিয়েটারের মিথুন আহমেদ, ড্রামা সার্কেলের আবীর আলমগীর, শিল্পাঙ্গনের নজরুল ইসলাম, বাংলাদেশ থিয়েটার আর্কাইভের ড. বাবুল বিশ্বাস এবং নিউইয়র্কে অবস্থানরত ঢাকার নাট্য ব্যক্তিত্ব রোকেয়া রফিক বেবী, মাসুম রেজা ও মোমেনা চৌধুরীকে। একই সাথে পুষ্পস্তবক ও উত্তরীয়তে ভূষিত করে শ্রদ্ধা-ভালবাসায় ভরিয়ে তোলা হয় প্রবাসের দুই প্রবীণতম নাট্য ব্যক্তিত্ব রেখা আহমেদ ও মুজিব বিন হককে। এই পুরো আয়োজনের মধ্য দিয়ে প্রবাসের নাট্যজনদের সম্মানিত করার এই উদ্যোগ ব্যক্তিগতভাবে আমাকে আপ্লুত করেছে। কৃষ্টির কর্ণধার শীতেন ধরকে আমার অভিনন্দন। নাট্য উৎসবটি উৎসর্গীত ছিল বাংলাদেশের ভিন্ন ধারার নাটকের এক অকুতোভয় যোদ্ধা অকাল প্রয়াত ইশরাত নিশাতের স্মরণে। ইশরাত নিশাত দুবার নিউইয়র্কে এসেছিলেন দুটি নাটকের নির্দেশনা দিতে। এখানে তিনি মঞ্চস্থ করে গেছেন হাসন রাজা। বিভিন্ন বক্তা শ্রদ্ধা নিবেদন করেন তার প্রতি। উৎসবের উদ্বোধন করেন আইটিআই বাংলাদেশ সেন্টারের সভাপতি অধ্যাপক আবদুস সেলিম। সংবর্ধিত নাট্যজনেরা উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

সুখবর! সুখবর !!

31ST AVENUE GROCERY & 99 CENT STORE

LOTTO ATM EBT EVERAGE ICECREAM

80-05 FRESH VEGETABLE, FRUITS, HALAL MEAT, FISH & ALL KIND OF HOUSEHOLD ITEMS 718-210-1996

এস্টোরিয়ার ৮০ স্ট্রীট ও ৩১ এভিনিউর উপর বাংলাদেশী অধ্যষিত এলাকার আবু হোরায়রা মসজিদের সন্নিকটে সম্পূর্ন বাংলাদেশী মালিকানাধীন গ্রোসারী ও নিত্য প্রয়োজনীয় পন্যের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান।

- এখানে পাবেন ফ্রেস শাকসবজী ও ফলমুল
- হালাল মাংস ও মাছ
- ক্রেতাদের সেবা প্রদানই আমাদের লক্ষ্য
- আমরা EBT গ্রহন করি













৩১ এভিনিউ গ্রোসারী এন্ড ৯৯ সেন্ট স্টোর
৮০-০৫, ৩১ এভিনিউ ইস্ট এলমসহার্স্ট(এস্টোরিয়া)
ফোনঃ ৭১৮-২১০-১৯৯৬

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry

Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600

Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস

Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
Jackson Heights Office

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**

# Starling Car Service LLC

*Best Choice for your trip*

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
**Md. Kamroul Hasan**
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
**Base Letter & Base Affiliate**

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

# ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

**24 Hours Open**



TOYOTA, LEXUS, Mercedes-Benz, Ford, BMW, LAND-ROVER, MITSUBISHI, VW, HYUNDAI, SUZUKI

১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

**Our Services**
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM

**Tel: 718-786-6677 / 718-361-6432**

Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.

## জটিল চর্মরোগ সোরিয়াসিস হলে

২২ পৃষ্ঠার পর

না, এভাবে কখনই রোগীদের বলা উচিত না। চিকিৎসায় সোরিয়াসিস রোগীরা সহনীয় ও ভালো থাকেন তবে বিনা চিকিৎসায় মারাত্মক সমস্যা হয়ে থাকে। সোরিয়াসিস হলে রোগীকে লোশন বা পেট্রোলিয়াম জেলি ব্যবহার করতে হবে এতে ত্বক দ্র্যাপিং আউট হয়ে যায় এবং জমতে পারে না। এই রোগ যেহেতু একটা দীর্ঘমেয়াদি সমস্যা তাই ধৈর্য ধরে থাকতে হয়। সোরিয়াসিস জয়েন্টে হতে পারে। জয়েন্টে যদি পেইন থাকে তবে দ্রুত ডার্মাটোলজিস্টদের কাছে যেতে হবে। জয়েন্টগুলো খুব তাড়াতাড়ি নষ্ট করে ফেলে। তাই এটা তাড়াতাড়ি ট্রিটমেন্ট নেয়া জরুরি। শেষে বলবো, যদি আপনার সোরিয়াসিস হয়েই যায় তাহলে জীবনকে আরও গতিময় ও শক্তিশালী করে তুলুন। চিকিৎসকের পরামর্শে বদলে ফেলুন জীবন ধারা। প্রতিদিন চলুন নিয়ম ও রুটিন করে। পরিষ্কার-পরিচ্ছন্নতা থাকা ও আলস্য ত্যাগ সোরিয়াসিস রোগীদের জীবনকে করে আরও গতিময়। ভালো থাকুন।

লেখক: চর্ম, যৌন ও অ্যালার্জি রোগ বিশেষজ্ঞ ও হেয়ার ট্রান্সপ্লান্ট সার্জন।

## ডিসিদের নিয়ে একি-ছি ছি!

৬ পৃষ্ঠার পর

অফিসে এক নারী সহায়কের সঙ্গে কবিরা গুনাহ করেছেন মর্মে দুটি ভিডিও ছড়িয়ে পড়ে। কবিরা গুনাহর কারণে তার পদোন্নতি বন্ধের ঘোষণা দেয় সরকার বাহাদুর। অথচ একজন ম্যাজিস্ট্রেট হিসেবে কবিরা গুনাহ হলেও লাল দালানের ভাত খাইয়েছেন তিনি। একই বছর দিনাজপুরের দিনমজুর ও আলেম সমাজ গর্জে ওঠেন সেখানকার ডিসি আলম সাহেবের বিরুদ্ধে। এ ক্ষেত্রে ডিসির সঙ্গে নিজের অনৈতিক সম্পর্কের তথ্য ফাঁস করে ভিডিও বার্তা দেন এক নারী। কী আর বলব, উঁহু আর নারি।

২০২৩ সালে দেশের উত্তর-পূর্বকোণের জেলা নেত্রকোনার ডিসির নেত্র (চোখ) পড়ে তারই কার্যালয়ের এক নারী কর্মীর ওপর। এরপর গ্রাম্য সালিশ কায়দায় তদন্তপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয় 'আজ দুজনার দুটি পথ ওগো দুটি দিকে গেছে বেঁকে' স্টাইলে দুজনকে বদলি করে অনেক বড় দায়িত্ব পালন করে। আর এভাবেই ডিসিরা পান সরকারি প্রটেকশন। ২০২১ সালে অন্যের স্ত্রীর ওপর নিজের হক প্রতিষ্ঠা করেন বাগেরহাটের ডিসি জনৈক হক সাহেব।

তবে তাকে বাঘের মতো ভয় পেত তৎকালীন প্রশাসন। তাই হক বিচার না করে উল্টো হক সাহেবকে যুগ্ম সচিব পদে প্রমোশন দিয়ে সে যাত্রা বাঘের থাবা থেকে প্রাণ বাঁচান প্রশাসনের হর্তাকর্তা। কেউ ভাবল না পরের স্তরের মানুষগুলো পেল কেমন বার্তা।

২০২৩ সালে প্রকাশ পায় তিন বছর আগের অর্থাৎ ২০২০ সালের ঘটনা। বড় বড় গুণে গুণান্বিত ছিলেন বরগুনায় কর্মরত ডিসি হাবিবুর রহমান। আরবি হাবিব শব্দের অর্থ বন্ধু। বরগুনার ডিসি হাবিব সবাইকে বন্ধু ভাবতেন। হাবিব সাহেবের এ বন্ধুর তালিকায় ছিলেন একজন 'হাবিবি' (নারী), যিনি ২০২৩ সালে ধারণ করা কিছু অন্তরঙ্গ ভিডিও '২৩ সালে এসে বাজারে ছাড়েন।

তবে মজার বিষয় হলো, হাবিব সাহেবের হাবিব-হাবিবি (বন্ধুবান্ধব) কমতি ছিল না ওপরমহলে। ফলে তাকে পদায়ন করা হয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা শাখায়। নারীসহ সব জনগণের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব পালন করেন এ হাবিব। গেল বছর (২০২৪) তিনি পদোন্নতি পেয়েছেন। তবে পদোন্নতির পর হাবিবি-হাবিবি গানের সুরে কিছু পার্টি দিয়েছিলেন কি না, তা জানা যায়নি।

২০২৫ সালে শরীয়তপুরে ঘটে শরিয়তবিরোধী আরেক ঘটনা। কালবেলা সংবাদ বলছে, সেখানকার ডিসির (বর্তমানে ওএসডি) সঙ্গে দুজন নারীর আপত্তিকর ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ পায়। আর এভাবেই ১২ বছরে ৮ জন ডিসির মাধ্যমে ৯ নারীর বারোটা বাজার ঘটনা প্রকাশ পায়।

তবে এবার কালবেলার বিরুদ্ধে অভিযোগের কথা বলছি। শুধু ডিসি কেন? থানার ওসি, বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্যাডের এসি, নির্বাচন কমিশনের ইসি, ব্যাংকের স্তুয়া এলসি-সবই কি তবে ধোয়া তুলসী?

লেখক: অবসরপ্রাপ্ত মেজর, গবেষক, বিশ্লেষক ও কলামিস্ট।

## এশিয়া কাপ নিয়ে অনিশ্চয়তা

৫২ পৃষ্ঠার পর

ভারত এশিয়া কাপের আয়োজক হলেও রাজনৈতিক সম্পর্কের কারণে পাকিস্তানের বিপক্ষে খেলা নিয়ে সংশয় রয়েছে। ভারত-পাকিস্তান ম্যাচ আয়োজনের জন্য সরকারের অনুমতির প্রয়োজন। ভারতীয় গণমাধ্যমের খবর অনুযায়ী, দুই চিরপ্রতিদ্বন্দ্বীর ম্যাচটি হতে পারে ৭ সেপ্টেম্বর, সম্ভাব্য ভেন্যু সংযুক্ত আরব আমিরাত।

আর পুরো টুর্নামেন্ট শুরু হতে পারে ৪ বা ৫ সেপ্টেম্বর। সুপার ফোরে উঠলে দুই দলের মধ্যে দ্বিতীয়বার মুখোমুখি হওয়ার সম্ভাবনা রয়েছে ১৪ সেপ্টেম্বর।

ব্রডকাস্টারদের জন্য ভারত-পাকিস্তান ম্যাচ সবচেয়ে আকর্ষণীয়। এক ভারতীয় ব্রডকাস্টার বলেন, "সম্পর্ক ভালো না থাকলেও, আইসিসির টুর্নামেন্টে ভারত কখনও পাকিস্তানের বিপক্ষে খেলতে অস্বীকৃতি জানায়নি। এর বড় কারণ বিপুল পরিমাণ মিডিয়া রাইটস, যার বেশিরভাগই ভারতীয় ব্রডকাস্টারদের হাতে।"

পূর্বেও এমন নজির আছে। যেমন, সর্বশেষ চ্যাম্পিয়ন্স ট্রফির আয়োজক ছিল পাকিস্তান, কিন্তু ভারতের ম্যাচগুলো অনুষ্ঠিত হয়েছিল সংযুক্ত আরব আমিরাতে।

## ঘরে-বাইরে চ্যালেঞ্জের মুখে মামদানি

১ পৃষ্ঠার পর

রয়েছেন কার্টিস স্লিওয়া। কুমোর নামও ব্যালটে থাকছে। তবে তিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন কিনা এখনও ঘোষণা দেননি। স্বতন্ত্র হিসেবে আরেক প্রার্থী হচ্ছেন জিম ওয়ালডেন। ভারতীয় আমেরিকান কট্টরপন্থী হিন্দু ধর্মাবলম্বীদের একাংশ মামদানির বিরুদ্ধে। অথচ তার পরিবার ভারতীয় বংশোদ্ভূত। জোহরানের জাত গুজরাটি। তার বাবা গুজরাটের। মা পাঞ্জাবের। অপরাধ তিনি মুসলমান। কৃষ্ণাঙ্গ অনেক ভোটারেরও মামদানি নিয়ে মনোভাব। তাদের বড় একটি অংশের সমর্থন মেয়র এরিক এডামসের দিকে। জোহরানের জন্ম উগান্ডায়। তার বাবা নিজের শৈশব থেকে উগান্ডাতেই। সেখানকার নাগরিকত্ব পেয়েছেন। ছিলেন কাম্পালা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। কর্মজীবী মানুষের জন্য কাজ করেন জোহরান মামদানি। সাম্য আর ন্যায্যতার কথা বলেন। মেহনতি মানুষের জন্য কথা বললে সেটা ধনীদের বিরুদ্ধে যায়। সেটা সমাজের একটা পরিবর্তনের দাবির পক্ষে যায়। যারা পুঁজিবাদী সমাজের বিদ্যমান ব্যবস্থাকে আঁকড়ে থাকতে চান, যারা বিদ্যমান সমাজ ব্যবস্থায় সনাতনপন্থী, কোনো ধরনের পরিবর্তনে ভয় যাদের, তারা মনে করেন জোহরান মামদানি একজন কমিউনিস্ট। যদিও জোহরান নিজেই বলেন, তিনি ডেমোক্র্যাটদের যে অংশ শ্রমজীবীর পক্ষে কথা বলে, তাদের সঙ্গে আছেন। তিনি বার্নি স্যান্ডার্স, আলেকজান্দ্রিয়া ওকাসিও কর্তেজ, রাশিদা তুলিব ও ইলহান ওমরদের অনুসারী।

৩৩ বছর বয়স্ক মামদানির বিজয়ে কেঁপে উঠেছে আমেরিকার রাজনীতি। স্বয়ং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাকে কমিউনিস্ট ও কুখ্যাত হিসেবে আখ্যায়িত করেছেন। হুমকি দিয়েছেন মামদানিকে গ্রেফতারের। পক্ষান্তরে নিজ দলের মেয়র প্রার্থী কার্টিস স্লিওয়াকে এখন পর্যন্ত ট্রাম্প এনডোর্স করেননি। বরং স্বতন্ত্র প্রার্থী এরিক এডামসের পক্ষে সাফাই গাচ্ছেন। রাজনীতির খেলায় এরিককে ট্রাম্প এনডোর্স করলে অবাক হবার কিছু থাকবে না। রিপাবলিকান প্রার্থী কার্টিস প্রেসিডেন্ট ট্রাম্পের সমর্থন না পেলেও প্রতিদ্বন্দ্বিতার কথা বলছেন। রেস থেকে সরে দাঁড়াবেন না। নিউইয়র্ক সিটিতে রিপাবলিকান রেজিস্টার্ড ভোটার সংখ্যা ৫ লাখ ৭৩ হাজার। ট্রাম্পের সমর্থন নিয়ে এই ভোট কাস্ট হলে ভোট যুদ্ধে কার্টিসের অবস্থানও ফেলনার নয়। নিউইয়র্ক সিটিতে রেজিস্টার্ড ডেমোক্র্যাট ভোটার সংখ্যা ৩৩ লাখ ৪০ হাজার। এই দলের প্রাইমারিতে যিনিই বিজয়ী হন তাকেই ভবিষ্যৎ মেয়র হিসেবে বিবেচনা করা হয়। কিন্তু এবারের হিসেব জটিল আকার ধারণ করছে। ডেমোক্র্যাটিক পার্টি থেকে নির্বাচিত মেয়র এরিক এডামস এবার স্বতন্ত্র প্রার্থী। তার বিরুদ্ধে নানা অভিযোগ থাকলেও তার বেজ শক্তিশালী। ব্ল্যাক আমেরিকান ভোটারদের মধ্যে তার প্রভাব রয়েছে। ডেমোক্র্যাট ও রিপাবলিকান বিলিয়নিয়াররা তাকে সমর্থন দিচ্ছেন। পক্ষান্তরে মামদানিকে ঘায়েল করার জন্য ইসলামিক ফোবিয়া, সোশালিস্ট ও কমিউনিস্ট হিসেবে আখ্যায়িত করা হচ্ছে। মুসলিম বিরোধিতায় জুইশ ভোটারদের সমর্থন পাবেন এরিক এডামস। রিপাবলিকান প্রার্থীর বিজয়ের সম্ভাবনা ঝিমিয়ে পড়লে তাদের ভোটও যাবে এরিক এডামসের থলিতে। এ ক্ষেত্রে প্রেসিডেন্ট ট্রাম্পের ভূমিকা দেখার অপেক্ষায় থাকতে হবে। মুসলিম বিরোধী জোয়ার তুলে মামদানির বিজয় ছিনিয়ে নেয়া হতে পারে। এই দেশটি এখনও নারী প্রেসিডেন্ট নির্বাচিত করে নজির স্থাপন করতে পারেনি। এমতাবস্থায় বিশ্বের এই রাজধানীতে মেয়র হবেন একজন মুসলিম? কিভাবে তারা স্বাগত জানাবে। মামদানির শক্তি ভোটারের কোয়ালিশন। সেকুলার, যুব সমাজ, মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত ও মুসলিম ভোটারদের একচেটিয়া ভোট প্রয়োগই তাকে এগিয়ে নিতে পারে। এশিয়ান ভোট তার অতিরিক্ত সংযোজন হতে পারে। সম্প্রদায়গতভাবে সিটিতে ৩১% হোয়াইট, ২৯% হিসপানিক, ২৩% ব্ল্যাক ও ১৫% এশিয়ান। এই সম্প্রদায়গুলোর ভোটারদের কোয়ালিশন গড়ে তুলতে পারলে মামদানির বিজয় নিশ্চিত। কে এই মামদানি: মামদানির জন্ম উগান্ডায়। ৭ বছর বয়সে বাবা-মা'র সাথে যুক্তরাষ্ট্রে আসেন। ব্রংকস সায়েন্স হাই স্কুলে লেখাপড়া করেছেন। ব্যাচেলর ডিগ্রী নিয়েছেন মেইনের 'বোডোইন' কলেজ থেকে। ২০২১ সাল থেকে নিউইয়র্ক স্টেটে এসেম্বলিম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি এস্টোরিয়া ও লং আইল্যান্ড সিটি থেকে নির্বাচিত। ২০২৫ সালে ব্রুকলিন বেজড সিরিয়ান-আমেরিকান আর্টিস্ট রামা দুয়াজিকে বিয়ে করেন। বাবা মাহমুদ মামদানির জন্ম ভারতের মুম্বাইতে। পরে উগান্ডায় বসতি স্থাপন করেন। ১৯৯৮ সালে মাহমুদ স্বপরিবারে আমেরিকায় চলে আসেন। তিনি বর্তমানে সেরমান কলেজ ও কলম্বিয়া ইউনিভার্সিটির প্রফেসর। মা মিরা নায়ার ইন্ডিয়ান আমেরিকান বিখ্যাত ফিল্ম মেকার। হিন্দু ধর্মাবলম্বী নায়ার স্বামী মুসলমান হলেও ধর্মান্তরিত হননি।

ট্রাম্পের মস্তিষ্কে উর্বর কথা: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিউ ইয়র্ক সিটির ডেমোক্র্যাটিক মেয়র মনোনীত জোহরান মামদানির উপর তার আক্রমণ আরও তীব্র করেছেন। তিনি হুমকি দিয়ে বলেছেন, মেয়র হিসেবে মামদানী যদি অভিবাসন আইন প্রয়োগকারী ফেডারেল কর্মকর্তাদের সহায়তা না করার প্রতিশ্রুতি পালন করেন তবে তাকে গ্রেফতার করা হবে। ট্রাম্প ১ জুলাই ফ্লোরিডার একটি আটক কেন্দ্র পরিদর্শন করার সময় সাংবাদিকদেরও আরও বলেন, তিনি "জাতির পক্ষ থেকে তার উপর খুব সাবধানতার সাথে নজর রাখবেন।"

ট্রাম্পের বক্তব্যের প্রতিক্রিয়ায় মামদানি বলেছেন, "তার বক্তব্য কেবল আমাদের গণতন্ত্রের উপর আক্রমণ নয় বরং প্রতিটি নিউ ইয়র্কবাসীকে একটি ভীতির বার্তা পাঠানোর প্রচেষ্টা। কিন্তু এই নিউইয়র্কবাসী কারো রক্তচক্ষুকে ভয় করে না। আমরা এই ভয় দেখানো মেনে নেব না। নিউইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হকুল এখনও মামদানিকে এনডোর্স করেননি। কিন্তু ট্রাম্পের বক্তব্যের তীব্র নিন্দা করেছেন। টেনেসির রিপাবলিকান কংগ্রেস সদস্য অ্যান্ডি ওগলস মামদানির নাগরিকত্ব কেড়ে নেওয়ার এবং তাকে নির্বাসিত করার আহ্বান জানিয়েছেন এবং মুসলিম উল্লেখ করে মামদানিকে "ছোট মুহাম্মদ" বলে আক্রমণাত্মকভাবে বক্তব্য দিয়েছেন।

মামদানী উগান্ডায় জন্মগ্রহণকারি একজন ন্যাচারালাইজড মার্কিন নাগরিক। তিনি তার বাবা-মা - চলচ্চিত্র পরিচালক মীরা নায়ার এবং কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মাহমুদ মামদানীর সাথে সাত বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসিত হয়েছিলেন।

পক্ষান্তরে ট্রাম্প অ্যাডামসকেও সমর্থন করেছেন। ট্রাম্প বলেছেন, আমি তাকে কিছুটা সাহায্য করেছি। তার একটা সমস্যা ছিল। তিনি দুর্নীতি কেলেঙ্কারির কারণে ডেমোক্র্যাটিক প্রাইমারিতে প্রতিদ্বন্দ্বিতা না করার সিদ্ধান্ত নিয়েছিলেন। অ্যাডামস এখন ৪ নভেম্বরের সাধারণ নির্বাচনে স্বতন্ত্র হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন।






KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# হাসিনার কারাদণ্ডের প্রতিবাদে আ.লীগের সমাবেশ

১ পৃষ্ঠার পর

অন্যতম উপদেষ্টা প্রদীপ রঞ্জন কর এবং সঞ্চালনা ও পরিচালনা করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের দপ্তর সম্পাদক প্রকৌশলী মোহাম্মদ আলী সিদ্দিকী। সভায় বক্তব্য রাখেন ক্যাপ্টেন (অবঃ) আবু বকর, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড.সিদ্দিকুর রহমান, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা হাকিকুল ইসলাম খোকন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ,আইনবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট শাহ মোহাম্মদ বখতিয়ার আলী,শিক্ষা বিষয়ক সম্পাদক এমএ করিম জাহাঙ্গীর,নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল,নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান, সাধারণ সম্পাদক এমদাদ চৌধুরী,যুগ্ম সাধারণ সম্পাদক নিজাম হোসেন, বীরমুক্তিযোদ্ধা জালাল উদ্দিন জলিল,দেলওয়ার হোসেন মোল্লা,শারমিন তালুকদার,মি.তালুকদার,যুক্তরাষ্ট্র জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জুয়েল আহমেদ,যুক্তরাষ্ট্র আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক কিবরিয়া জামান,সাবেক সভাপতি আশরাফ উদ্দিন,সাবেক সভাপতি নুরুজ্জামান সরকার,যুবলীগ নেতা মিজানুর রহমান চৌধুরী,সোহেল চৌধুরী,সাখাওয়াৎ হোসেন ও ছাত্রলীগ নেতা রিদয় ।

# জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে বিএনপির দোয়া মাহফিল

১ পৃষ্ঠার পর

এশিয়া মানবাধিকার সংস্থা আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক (যুক্তরাষ্ট্র শাখা) এ এস এম রহমত উল্লাহ ভূঁইয়া, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মো জাবেদ উদ্দিন , খলকুর রহমান ,জাকির হাওলাদার, দেলওয়ার হোসেন শিপন, মোঃ হোসেন আহমেদ ,আলম সরকার , আবদুল কাদের, হাসান সিদ্দিক, কমিউনিটি নেতা মনিরুল ইসলাম মনির, জ্যাকসন হাইটস সোনালী এক্সচেঞ্জ ম্যানেজার সোহাগ হুসেন ও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সদস্য জহিরুল হক চৌধুরী।

# আজ যুক্তরাষ্ট্রের ২৪৯তম স্বাধীনতা দিবস

১ পৃষ্ঠার পর

থাকবে। একই সাথে আগামীকাল শনিবার ও রোববার সাপ্তাহিক ছুটি। টানা তিন দিনের ছুটিতে মানুষ নগর জীবন ছেড়ে দূরে কোথাও যাবার জন্য ছুটছেন। স্বাধীনতা দিবসের এই বিশেষ মুহূর্তকে স্মরণ করার জন্য বিভিন্ন নগরীতে গতকাল থেকেই ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। হোয়াইট হাউজে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আজ বিশেষ এক অনুষ্ঠানের আয়োজন করেছেন। নিউইয়র্ক থেকে লস অ্যাঞ্জেলেস পর্যন্ত, আমেরিকানরা আতশবাজি, প্যারেড, কনসার্ট এবং ক্লাসিক বাড়ির পিছনের বারবিকিউ দিয়ে উদযাপন করে। শহর ও শহরগুলি লাল, সাদা এবং নীল রঙে সজ্জিত যা আমেরিকান ঐতিহ্য এবং ঐক্যের গর্বকে প্রতিফলিত করে।

এদিকে নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস, ম্যাসির ৪ঠা জুলাই আতশবাজি ঘোষণা করেছেন। যে আতশবাজি প্রদর্শন ব্রুকলিন ব্রিজ এবং ইস্ট রিভারে ফিরে আসবে অভূতপূর্ব এক দৃশ্য। আজ শুক্রবার, ৪ঠা জুলাই আতশবাজি শো আইকনিক ব্রুকলিন ব্রিজ এবং সিপোর্ট জেলার ইস্ট রিভারের আশেপাশের চারটি বার্জ থেকে শুরু হবে। যা অত্যাশ্চর্য আতশবাজি প্রদর্শন এবং পাইরোটেকনিক্সের মাধ্যমে নিউইয়র্ক সিটির আকাশরেখা বিভিন্ন রঙে আঁকবে। সারা দেশ জুড়ে সরাসরি দর্শক এবং দর্শকদের প্রাণবন্ত রঙ, আকার, আলো এবং শব্দ সম্বলিত একটি অনন্য শোতে মুগ্ধিত করা হবে। এই বছরের শোতে ম্যানহাটন এবং কুইন্সের একাধিক দেখার সুযোগসহ ইস্ট রিভারের তীরে অবস্থিত হাজার হাজার লোক এবং বার্জের প্রান্তরে একটি আরো প্রদর্শিত হবে।

অ্যাডামস বলেন, '৪ঠা জুলাই আতশবাজি প্রদর্শনী নিউইয়র্ক শহরের অন্যতম আইকনিক ঐতিহ্য, যা আমাদের শহর, দেশ এবং বিশ্বজুড়ে হাজার হাজার মানুষকে বিগ অ্যাপলের কেন্দ্রস্থলে আমেরিকার জন্মদিন উদযাপনের বিস্ময়ের সাক্ষী হতে আকৃষ্ট করে। প্রতি বছর, এই চমকপ্রদ প্রদর্শনী আমাদের আকাশকে আলোকিত করে, আমাদের অর্থনীতিকে চাঙ্গা করে এবং স্থানীয় ব্যবসাগুলিকে গুরুত্বপূর্ণ সমর্থন নিয়ে আসে। আমাদের বিশ্ববিখ্যাত ব্রুকলিন ব্রিজ এবং ইস্ট রিভার স্কাইলাইনে একটি অবিস্মরণীয় স্বাধীনতা দিবসের অভিজ্ঞতা অর্জনের জন্য আবারও জনতাকে স্বাগত জানাতে রোমাঞ্চিত'।

# নাগরিকরাই শুধু চাইল্ড ট্যাক্স ক্রেডিট পাবেন

৬৪ পৃষ্ঠার পর

ক্রেডিটের জন্য আবেদন করতে পারবেন না। শুধুমাত্র যুক্তরাষ্ট্রের নাগরিকরাই এই ক্রেডিট ক্লেইম করতে পারবেন। সিনিয়রদের জন্য আসছে বড় আঘাত। লাখো লাখো সিনিয়র হোম কেয়ার সুবিধা হারাবেন। শিক্ষাখাতে ব্যয় কমানো হবে। আইস পুলিশের খাতে বরাদ্দ দ্বিগুন করা হবে। এই পুলিশ অভিবাসন ধরপাকড়ে দায়িত্ব পালন করে।

হাউস স্পিকার মাইক জনসন বলেন, আমাদের মধ্যে বেশ কয়েকজন আক্ষরিক অর্থে দুই দিন ধরে ঘুমাননি। তাই আমি এই মুহূর্তে নিজের এবং অন্যদের জন্য বিপজ্জনক। এই আইনটি তার দ্বিতীয় মেয়াদে ট্রাম্পের বাধ্যবাধকতার আইনী কৃতিত্বের উদ্দেশ্যে করা হয়েছে এবং এতে ২০১৭ সালের ট্যাক্স কাটের সম্প্রসারণ অন্তর্ভুক্ত রয়েছে, যার মূল বিধানগুলি বছরের শেষের দিকে শেষ হওয়ার কথা ছিল; সীমান্ত সুরক্ষা, প্রতিরক্ষা এবং জ্বালানি অনুসন্ধানে ব্যয় বাড়ানো; এবং বিচক্ষণ ব্যয় হ্রাস।

দুই রিপাবলিকান দলত্যাগী ছাড়াও প্রতিটি হাউস ডেমোক্র্যাট এই বিলের বিরোধিতা করেছিলেন। ম্যাসি, যাকে ট্রাম্প ২০২৬ সালের মাঝামাঝি সময়ে ক্ষমতাচ্যুত করার আশা করছেন। ফিটজপ্যাট্রিক এই সিদ্ধান্তে পৌঁছানোর পর বিলটির বিরোধিতা করেন যে মেডিকেডে সিনেটের সমন্বয়গুলি তাঁর মানদণ্ডের তুলনায় কম ছিল। প্রেসিডেন্ট ট্রাম্প রিপাবলিকানদের ওপর তাকে ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট পাঠানোর জন্য চাপ প্রয়োগ করছিলেন।

চূড়ান্ত ভোটটি বিলম্বিত হয়েছিল হাউস সংখ্যালঘু নেতা হাকিম জেফ্রিস (ডি-এনওয়াই) ভোটারদের চিঠি পড়েন; যারা তাদের মেডিকেড সুবিধাগুলি ছিনিয়ে নেওয়ার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছিল।

জেফ্রিস তাঁর 'ম্যাজিক মিনিট' বিতর্কটি বিলের বিরুদ্ধে প্রায় নয় ঘন্টা ধরে ক্ষোভ প্রকাশ করতে ব্যবহার করেন। জেফ্রিসের কৌশল সম্পর্কে জনসন সাংবাদিকদের বলেন, এটি প্রত্যেকের সময়ের অপচয়, কিন্তু আপনি জানেন, এটি এখানকার ব্যবস্থার অংশ। সরল সত্য বলার চেয়ে মিথ্যা তৈরি করতে অনেক বেশি সময় লাগে, স্পিকার পরে ২৪ মিনিটের ফ্লোর বক্তৃতার সময় হাততালি দিয়েছিলেন যা চূড়ান্ত ভোট শুরু হওয়ার আগে শেষ শব্দ হিসাবে কাজ করেছিল।

হাউস মেজরিটি লিডার স্টিভ স্কালিস পরে ব্রুকলিন কংগ্রেসম্যানের বক্তব্যের সময় টিভি ক্যামেরাগুলির পুরো দৃশ্য রিপাবলিকান সার্বি কাস্ত্রো ঘুমিয়ে পড়েছিলেন বলে জেফ্রিসকে উপহাস করেছিলেন।

স্কালিস বলেন, আমি আশা করি আমেরিকা সব কিছু দেখেছে, ডেমোক্র্যাটদের তাদের নেতার পিছনে ঘুমিয়ে পড়তে দেখেছে। আমেরিকান জনগণকে মিথ্যা দিয়ে, ভয় দেখানোর কৌশল নিয়ে, হতাশাজনক গল্প দিয়ে ভয় দেখানোর চেষ্টা করছে যা ডেমোক্র্যাটরা এই দেশ চালাতে না পারলে কখনই ঘটবে না।

ভোটের পর ভান্স এক্সকে উল্লাস করে বলে, 'সবাইকে অভিনন্দন। কখনও কখনও আমি এমনকি সন্দেহ করতাম যে আমরা ৪ জুলাইয়ের মধ্যে এটি সম্পন্ন করতে পারব। কিন্তু এখন আমরা সীমান্ত সুরক্ষিত করার জন্য বড় কর ছাড় এবং প্রয়োজনীয় সম্পদ সরবরাহ করেছি। প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, প্রতিশ্রুতি রক্ষা করা হয়েছে।'

# নিউইয়র্কে আ.লীগ বিএনপির এ কি সখ্যতা!

১ পৃষ্ঠার পর

ইউনূস সরকারের নির্বাচন পরিস্থিতি। নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, ওই বৈঠকে উপস্থিত ছিলেন মানিকগঞ্জ-১ আসনের হাসিনা সরকারের সর্বশেষ এমপি ও যুবলীগ কেন্দ্রীয় কমিটির নেতা এসএম জাহিদ, সাবেক প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি আশরাফুল আলম খোকন, ভারতের দিল্লীতে বাংলাদেশ দূতাবাসে কর্মরত সাবেক প্রেস মিনিস্টার শাবান মাহমুদ, আওয়ামী লীগ নেত্রী ও মানিকগঞ্জ পৌর উপজেলার সাবেক চেয়ারম্যান সালেহা বেগমসহ আরও অনেকে। রাত ৯.৪০ মিনিটে আওয়ামী লীগ নেতাদের ওই চলমান বৈঠকে হঠাৎ উপস্থিত হন বিএনপির সাবেক মহাসচিব খোন্দকার দেলোয়ার হোসেনের বড় মেয়ে ডা. শুলা খোন্দকারসহ আরও কয়েকজন। গত বছরের ৫ আগস্ট ছাত্র জনতার তীব্র আন্দোলনে আওয়ামী লীগ সরকারের পতনের পর সুবিধাভোগিদের বিরাট একটি অংশ বাংলাদেশ ত্যাগ করে চলে আসেন নিউইয়র্কে। তাদের মধ্যে সরকারী আমলা, ব্যবসায়ি, সাংবাদিক, সাবেক এমপিরাও রয়েছেন। অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পর ঢাকার কয়েকটি পত্রিকার সম্পাদক, সিনিয়র সাংবাদিক কালো তালিকাভুক্ত হবার কারণে সপরিবারে দেশত্যাগ করে কয়েক মাস আগে তারা নিউইয়র্কে আশ্রয় গ্রহণ করেন বলে জানা গেছে।

সূত্রে জানা যায়, বিএনপির সাবেক মহাসচিব ও চীফ হুইপ খোন্দকার দেলোয়ার হোসেনের বড় মেয়ে ডা. শুলা খোন্দকার তারই বাবার মানিকগঞ্জ-১ (দৌলতপুর, ঘিওর, শিবালয়) আসনের আওয়ামী লীগ আমলের সর্বশেষ এমপি এসএম জাহিদসহ অন্যদের সঙ্গে গত মঙ্গলবার রাতে পিঠার রেস্টুরেন্টে কথা বলছিলেন। ঠিক সেই সময়ে বাংলাদেশে মানিকগঞ্জের ওই আসনেরই সাবেক আরেক এমপি ক্রিকেটার নাঈমুর রহমান দুর্জয়কে ঢাকার মোহাম্মদপুর থেকে গ্রেপ্তার অভিযান পরিচালনা করছিল গোয়েন্দা পুলিশ। সাবেক এমপি দুর্জয়ের বিরুদ্ধে জুলাই আগস্টের কয়েকটি মামলা রয়েছে বলে জানা গেছে। দুর্জয়ের পর ওই আসন থেকেই এমপি হন যুবলীগ নেতা এসএম জাহিদ। নিউইয়র্কে চলে আসা মানিকগঞ্জ-১ আসনের সাবেক এমপি ও যুবলীগ নেতা এসএম জাহিদের নামেও বাংলাদেশে কয়েকটি মামলা রয়েছে বলে সূত্র জানা গেছে। তবে মামলার বিষয়ে তাঁর সঙ্গে যোগাযোগের চেষ্টা করে নিশ্চিত হওয়া যায়নি।

আ.লীগ নেতাদের উপস্থিতিতে জ্যামাইকায় বৈঠকের বিষয় সম্পর্কে জানতে বিএনপির সাবেক মহাসচিব খোন্দকার দেলোয়ার হোসেনের বড় মেয়ে ডা. শুলা খোন্দকারের সঙ্গে ফোনে যোগাযোগ করলে তিনি জানান, 'জ্যামাইকার ওই পিঠার রেস্টুরেন্টে গত মঙ্গলবার রাতে আমি গিয়েছিলাম আমার এক আত্মীয়ের সাথে। সেখানে উপস্থিত আওয়ামী লীগ নেতাদের সাথে আমি সৌজন্যমূলকভাবে কথা বলেছি। এটা স্রেফ ভদ্রতা। তারা অনেকেই সেখানে উপস্থিত ছিলেন। আমি সবার কথা মনে করতে পারছি না। দেশে গণতন্ত্র ধ্বংস হবার আগে আমার বাবা মানিকগঞ্জ-১ আসন থেকে পাঁচবার বিপুল ভোটে নির্বাচিত হয়েছিলেন। তিনি বিএনপির সবচেয়ে দুর্যোগকালিন সময়ে মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করেন এবং দলের জন্য অপরিসিম কষ্ট ও ত্যাগ স্বীকার করেছেন। তাঁর মেয়ে হিসেবে মানুষ আমার সাথে কথা বলে'।

আওয়ামী লীগ নেতাদের সাথে দেখা করার পূর্ব পরিকল্পনা ছিল কি-না জানতে চাইলে ডা. শুলা বলেন, 'আমি অস্ট্রেলিয়ার মেলবোর্নে আমার পরিবার নিয়ে বসবাস করি। আমার ছোট বোন ঢাকার পিজি হাসপাতালের ডাক্তার। আমার আপন ভাই জুলু নিউইয়র্কের একটি হাসপাতালে গুরুতর অসুস্থ অবস্থায় রয়েছেন। তার জন্য সেবা করছেন। তাকে দেখতেই আমি নিউইয়র্কে আসি। আমার বাবার অনেক ভক্ত খবর পেয়ে আমাকে দাওয়াত দিচ্ছেন। তেমনই এক দাওয়াতে আমি মঙ্গলবার রাতে জ্যামাইকায় গিয়েছিলাম। সেই বাসা থেকে বের হয়েই পিঠাঘর রেস্টুরেন্টটি। বাঙালি হিসেবে পিঠা পছন্দ করি বলেই আত্মীয়ের সাথে সেখানে যাওয়া এবং তাদের সঙ্গে দেখা ও কথা বলা। তবে আমি তাদের কোন মূল আলোচনায় ছিলাম না। পরদিন আমি টাম্পাতে চলে আসি। রাজনৈতিক পরিবারের সদস্য হিসেবে রাজনীতিতে আমারও দুর্বলতা রয়েছে। ১০ জুলাই নিউইয়র্কে ফিরলে বিস্তারিত জানাতে পারবো'।

এ ব্যাপারে যোগাযোগ করলে আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত মানিকগঞ্জ পৌর উপজেলার সাবেক চেয়ারম্যান সালেহা ফোনে বলেন, 'আমি খোন্দকার দেলোয়ার হোসেনের একজন ভক্ত। তিনি একজন বীর মুক্তিযোদ্ধা। মহাসচিব হিসেবে বিএনপির জন্য তাঁর ত্যাগের কোন তুলনা হয় না। নিউইয়র্কে খোন্দকার দেলোয়ারের মেয়েকে পেয়ে আমি আমার বাসায় দাওয়াত করি। সেখান থেকে রাতে ওই পিঠার রেস্টুরেন্টে গেলে তাদের সাথে আমাদের দেখা ও আলাপ হয়'।



# বাফেলোতে ফোবানার মতবিনিময় সভা

১ পৃষ্ঠার পর

পরিদর্শন এবং বাফেলো ও নায়াগ্রাবাসীর সঙ্গে মতবিনিময় করে।

২৭৯ গিলফোর্ড স্ট্রিট, বাফেলোতে আয়োজিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ফোবানার সাবেক চেয়ারম্যান ও ফোবানা সম্মেলন ২০২৫ এর চেয়ারম্যান এমদাদ গিয়াস আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন ফোবানার সাবেক চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান। বক্তব্য রাখেন সাবেক চেয়ারম্যান আলী ইমাম শিকদার, স্টিয়ারিং কমিটির এক্সিকিউটিভ সেক্রেটারি কাজী সাখাওয়াত হোসেন আজাদ, স্টিয়ারিং কমিটির মেম্বার ফরহাদ খন্দকার। স্টিয়ারিং কমিটির মেম্বার সাংবাদিক শাহাব উদ্দিন সাগর মতবিনিময় সভা পরিচালনা করেন। এসময় তাকে সহযোগিতা করেন





ব্যবসায়ী সোহেল হাওলাদার। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সভাপতি আকবর উদ্দিন দুলাল, মিজী মামুন, জসিম উদ্দিন, প্রমোটার এনামুল হক, আবদুল লতিফ, এটর্নি রাকিব, এডভোকেট শহীদুল ইসলাম প্রমুখ। বক্তারা নায়াগ্রায় অনুষ্ঠিতব্য ফোবানা সম্মেলন সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার উপর গুরুত্বারোপ করেন।

এদিকে প্রতিনিধি দল গত ১ জুলাই, মঙ্গলবার দুপুরে সম্মেলনের ভ্যানু নায়াগ্রার শেরাটন হোটেল পরিদর্শন করে।

চলতি বছরের ফেডারেশন অব বাংলাদেশি এসোসিয়েশনস অব নর্থ আমেরিকা-'ফোবানা' এর ৩৯তম সম্মেলন আগামী ২৯-৩১ আগষ্ট লেবার ডে উইকেন্ডে নায়াগ্রার শেরাটন হোটেলের নান্দনিক ভেন্যুতে অনুষ্ঠিত হবে। এবারের সম্মেলনের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'প্রবাসী নতুন প্রজন্মই হোক আগামী ফোবানার শক্তি'।

ফোবানা' (ফেডারেশন অব বাংলাদেশি এসোসিয়েশনস অব নর্থ আমেরিকা) প্রবাসের একটি অত্যন্ত মর্যাদাপূর্ণ সংগঠন। ফোবানা উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশি প্রবাসীদের বৃহত্তম একটি সংগঠন। এটি মূলতঃ যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্য ও কানাডা থেকে পরিচালিত বাংলাদেশি সংগঠনগুলোর একটি সম্মিলিত প্ল্যাটফর্ম। ১৯৮৭ সালে ওয়াশিংটন ডিসিতে প্রথম সম্মেলন আয়োজনের মধ্য দিয়ে ফোবানার যাত্রা শুরু হয়। ফোবানার মূল লক্ষ্য যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশিদের মধ্যে ঐক্য ও সংহতি বৃদ্ধি, বাংলাদেশি সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরা এবং এর প্রচার ও প্রসার, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক এবং শিক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে প্রবাসীদের জীবনযাত্রার মান উন্নয়ন, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে নানা ক্ষেত্রে সেতুবন্ধন রচনা করা।

সাপ্তাহিক আজকাল

বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

যে কোন তথ্যের জন্য ফোন করুন।
৬৪৬-২৬৭-৭৭৫১। ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com

# ইমেজ উদ্ধারে শেফ খলিল !

৬৪ পৃষ্ঠার পর



খেতাব ও অ্যাওয়ার্ড প্রাপ্তিতে। তার রেষ্টুরেন্ট ব্যবসায়ও ধ্বস নামে। অর্থনৈতিকভাবে ভেঙ্গে পড়েন। বাধ্য হন তারই প্রতিষ্ঠিত খলিল বিরিয়ানী চাইনিজ রেষ্টুরেন্ট।

এখন আবার মনোযোগী হয়ে ফিরেছেন পুরনো পেশা শেফ হিসাবে। বলা হচ্ছে খলিল বিরিয়ানির স্বত্বাধিকারী শেফ খলিলুর রহমানের কথা। তবে বিলম্বিত বোধদোয় হলেও তা ইতিবাচক হিসেবে দেখছে বাংলাদেশি কমিউনিটি। অংক শাস্ত্রে স্নাতোকত্তর করলেও খলিলুর খ্যাতি পেয়েছেন রন্ধন শিল্পী বা শেফ হিসাবে। ব্রুকলিনে রেস্টুরেন্ট খুলে তা নিয়েই ব্যবসার শুরু। এর পর শাখা খুলেছেন জ্যামাইকা ও জ্যাকসন হাইটসেও। এরই মধ্যে কমিউনিটির অন্যদের সঙ্গে পাল্লা দিয়ে নিজের নামে প্রচারণায় নামেন। বিভিন্ন অনুষ্ঠানে স্পন্সর করতে শুরু করেন। দেদারসে খরচ করতে থাকেন অর্থকড়ি। কমিউনিটিতে অনেকের মুখে মুখে তখন খলিল বিরিয়ানির খলিলুর রহমানের নামও শোনা যায়। তবে কমিউনিটি ব্যক্তিত্বে পরিণত হতে গিয়ে ব্যবসায় প্রতিষ্ঠানে হয়তো সেভাবে নজর দিতে পারেন নি। খাবারসহ নানা বিষয়ে অভিযোগও উঠতে শুরু করে। এতে ব্যবসায় দেখা যা ভাটার টান, তাতে আয় রোজগারেও ভাটা পড়ে। এরই মধ্যে নিজের একটি রেস্টুরেন্টের শাখা বিক্রি করতে হয়েছে। এমনকি নিজের থাকার বাড়িটিও হাতছাড়া হবার উপক্রম বলে কমিউনিটিতে গুঞ্জন রয়েছে।

এমন কঠিন বাস্তবতায় খরচে লাগাম টেনেছেন খলিলুর রহমান। বিভিন্ন অনুষ্ঠানে স্পন্সর করতে দেখা যাচ্ছে না। কমিউনিটির পিকনিকের মৌসুম শুরু হলেও তার উপস্থিতিও নেই। এমনকি রেস্টুরেন্টেও মানুষজনের আনাগোনা কমে গেছে। এমনকি বিজ্ঞপ্তি দিয়ে কমিউনিটির সংবাদ পত্রগুলোতেও বিজ্ঞাপন দেয়াও বন্ধ রেখেছেন।

এদিকে ব্যবসার দিকেও নজর দিতে শুরু করেছেন শেফ খলিল। রেস্টুরেন্টের উন্নতিও গ্রাহক সন্তুষ্টির জন্য নিয়মিত কিচেনে সময় দিচ্ছেন। রান্নার সেসব কিছু রিল ও ভিডিও আকারে সোশ্যাল মিডিয়ায় শেয়ারও করছেন। কাছের মানুষজনও তা শেয়ার করছে। নতুন নতুন রেসিপি ও খাবারের কথাও ঘোষণা দিচ্ছেন। শুধু তাই নয় নিজের রেস্টুরেন্টের ইন্টিরিয়র বা ডিজাইনেও পরিবর্তন আনছেন। গ্রাহকদের আরো আরামদায়ক পরিবেশ দিতে উন্নত করছেন রেস্টুরেন্টের পরিবেশও।

ভোজন পর্ব আরো আরামদায়ক ও আকর্ষণীয় করে তুলতে ফাইন ডাইন চালু করতে যাচ্ছে ব্রুকলিনের খলিল ফুড কোর্ট। সরেজমিন ব্রুকলিনের পার্কচেস্টারের ইউনিয়ন পোর্টের খলিল ফুড কোর্টে দেখা যায় রেস্টুরেন্টের প্রায় অর্ধেক জায়গাজুড়ে ফাইন ডাইনিংয়ের ব্যবস্থা করা হচ্ছে। সেখানে বসানো হচ্ছে আরামদায়ক সরঞ্জাম। যাতে আরো প্রাইভেসি ও কমফোর্ট পান গ্রাহকরা। শেফ খলিলুর রহমান বলেন, এই সামার-কে সামনে নিয়ে ফুড কোর্টকে সাজানো হচ্ছে সম্পূর্ণ নতুন আঙ্গিকে। নান্দনিক পার্টিশান দিয়ে ফুডকোর্টের ভেতরেই আলাদাভাবে তৈরি করা হচ্ছে ফাইন ডাইনিং। গতানুগতিক চেয়ার-টেবিলের জায়গায় স্থান পাবে আরামদায়ক সোফা। প্রতিটি ফ্যামিলি প্রাইভেটলি বসে আমাদের মজাদার খাবারের স্বাদ উপভোগ করতে পারবেন।

খলিলুর রহমান বলেন, আমার নিজস্ব রেসিপিতে তৈরি বাইকেন বিরিয়ানী ইতিমধ্যে দেশী-বিদেশী ক্রেতাদের মন জয় করতে সক্ষম হয়েছে। এর সাথে এবার যুক্ত হবে হায়দ্রাবাদী বিরিয়ানী। ঐতিহ্যবাহী হায়দ্রাবাদী বিরিয়ানীর সাথে আমার নিজস্ব রেসিপি যুক্ত হয়ে ভোজনবিলাসীদের কাছে টানবে বলে আমার বিশ্বাস। আশা করা যাচ্ছে আগামী সপ্তাহ দুয়েকের মধ্য ইনটেরিয়র ডেকোরেশন শেষ হলে 'খলিল ফাইন ডাইনিং' গ্রাহকদের সেবা দিতে সক্ষম হবে। জায়গার পরিসর বৃদ্ধি পাওয়ায় এখানে পর্যায়ক্রমে বিভিন্ন দেশের আন্তর্জাতিক মানের খাবারও পরিবেশনা করা হবে।

খলিলুর রহমান আরও বলেন, আমরা কোয়ালিটি খাবারে বিশ্বাস করি। এই পিকনিকের মৌসুমে যারা আমাদের খাবার দিয়ে পিকনিকের আনন্দকে আরো জমজমাট করতে চান তারা আগেভাগে অর্ডার দিলে সুস্বাদু খাবার যথাসময়ে পৌঁছে দেবার জন্য নিশ্চিত করবো। গ্রাহকরা তাদের সুবিধার্থে জ্যাকসন হাইটস শাখায়ও খাবারের অর্ডার দিতে পারবেন। গত বছরের অক্টোবর থেকে এই শাখাটিও আমার একক মালিকানায় পরিচালিত হচ্ছে।

এক ছাদের নীচে হরেক রকম খাবার নিয়ে খলিল ফুড কোর্ট এখন জমজমাট। এখানে বাংলাদেশী নিয়মিত ঐতিহ্যবাহী খাবারের বাইরেও আছে নানা রকম হালাল ফাস্ট ফুড। পাওয়া যায় ফুচকা, চটপটি, শর্মা, টার্কিশ গ্রীল, বাকলটি, আইসক্রিম, নানা ধরনের পেস্ট্রি, বার্গার, কেক, ওয়াফেল্স ইত্যাদি।

ব্রুকলিনের নিজের গড়ে তোলা ব্যবসা প্রতিষ্ঠান 'খলিল বিরিয়ানী হাউস'-এর বিরিয়ানী দিয়েই খ্যাতি পেয়েছেন শেফ খলিলুর রহমান। রন্ধনবিদ্যায়ও ডিপ্লোমা নিয়েছেন বিশ্বখ্যাত প্রতিষ্ঠান নিউইয়র্কের 'কুলিনারী ইন্সটিটিউট' থেকে। কাজের স্বীকৃতি হিসাবে পেয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের আজীবন সম্মাননা পুরস্কার। ভূষিত হয়েছেন বৃটিশ কারি এ্যাওয়ার্ড ও ভারতের গুজরাটের কিংশেফ এ্যাওয়ার্ডে। কোলকাতার অভিজাত প্রতিষ্ঠান 'রয়েল বেঙ্গল মাস্টার শেফ' এর কাছ থেকে পেয়েছেন- 'গোল্ডেন হ্যাট' পুরস্কার। ইন্ডিয়ান কুলিনারী ফেডারেশন থেকে অর্জন করেছেন 'মাস্টার শেফ' সার্টিফিকেট। দেশে-বিদেশে রান্না বিষয়ক বিভিন্ন প্রতিযোগীতায় বিচারক ও মেন্টর হিসাবে দায়িত্ব পালন করেছেন। তবে বেশ কিছু দিন ধরে নতুন কোন এওয়ার্ড প্রাপ্তির খবর শোনা যাচ্ছে না।

ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING

# মীমাংসা হলো 'অমীমাংসিত'র

আজকাল বিনোদন

নির্মাতা রায়হান রাফীর মুক্তি প্রতীক্ষিত সিনেমা 'অমীমাংসিত' নিয়ে জলঘোলা কম হয়নি। ইমতিয়াজ বর্ষণ ও তানজিকা আমিন অভিনীত এই সিনেমার ৪০ সেকেন্ডের টিজার প্রকাশ হওয়ার পরই নেটদুনিয়ায় কথা রটে- গল্পটি আলোচিত সাগর-রুনি হত্যাকাণ্ড ঘিরে। এরপর যতবারই এটি সেন্সরে গিয়েছে, ততবারই হতাশা নিয়ে ফিরতে হয়েছে সিনেমা সংশ্লিষ্টদের। সবশেষ গত বছর ২৪ এপ্রিল সেন্সর বোর্ড এটি 'প্রদর্শন অযোগ্য' ঘোষণা করে প্রজ্ঞাপনও জারি করে। অবশেষে মীমাংসা হলো 'অমীমাংসিত' সিনেমার। বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড থেকে মুক্তির অনুমতি পেয়েছে সিনেমাটি। এখন আর এটি মুক্তিতে কোনো বাধা নেই। তথ্যটি নিশ্চিত করেছেন বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের ভাইস চেয়ারম্যান মো. আবদুল জলিল।



তিনি বলেন, 'অমীমাংসিত' সম্প্রতি সনদ পেয়েছে। সিনেমার সঙ্গে সংশ্লিষ্টরা আমাদের এখানে আপিল করেছিলেন, বোর্ড সিনেমাটিকে সনদ দিয়েছে।' এর আগে কথা ছিল, গত বছর ২৯ ফেব্রুয়ারি এটি ওটিটি প্ল্যাটফর্ম আই থিয়েটারে মুক্তি দেওয়ার। কিন্তু কয়েক মাস আটকে থাকার পর ২৪ এপ্রিল সেন্সর বোর্ড এটি 'প্রদর্শন অযোগ্য' ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হয়। তখন সেন্সর বোর্ড চারটি কারণ উল্লেখ করে। তা হলো- ক. সিনেমাটিতে নৃশংস খুনের দৃশ্য রয়েছে। খ. কাল্পনিক কাহিনি, চিত্রনাট্য ও সংলাপের বিষয়বস্তু বাস্তবতার সঙ্গে মিল রয়েছে। গ. এ ধরণের কাহিনি বাস্তবে ঘটেছে এবং ঘটনা সংশ্লিষ্ট মামলা উচ্চ আদালতে বিচারাধীন। ঘ. সিনেমাটির কাহিনি/বিষয়বস্তু বিচারাধীন মামলার সঙ্গে মিল থাকায় ভুল বার্তা দিতে পারে এবং তদন্তের বিঘ্ন ঘটাতে পারে। ২০২৪ সালের ১২ ফেব্রুয়ারি 'অমীমাংসিত' সিনেমার টিজার প্রকাশিত হয়।

নির্মাতা রায়হান রাফী ফেইসবুকে লেখেন 'কারা খুন করল অর্ণব আর নীরুকে? মুখোশধারী লোকগুলো কারা? এই অমীমাংসিত রহস্যের আদৌ কী জট খুলবে?'

ওটিটি প্ল্যাটফর্ম আইস্ক্রিনে ২৯ ফেব্রুয়ারি 'অমীমাংসিত' সিনেমাটি মুক্তির ঘোষণা দিয়েছিলেন রাফী। কিন্তু সাগর-রুনি এরপর ৫৩ পৃষ্ঠায়



## হলিউডে ইতিহাস গড়লেন দীপিকা!

আজকাল বিনোদন

প্রথম ভারতীয় হিসেবে হলিউডের 'ওয়াক অফ ফেম'-এ নাম উঠলো বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের। এ সম্মান প্রাপ্তির মাধ্যমে দীপিকার ক্যারিয়ারে যুক্ত হলো আরও একটি নতুন বড় অর্জন। ভারতীয় সংবাদমাধ্যম এই সময়ের প্রতিবেদন থেকে জানা যায়, 'ওয়াক অফ ফেম'-এর এরপর ৫৩ পৃষ্ঠায়



## নতুন সিনেমায় নতুন রূপে আসছেন শাকিব খান

আজকাল বিনোদন

দুই দিন ধরেই শোনা যাচ্ছে শাকিব খানকে নিয়ে নাট্য পরিচালক আবু হায়াত মাহমুদ সিনেমা নির্মাণ করতে যাচ্ছেন, তারা চুক্তিও করেছেন। এর সঙ্গে আরও শোনা যায়, এই পরিচালকের ঘোষণা করা এক বছর আগের একটি সিনেমায় মোশাররফ করিমের চরিত্রেই অভিনয়ের জন্য চুক্তিবদ্ধ হচ্ছেন শাকিব খান। তাহলে কি মোশাররফ করিম বাদ যাচ্ছেন? সিনেমাটি নিয়ে কী হচ্ছে, সেটাই জানালেন পরিচালক।

জানা গেল, নতুন সিনেমায় থাকছেন শাকিব খান। ঈদে 'তাণ্ডব' মুক্তির পরে বেশ কিছু সিনেমায় শাকিব খানের চুক্তিবদ্ধ হওয়ার কথা শোনা গেলেও অবশেষে শাকিব খানকে পাওয়া গেল আবু হায়াতের সিনেমায়। সিনেমাটির নাম এখনো ঠিক হয়নি। আবু হায়াত বলেন, 'আমরা বেশ কয়েকবার শাকিব খানের সঙ্গে গল্প নিয়ে বসেছিলাম। তিনি আমাদের গল্প, প্রেক্ষাপট খুবই পছন্দ করেছেন। প্রশংসা করেছেন। যে কারণে তিনি সিনেমা নিয়ে আগ্রহী হন। গতকালই আমরা চূড়ান্ত সিদ্ধান্ত নিই।'

গত বছর মার্চ মাসে ঘটা করেই 'ওয়ান্স আপন আ টাইম ইন ঢাকা' সিনেমার নাম ঘোষণা করেন আবু হায়াত মাহমুদ। সেই সিনেমাতেই কি এবার যুক্ত হলেন শাকিব খান? এমন প্রশ্নে আবু হায়াত মাহমুদ বলেন, 'আমরা শাকিব খানকে নিয়ে সিনেমার শুটিং করতে যাচ্ছি। তাঁর সঙ্গে আমাদের গতকাল বুধবার চুক্তি হয়েছে। আমরা সিনেমাটি নিয়েই এগোব। এর সঙ্গে "ওয়ান্স আপন আ টাইম ইন ঢাকা" নামের সিনেমার কোনো সম্পর্ক নাই। নতুন গল্পের কোনো মিলও থাকবে না। ভিন্ন একটা প্রেক্ষাপটের গল্প নিয়ে সিনেমাটি।' এরপর ৫৩ পৃষ্ঠায়



## মাটির মেয়ের গল্পে বুঁদ দর্শক ইউটিউব ট্রেন্ডিংয়ের শীর্ষে

আজকাল বিনোদন

সম্প্রতি ইউটিউবে মুক্তি পেয়েছে সংবেদনশীল গল্পে নির্মিত নাটক 'মাটির মেয়ে'। মুক্তির মাত্র তিন দিনের মাথায় নাটকটি দর্শকমনে তীব্র আলোড়ন তোলে এবং ইউটিউব ট্রেন্ডিংয়ের শীর্ষে উঠে আসে। ইতোমধ্যে নাটকটির ভিউ ছাড়িয়েছে ৬২ লাখ।

নাটকটি মুক্তি পায় ২৫ জুন, প্রিয়ন্তী এইচডি নামের ইউটিউব চ্যানেলে। নাটকটি নির্মাণ করেছেন আর্থিক সজীব, যিনি বরাবরের মতোই ভিন্নধর্মী কনসেপ্ট আর আবেগঘন চিত্রনাট্য দিয়ে দর্শকদের হৃদয়ে জায়গা করে নিয়েছেন। নাটকটিতে অভিনয় করেছেন তামিম খন্দকার, শায়লা সাথী, ইন্তেখাব দিনার, সাবেরী আলম, আনোয়ার শাহী, সুচনা শিকদার প্রমুখ। তামিম ও শায়লার জুটিকে দর্শকরা বিশেষভাবে প্রশংসা করেছেন।

নাটক নিয়ে দর্শকদের আবেগঘন প্রতিক্রিয়া উঠে এসেছে মন্তব্য ঘরে। একজন দর্শক নাজমা রহমান লিখেছেন, শেষের দিকে অনেক কান্না পেয়ে গেল। মায়েদের এমনই হওয়া উচিত। কিন্তু বাস্তব হচ্ছে, মানিয়ে নিতে নিতে একদিন কবরে চলে যাওয়ার সময় হয়ে যায়, তবু সুখ আসে না। অভিনয়শিল্পী মোহাম্মদ আসলাম বলেন, হৃদয় ছুঁয়ে যাওয়া অসাধারণ একটি নাটক ছিল। সবাই যদি এমন হতো, পৃথিবীটা আরও সুন্দর হতো।

জেসান নামে একজন লেখেন, নাটকটা দারুণ হয়েছে, আবেগপ্রবণ গল্প। তামিম এতটা ভালো অভিনয় করেছে, শায়লা সাথীও। এই জুটির আরও এরপর ৫৩ পৃষ্ঠায়

## পূজায় আসছে 'রঙবাজার' : ৪০০ বছরের যৌনপল্লির এক রাতের গল্প

আজকাল বিনোদন

দৌলতদিয়ার আলো-আঁধারির পেছনে লুকিয়ে থাকা শতাব্দীর ইতিহাস এবার ধরা দেবে রূপালি পর্দায়। দুর্গাপূজা উপলক্ষে মুক্তি পেতে যাচ্ছে রাশিদ পলাশ পরিচালিত সিনেমা 'রঙবাজার'।



গল্পের ভেতরে গল্প। তামজিদ অতুলের মৌলিক গল্পে চিত্রনাট্য সাজিয়েছেন গোলাম রাব্বানী। এই সিনেমায় উঠে এসেছে ৪০০ বছরের পুরোনো এক যৌনপল্লি উচ্ছেদের এক রাতের হৃদয়বিদারক কাহিনি। মূলত নারায়ণগঞ্জের টানবাজার উচ্ছেদের বাস্তব ঘটনার প্রেক্ষাপটেই নির্মিত হয়েছে এটি। সিনেমার বড় অংশের শুটিং হয়েছে দৌলতদিয়া যৌনপল্লিতে, যেখানে এখনও বাস্তবের গন্ধ রয়ে গেছে।

নির্মাতা রাশিদ পলাশ জানালেন, "রঙবাজার অনেক আগেই প্রস্তুত ছিল, কিন্তু আমরা সময়ের অপেক্ষায় ছিলাম। এটি সব বয়সীদের জন্য নয়, একটি সচেতন শ্রেণিকে কেন্দ্র করে বানানো হয়েছে। গত বছর দেশের পরিস্থিতি অনুকূল না থাকায় মুক্তি দিতে পারিনি। পূজা আমার কাছে বিশেষ। এই উৎসবেই 'পদ্মাপুরাণ' মুক্তি পেয়েছিল, এবারও দর্শকদের ভালোবাসা পেতে চাই।"

'রঙবাজার' শুধু একটি যৌনপল্লির গল্প নয়, এটি সমাজের চোখে 'পাপের পেশা' হিসেবে চিহ্নিত একটি শ্রেণির রঙ বদলের গল্প। পরিচালক বলেন, "উচ্ছেদের পর এই পেশা কি বিলুপ্ত হয়েছে, নাকি আরও ছড়িয়ে পড়েছে?আমরা সেই প্রশ্নটাই তুলেছি। এক রাতে গুঁড়িয়ে দেওয়ার অর্থ কী? সেটা বোঝাতে চেয়েছি।"

শক্তিশালী একটি অভিনয় পরিসর নিয়ে নির্মিত এই সিনেমায় রয়েছেন শম্পা রেজা, এরপর ৫৩ পৃষ্ঠায়

## এবার টিভির পর্দায় দেখা যাবে 'ব্যাচেলর পয়েন্ট সিজন ৫'




আজকাল বিনোদন

দীর্ঘ অপেক্ষার পালা শেষ করে কয়েকদিন পরেই টিভিতে দেখা যাবে জনপ্রিয় নাটক 'ব্যাচেলর পয়েন্ট সিজন-৫'। গত ৪ সিজনের চেয়েও এবার বড় পরিসরে এসেছে 'ব্যাচেলর পয়েন্ট সিজন- ৫'।

ঈদুল আজহার রাতে একসঙ্গে ৮ এপিসোড প্রচার দিয়ে শুরু হয়েছে নতুন সিজনের যাত্রা। বঙ্গ অ্যাপে ৪০ টাকায় সাবস্ক্রাইব করে প্রথম ৮ পর্ব দেখতে পেরেছেন দর্শকেরা।

তবে যারা এখনও টাকা খরচ করে 'ব্যাচেলর পয়েন্ট' দেখতে পারেননি তাদের জন্য টিভি পর্দায় দেখারও সুযোগ এরপর ৫৩ পৃষ্ঠায়


GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
PRESENTS
ATIF ASLAM
Live in New York
SATURDAY, SEPT 06, 2025
VENUE: NASSAU COLISEUM
1255 Hempstead Tpke, Uniondale, NY 11553
FOR MORE INFORMATION
CONTACT: 934-444-1863
Design By: ihopeprint.com, 929-538-7903

UB GROUP
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized IRS e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services . Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়



Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com



Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214



Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

C&A
CHHETRY & ASSOCIATES P.C.
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by: BPSS

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

নুসরাত জেরিন
CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
718-480-6904, 917-436-0954
Email: globalnusrat@gmail.com



# নিউইয়র্কস্থ কুলাউড়াবাসীর জমজমাট বনভোজন

৬২ পৃষ্ঠার পর

বনভোজন উৎসবে কুলাউড়া ছাড়াও বৃহত্তর সিলেটের নানা পর্যায়ের নেতৃবৃন্দের সাথে যোগ দিয়েছিলেন কমিউনিটির নানা পর্যায়ের নেতৃবৃন্দ। বনভোজনের প্রান্ত স্পন্সর আমেরিকার প্রাচীনতম সংবাদমাধ্যম ঠিকানার সম্পাদক এম এম শাহীন, মুশফাত শাহীন ও রুবিনা হোসেনের একান্ত উদ্যোগে এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন টিভি ব্যক্তিত্ব ও ঠিকানা টিভির প্রধান সম্পাদক খালেদ মুহিউদ্দিন, নায়ক জায়েদ খান, ৯০ দশকের নন্দিত নাট্যাভিনেত্রী টনি ডায়েস, নৃত্যশিল্পী প্রিয়া ডায়েস প্রমুখ। বনভোজনের আহ্বায়ক কয়ছর রুশীদ, সদস্য সচিব প্রজেক্ট আফাজুর রহমান চৌধুরী ফাহাদ, প্রধান সমন্বয়কারী এনায়েত হোসেন জালাল, সমন্বয়কারী রেজাউল করিম রেনুর নেতৃত্বে মতিন রেস্টুরেন্টের সুস্বাদু খাবারের পাশাপাশি ছিল নানা আয়োজন। বনভোজনের ক্রীড়া প্রতিযোগিতা ছাড়াও ছিল ছোট শিশু-কিশোরদের ফান গেইম 'ব্যালুন বাস্টিং অ্যাক্টিভ'। অতিথি পরিচয় পর্বের প্রতিক্রিয়ায় টনি ডায়েস বলেন, এই প্রথমবার আমেরিকায় কোনো বনভোজনে অংশ নিচ্ছি। আয়োজকরা দারুণ আয়োজন করেছেন। প্রিয়া ডায়েস জানান, জীবনে প্রথমবার এমন আয়োজনে অংশ নিয়ে দারুণ উপভোগ করেছেন। খালেদ মুহিউদ্দিন বলেন, নিউইয়র্কে নতুন প্রজন্ম ডাক্তার, লইয়ার, একাউন্টেন্ট–সব পেশায় এগিয়ে যাচ্ছে। তারা এই প্রবাসে নিজের ঠিকানা গড়ে তোলার পাশাপাশি বাংলা সংস্কৃতি ও পরিচয় ধরে রাখুক। অভিনেতা জায়েদ খান বলেন, প্রবাসীরাই দেশের অর্থনীতির মেরুদণ্ড। যেভাবে বাংলা সংস্কৃতি আর লাল-সবুজের পতাকা প্রবাসেও ধরে রেখেছে, তা অনন্য। এম এম শাহীন বলেন, কুলাউড়ার মানুষ উদার ও কর্মপ্রাণ। এ অনুষ্ঠান তার জীবন্ত প্রমাণ। আয়োজক ও পৃষ্ঠপোষকদের আন্তরিকতা এবং সুশৃঙ্খল ব্যবস্থাপনায় আয়োজন ছিল একেবারে ব্যতিক্রমধর্মী, যা ভবিষ্যতের পথ দেখাবে। অনুষ্ঠানে কমিউনিটির উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, রাজনীতিবিদ সাইফুল ইসলাম রহিম, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি বদরুজ্জামান খান মিশা, জালালাবাদের সাধারণ সম্পাদক আবদুল গণি আজাদ, সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান শেফাজ, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট অ্যাসোসিয়েশনের সভাপতি ফজলুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক শাহান খান, জালালাবাদ অ্যাসোসিয়েশনের বর্তমান কোষাধ্যক্ষ বদরুজ্জামান চৌধুরী, সহ-সভাপতি মনির উদ্দিন, সহ-সভাপতি সেলিম উদ্দিন, বিএনপি নেতা আব্দুল বাছিত, আবু নাসির আহমেদ, অ্যাডভোকেট সিরাজুল ইসলাম, বালাগঞ্জ সমিতির সাবেক সভাপতি বশির আহমেদ, কমিউনিটির পরিচিত মুখ ও ব্যবসায়ী সাবী মোল্লা, কুলাউড়া অ্যাসোসিয়েশন নিউজার্সির সভাপতি সোলেমান চৌধুরী, সাধারণ সম্পাদক শাহীন আহমদ, আলমগীর শামীম, মাহফুজুল আবিদ, মুসলিম ইসলামী সেন্টারের শরীয়ত খান, নিউইয়র্ক কনটেন্ট ক্রিয়েটর আব্দুল বাশার, বাংলাদেশ পুলিশের সাবেক কর্মকর্তা আবদিনা খুকু প্রমুখ।

# ট্রাম্পের বর্ধিত শুল্ক স্থগিতের মেয়াদ বাড়ার প্রত্যাশা ঢাকার

৬৪ পৃষ্ঠার পর

লিখেন। চিঠিতে তিনি উল্লেখ করেন যে, বাণিজ্য ঘাটতি কমানোর লক্ষ্যে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এজেন্ডা বাস্তবায়নে বাংলাদেশ সহায়তা করবে। এই লক্ষ্যে বাংলাদেশ প্যাকেজ কর্মসূচি হাতে নিয়েছে। বেশি করে বাংলাদেশের পণ্য যুক্তরাষ্ট্রে রফতানি করবে। বাংলাদেশের বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়নের লক্ষ্যে তিন মাস সময় প্রয়োজন। ইউনূসসহ বিশ্বের সকল দেশের নেতাদের চিঠি পাবার পর বিশ্বের সকল দেশের জন্য নতুন মার্কিন শুল্ক তিন মাসের জন্য স্থগিত করেন ডোনাল্ড ট্রাম্প। এই স্থগিতাদেশের মেয়াদ আগামী ৯ই জুলাই শেষ হচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্রের বাজারে নতুন শুল্ক আরোপ বন্ধে দেশগুলোর কর্মকর্তারা ওয়াশিংটনে জড়ো হচ্ছেন। তারা যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির সঙ্গে বৈঠক করছেন। এই ধারায় বাংলাদেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান আগেই যুক্তরাষ্ট্রে গেছেন। তিনি শুধু ইউএসটিআর নয়; মার্কিন উপ পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গেও বৈঠক করেছেন। এরিমধ্যে তার সঙ্গে যোগ দিয়েছেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিন। তারা এ ব্যাপারে তৎপরতা শুরু করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের এমন আলোচনা চলাকালে দেশটির পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও টেলিফোন করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে। টেলিফোনে রুবিও বাণিজ্য ছাড়াও ইন্দো-প্যাসিফিক অঞ্চলের নিরাপত্তার বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন। এ সময় রুবিও জানতে চান যে, কবে নাগাদ বাংলাদেশের জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। জবাবে ইউনূস জানান যে, আগামী বছরের শুরুতেই বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। ঢাকার কর্মকর্তারা আশা প্রকাশ করেন যে, বিশ্বের বিভিন্ন দেশের জন্য ট্রাম্প প্রশাসন নতুন শুল্ক আরোপের মেয়াদ বাড়াতে পারে। সেই ক্ষেত্রে বাংলাদেশও এমন সুযোগ পাবে। তবে বিষয়টি গোপন রাখার জন্য যুক্তরাষ্ট্রের তরফে অনুরোধ জানানো হয়েছে। এমন ইঙ্গিত দিলেও ট্রাম্প প্রশাসন বিষয়টি ঘোষণা না পর্যন্ত গোপন রাখার অনুরোধ করেছে। এ ব্যাপারে টেলিফোনে যোগাযোগ করা হলে বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিন ওয়াশিংটন থেকে আজকালকে বলেন, 'কী হবে সেটা আগাম বলা যাবে না। তবে আমরা এ বিষয়ে কাজ করে যাচ্ছি। দেখা যাক কী হয়'। এ ব্যাপারে বিস্তারিত কিছু না জানিয়ে তিনি বলেন, 'এই মুহূর্তে কোনও আপডেট নেই'।












# কুইন্স মাতালো জনপ্রিয় ব্যান্ড মাইলস

৬৪ পৃষ্ঠার পর

উডসাইড এলাকায় ১৪ ইউনাইটেড ন্যাশন অ্যাভিনিউয়ের কুইন্স থিয়েটারে এই মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যায় সাক্ষী হয় প্রবাসী বাংলাদেশিরা। মাইলস রিলোডেড কুইন্স থিয়েটার: সঙ্গীত, স্মৃতি ও সংস্কৃতির এক অনন্য সন্ধ্যা' শিরোনামে মাইলসের শিল্পীরা 'মাইলস রিলোডেড লাইভ ইন নিউইয়র্ক' কনসার্ট উপহার দিয়ে দর্শকদের মুগ্ধ করেন। গ্যালাক্সি মিডিয়া আয়োজিত ও গোল্ডেন এইজ হোম কেয়ার উপস্থাপিত এই সাংস্কৃতিক সন্ধ্যার সহযোগিতায় ছিল নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে কেয়ার। রেজওয়ানা আলভিসের উপস্থাপনায় অনুষ্ঠানের শুরুতে বক্তব্য দেন আয়োজক সংগঠন





গ্যালাক্সি মিডিয়ার সিইও মোহাম্মদ বদরুদ্দোজা সাগর। সাংস্কৃতিক সন্ধ্যায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নুরুল আজিম, ৯০ দশকে ছোট পর্দার জনপ্রিয় অভিনেতা টনি ডায়েস, প্রখ্যাত কণ্ঠশিল্পী রিজিয়া পারভীন, লেমন স্টুডিওর প্রযোজক ও সিইও এবং যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশি চলচ্চিত্র ও নাটক প্রযোজকদের সংগঠন-আমেরিকান বাংলাদেশি প্রডিউসার এসোসিয়েশন-এর আহবায়ক অলিভ আহমেদ। আমন্ত্রিত সব অতিথির হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন বদরুদ্দোজা সাগর। আরটিভি ও বায়ান্ন টিভির পক্ষে অনুষ্ঠানে উপস্থিত থাকা আমন্ত্রিত অতিথি অলিভ আহমেদ এসময় বায়ান্ন টিভি ও আরটিভির আপকামিং অনুষ্ঠান নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য তুলে ধরেন। এর পরই মঞ্চে আসেন ব্যান্ড মাইলসের শিল্পী ও কলাকুশলীরা। মাইলসের জনপ্রিয় গানের হৃদয়স্পর্শী পরিবেশনা পুরো অডিটোরিয়ামকে এক উৎসবমুখর আবহে ভরিয়ে তোলে। সঙ্গীত পরিবেশনার মাঝে মাইলসের প্রয়াত ভোকাল শাফিন আহমেদের স্মৃতি ও অবদান তুলে ধরেন তার ভাই ও মাইলসের বর্তমান প্রধান ভোকাল হামিন আহমেদ। এসময় দর্শকদের মাঝে এক আবেগঘন মুহূর্ত তৈরি হয়। পুরো মিলনায়তনে নেমে আসে পিনপতন নীরবতা। অনুষ্ঠানের সমাপ্তিতে মোহাম্মদ বদরুদ্দোজা সাগর ব্যান্ড মাইলস এর হাতে ক্রেস্ট তুলে দিলে তিনি তা সম্মানের এক স্মারক হিসেবে গ্রহণ করেন। আগত দর্শকদের অভিমত, নিউইয়র্কে মাইলসের এই সাংস্কৃতিক কেবল একটি সঙ্গীতানুষ্ঠান ছিল না। এটি ছিল প্রবাসে বাঙালির সংস্কৃতি ও ঐতিহ্যের এক গর্বিত উদযাপন, যা সকলের হৃদয়ে স্মরণীয় হয়ে থাকবে। অনুষ্ঠানের মিডিয়া পার্টনার ছিল বাংলাদেশের জনপ্রিয় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল আরটিভি ও বায়ান্ন টিভি।



# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

৬৪ পৃষ্ঠার পর

এর আয়োজন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন অব ইউএসএ ইনক ১০৪তম বর্ষ উদযাপন কমিটি। ঢাকা ইউনিভার্সিটি এলামনাইদের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রে বসবাসরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীরা অংশ নিয়েছেন। তাদের মধ্যে ছিলেন-মুহাম্মদ শহীদুল্লাহ, আয়শা আক্তার, সজল রোশান, ঝিলমিল বেগম, জাকির কবির, টুটুল, মোহাম্মদ ইশতিয়াক উদ্দিন, মোহাম্মদ শিকদার, নাসির খান, আখতারুজ্জামান খান।

এছাড়া জাকির পাটোয়ারী, শামিম আল-আমিন, দিলরুবা আয়েশা, মোহাম্মদ বদিউজ্জামান, ইমাম চৌধুরী, ফাইজা করিম, হাবিব খান, শাহ বিপ্লব, সাঈদ তারেক, হাবিবুর রহমান, এবি মির্জা ইসলাম, এম এ হক, এম আর চৌধুরী, এম আমির হোসাইন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শুরু হয় সমবেত কণ্ঠে বাংলাদেশের জাতীয় সংগীত গাওয়ার মধ্য দিয়ে। অনুষ্ঠান উপস্থাপনা ও পরিচালনায় ছিলেন বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব ও শিক্ষাবিদ মুহাম্মদ শহীদুল্লাহ। অনুষ্ঠানের নিংড়ানো অংশজুড়ে ছিল স্মৃতিচারণ। ক্যাম্পাস জীবনের কথা বলতে গিয়ে অনেকেই আবেগে আপ্লুত হয়ে পড়েন। কিছু সময়ের জন্য হলেও ফিরে যান শিক্ষাজীবনে।

অনুষ্ঠান উপলক্ষে দেওয়া বাণীতে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য সচিব এ টি এম আব্দুল বাহি জানি বলেন, আমরা গর্বের সঙ্গে বলতে পারি, আমাদের প্রিয় শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা বিশ্ববিদ্যালয় ১০৪তম প্রতিষ্ঠা বার্ষিকীতে পদার্পণ করেছে। দেশের শিক্ষা, সংস্কৃতি ও গণতান্ত্রিক আন্দোলনে অবদান এই প্রতিষ্ঠানকে অনন্য উচ্চতায় নিয়ে গেছে। তিনি আরও বলেন, আমরা গর্বিত যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে আমরা ইতিহাসের অংশ। এই বিশেষ দিনে আমরা সবাই সেই মূল্যবোধকে নতুন করে স্মরণ করি-যেখানে শিক্ষা, মানবিকতা, ন্যায়বিচার এবং দেশপ্রেম একত্রে মিলে রয়েছে। দোয়া করি, যেন ঢাকা বিশ্ববিদ্যালয় আগামী শত-সহস্র বছর ধরে দেশ ও জাতির কল্যাণে অগ্রণী ভূমিকা রাখতে পারে। প্রফেসর মুহসিন পাটোয়ারি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেছি বলেই মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বিদ্যাপীঠগুলোর শিক্ষকতার সর্বোচ্চ পজিশনে যেতে পেরেছি এবং এজন্য আমি আমার বিশ্ববিদ্যালয় নিয়ে গর্ববোধ করি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গর্বিত শিক্ষার্থী নাসির আলী খান পল বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের বাংলাদেশি কমিউনিটি এবং অন্যান্য কমিউনিটিতে লিডারশিপ কোয়ালিটি আর সাংগঠনিক দক্ষতার যতটুকু দেখাতে পেরেছি, তার পেছনে অবদান ঢাকা বিশ্ববিদ্যালয়ের। এই বিশ্ববিদ্যালয় আমাকে অনেক কিছু শিখিয়েছে।

জানা যায়, গত কয়েক বছর ধরেই ঢাকা ইউনিভার্সিটি এলামনাইদের উদ্যোগে নিউইয়র্কে এই আয়োজন হয়ে আসছে। প্রতিটি আয়োজনেই যুক্তরাষ্ট্রে অবস্থানরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সম্মাননা দেওয়া হয়।

কেক কেটে প্রিয় প্রতিষ্ঠানের জন্মদিন উদযাপন করেন সাবেক শিক্ষার্থীরা। নির্মল আড্ডা আর গল্প-গুজবে মেতে ওঠেন সবাই। সবশেষে চলে দলবেঁধে ছবি তোলা। যুক্তরাষ্ট্রের বাংলাদেশি কমিউনিটিকে ইতিবাচকভাবে তুলে ধরতে বিশেষ অবদান রাখার জন্য শামিম আল আমিনকে সম্মানিত করা হয়।




# ব্রঙ্কসে বাকা'র বাংলা মেলায় উৎসবের ঢেউ

৬৪ পৃষ্ঠার পর

মেলায় হাজার হাজার দর্শকের অংশগ্রহণে নিউ ইয়র্কের ব্রঙ্কস হয়ে উঠেছিলো একখণ্ড বাংলাদেশ।

কয়েক হাজার প্রবাসীর সরব উপস্থিতিতে দিনব্যাপী মেলার উদ্বোধন করেন বীর মুক্তিযোদ্ধা ড. আবু জাফর মাহমুদ। এতে অতিথি হিসেবে বক্তব্যে বাংলাদেশি কমিউনিটির প্রশংসা করেন সিটি মেয়র এরিক এডামস। সংগঠনের সভাপতি সারওয়ার চৌধুরীর সভাপতিত্বে এবং সাবেক সভাপতি আনোয়ার চৌধুরী খোকন-এর পরিচালনায় উদ্বোধনী পর্বে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হাসিব মামুন,









কমিউনিটি বোর্ড নাইনের চেয়ারম্যান মোহাম্মদ এন মজুমদার প্রমুখ।

এছাড়া সাধারণ সম্পাদক শাহ বদরুজ্জামান রুহেল এবং বিশিষ্ট উপস্থাপক আশরাফুল হাসান বুলবুলের যৌথ উপস্থাপনা মেলার বিভিন্ন পর্বে স্থানীয় প্রতিনিধি, কমিউনিটি নেতাসহ বিশিষ্টজনরা শুভেচ্ছা বক্তব্য রাখেন। এসময় সংগঠনের দায়িত্বশীলদের মধ্যে উপস্থিত ছিলেন লোকমান হোসেন লুদু, মাকসুদা আহমেদ, ফজলল আহমেদ, মোহাম্মদ সিদ্দিক আলী, সোহেল আহমেদ, এমডি আলাউদ্দিন, শাহ কামাল উদ্দিন, মোহাম্মদ রনি, সালমা সুমী, চৌধুরী মোমিত তানিম। নিজ দেশের সংস্কৃতির আবহমান ধারা উপভোগ করতে নানা সাজে, নানা বয়সের প্রবাসী বাংলাদেশিরা এতে অংশ নেন। মেলায় ছিল বাহারি পণ্য দিয়ে সাজানো বিভিন্ন স্টল। ছিল পোশাক, গিফট আইটেম, বিভিন্ন হোম কেয়ার, আর বাংলাদেশি রকমারি খাবার। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশের জনপ্রিয় বিভিন্ন গান দিয়ে দর্শকদের মাতিয়ে রাখেন শিল্পীরা। প্রখ্যাত সঙ্গীত শিল্পী প্রতীক হাসান, বাউল কালা মিয়া, রেশমী মির্জা, এবং শাহ মাহবুবের গানের সাথে নিউইয়র্কের উদীয়মান নৃত্য শিল্পী মায়া এঞ্জেলিনা তার মনোমুগ্ধকর নৃত্য পরিবেশন করে দর্শকদের মুগ্ধ করেন। মেলার শেষ পর্বে ছিল র‍্যাফেল ড্র এবং পুরস্কার বিতরণ।

এদিকে মেলার সফল সমাপ্তিতে সংগঠনের সভাপতি সারওয়ার চৌধুরী মেলার জন্য যারা বিভিন্নভাবে সহযোগিতা করেছেন এবং যাদের উপস্থিতিতে পরিপূর্ণতা অর্জন হয়েছে সেইসব দর্শকদের প্রতি বিশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বাঙালি সংস্কৃতি ও কৃষ্টির প্রতি ভালোবাসা ও দায়বদ্ধতা থেকে আগামীতেও এ ধরনের মেলার আয়োজনের আশাবাদ ব্যক্ত করেন।

# নিউইয়র্কে এনটিভির জন্মদিন উদযাপন







৬৪ পৃষ্ঠার পর

শামসুন নাহার লিপি। মধ্যরাতে আমেরিকায় জন্ম নেয়া বাংলাদেশি বংশোদ্ভূত শিশু সাইফান নিয়ান ও নাজিয়া কেক কেটে এনটিভির জন্মদিন উদযাপনের সূত্রপাত ঘটায়। এতে আমন্ত্রিত অতিথিরাও কেক কাটার আনন্দঘন মুহূর্তে যোগ দেন। এ সময় এনটিভির থিম সং পরিবেশন করা হয়। এনটিভির জমজমাট এ আয়োজনে যোগ দিতে পেরে উচ্ছ্বাস প্রকাশ করেন প্রবাসীরা।

অনুষ্ঠানে এনটিভিকে শুভেচ্ছা জানান বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য গিয়াস আহমেদ, ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী, বিএনপির সাবেক সংসদ সদস্য শম্মী আক্তার, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ওয়াজেদ এ খান, কমিউনিটি এক্টিভিস্ট আল আমিন রাসেল, কোনানার এক্সিকিউটিভ মেম্বার সেক্রেটারি কাজী সাখাওয়াত হোসেন আজম, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, ট্রাস্টি বোর্ডের সদস্য আহসান হাবিব, রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম, কমিউনিটি এক্টিভিস্ট ফাহাদ সোলায়মান, বিএনপি নেতা জসিম ভূঁইয়া, কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব, কমিউনিটি এক্টিভিস্ট রাব্বী সৈয়দ, ঠিকানার বার্তা সম্পাদক শহীদুল ইসলাম, সাংবাদিক ড. কনক সরওয়ার, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, প্রথম আলোর নির্বাহী সম্পাদক মনজুরুল হক,নিউইয়র্ক কাগজ সম্পাদক আফরোজা ইসলাম, আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মশিউর রহমান, যুবদলের কেন্দ্রীয় নেতা আবু সাঈদ আহমেদ, বিএনপি নেতা মোশারফ হোসেন সবুজ, আইবিটিভির কর্ণধার জাকারিয়া মাসুদ জিকো, সাংবাদিক সৌরভ ইমাম, ইউএনএ সম্পাদক সালাহ উদ্দিন আহমেদ, মুন লাইটের কর্ণধার মাসুম, বিএনপি নেতা জাহাঙ্গীর, সেওয়ান কাউন্সিলর ও মনির, সাংবাদিক জাহিদা আলম, তরুণ প্রজন্মের প্রতিনিধি সাজিদ সীমান্ত, ফাহাদিন রহমান, সাবাব হোসেন ও জাকিয়া চৌধুরী, সাংবাদিক মুশফিকুর রহমান প্রমুখ। এনটিভি পরিবারের সাবেক এবং বর্তমান সদস্যদের মধ্যে ছিলেন সুলতানা রহমান পুতুল, শাহেদ আলম, নাজনীন আক্তার, শাহাব উদ্দিন সাগর, দিদার চৌধুরী, আতিকুর রহমান, আসমান পলাশ, আতিকুজ্জামান আতিক, আজাদ, তানভীর আহমেদ মুক্তি প্রমুখ। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন শাহ মাহবুব ও শম্মী। অনুষ্ঠানে এনটিভির দর্শক ফোরামের পক্ষ থেকে ফরিদ আলমের হাতে ক্রেস্ট তুলে দেন এম ডি সাঈদ মিয়া।

অনুষ্ঠানের স্পন্সর ছিল পিংক নয়েজ।

# ব্রাহ্মণবাড়ীয়া জেলা সমিতি অব ইউএসএ ইন্ক-এর নতুন কার্যকরী কমিটি গঠন



মো: আলমগীর সরকার
সভাপতি



মো: ইদ্রিস আলী
সাধারণ সম্পাদক

নিউইয়র্কের জামাইকাস্থ হিলসাইড এভিনিউর ফালগুনী রেস্টুরেন্টে গত ০৬/২৮/২০২৫ ইং রোজ রবিবার ব্রাহ্মণবাড়ীয়া জেলা সমিতি অব ইউএসএ ইন্ক-এর কার্যকরি কমিটির এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির বয়োজ্যেষ্ঠ সদস্য জনাব মোঃ আবুল হোসেন। উপস্থিত সদস্যবৃন্দ ছিলেন- সর্বজনাব মোঃ দবির হোসেন শামীম, কাজী তোফায়েল ইসলাম, খন্দকার জয়নাল আবেদীন, মোঃ আবুল হোসেন, মোঃ সিরাজুল ইসলাম, মোঃ আবদুল হক, মোঃ আলমগীর সরকার, মির্জা মোঃ দস্তাগির, মোঃ ইদ্রিস আলী, মোঃ ইকবাল হোসেন, মোঃ আব্দুল হালিম, মোঃ হারুন অর রশিদ, মোঃ দেলুয়ার হোসেন, মোঃ জিল্লুর রহমান, মোঃ অলিউর রহমান, মোঃ আমীর আব্দুল্লাহ, মোঃ মাহবুর রহমান, ওমর ফারুক, রিফাত ওয়ালিউল্লাহ, আরিফুল বাসার, মোঃ কবির, মোঃ শরীফ আহাম্মেদ, মোঃ রাকিব উদ্দিন, মতিউর রহমান, রাশেদুল রানা, জেরিন নাফিসা, মোসাম্মৎ নুরজাহান আক্তার, জাকির হোসেন, ইভান, প্রফেসর মোঃ আবদুল বাছির, পলাশ, ফাহিম আহমেদ, সামসুল হুদা সহ আন্যান্যরা। সভার সঞ্চালকের দায়িত্বে ছিলেন জনাব দবির হোসেন শামীম।

সভার শুরুতেই এজেন্ডা মোতাবেক বিগত পিকনিক-এর আহবায়ক কমিটির আহবায়ক মোঃ আলমগীর সরকার পিকনিকের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব কার্যকরি কমিটির সম্মুখে উপস্থাপন করেন এবং উদ্বৃত্ত টাকা বুঝিয়ে দেন। পরবর্তীতে, দ্বিতীয় এজেন্ডা অনুযায়ী পূর্বে গঠিত ব্রাহ্মণবাড়ীয়া জেলা সমিতি অব ইউএসএ ইন্ক-এর কার্যকার কমিটির সময়সীমা গত জানুয়ারি ২০২৫ইং মাসে শেষ হয়ে যাওয়াতে পরবর্তী দুই বছরের জন্য নতুন কার্যকারি কমিটি গঠনের নিমিত্তে সর্বসম্মতি ক্রমে তিন সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করা হয়। কিন্তু সভায় উপস্থিতির মধ্যে ব্যাক্তিগতভাবে কেউ কোন পদের জন্য প্রার্থী না হওয়ায় উক্ত নির্বাচন কমিশন পাঁচ সদস্য বিশিষ্ট একটি সিলেকশন বোর্ড প্রতিষ্ঠা করেন। এই সিলেকশন বোর্ড আগামী দুই বছরের (২০২৫ ইং-২০২৭ ইং) জন্য ব্রাহ্মণবাড়ীয়া জেলা সমিতি অব ইউএসএ ইন্ক-এর একটি পুনাঙ্গ কার্যকারি কমিটি গঠন করার নিমিত্তে প্রাথমিক পর্যায়ে সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক ও কোষাধ্যক্ষ সিলেকশনের মাধ্যমে একটি আংশিক কমিটি গঠন করেন এবং যথাসম্ভব তাড়াতাড়ি সমিতির সিনিয়র নেতৃবৃন্দসহ সকলের সঙ্গে আলোচনা সাপেক্ষে একটি পূর্ণাঙ্গ কার্যকরি কমিটি গঠন করার জন্য সর্ব-সম্মতিক্রমে উক্ত আংশিক কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। তারই প্রেক্ষিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলা সমিতি অব্ ইউএসএ ইনক-এর একটি পূর্ণাঙ্গ কার্যকরি কমিটি গঠন করা হয়। নিম্নে উক্ত কার্যকরি কমিটির অন্তর্ভুক্ত সকলের নাম উল্লেখ করা হলো।





(ব্রাহ্মণবাড়ীয়া জেলা সমিতি ইউএসএ ইন্ক-এর কার্যকরি কমিটি ২০২৫-২০২৭ ইং)

সভাপতি : মোঃ আলমগীর সরকার, সিনিয়র সহ-সভাপতি : মোঃ ইলিয়াস, সহ-সভাপতি : রেজাউর রহমান, সহ-সভাপতি : সঞ্জিত ঘোষ, সহ-সভাপতি : মোঃ রাকিব উদ্দিন, সহ-সভাপতি : মোর্শেদ মাওলা, সাধারণ সম্পাদক : মোঃ ইদ্রিস আলী, সহ সাধারণ সম্পাদক : মোঃ জিল্লুর রহমান, সাংগঠনিক সম্পাদক : মির্জা মোঃ দস্তগীর, কোষাধ্যক্ষ : কাজী হাসনাত , প্রচার সম্পাদক: আমীর আবদুল্লাহ, সাহিত্য সম্পাদক : রিফাত ওয়ালিউল্লাহ, ক্রীড়া সম্পাদক : মোঃ আশরাফুল হক, সমাজ কল্যান সম্পাদক : মাহবুবুর হাছান, সাংস্কৃতিক সম্পাদক : ফাহিম আহমেদ সব্যসাচী, আপ্যায়ন সম্পাদক : মোঃ কবির, ধর্মবিষয়ক সম্পাদক : মোঃ ইকবাল হোসেন, দপ্তর সম্পাদক : শরীফ আহমেদ, মহিলা বিষয়ক সম্পাদক : জেরিন নাফিসা

কার্যকরী কমিটির সদস্যবৃন্দ: কাজী তোফায়েল ইসলাম, মোঃ দবির হোসেন শামীম, মোঃ আবুল হোসেন, মোঃ সেলিম, আবদুল ছালাম, সামছুল হুদা, ওলিউর রহমান, মোছাঃ নুরজাহান আক্তার (পলি), রাসেদুল রানা, রতন খাঁ, আরিফুল বাসার, ওমর ফারুক পলাশ, মোঃ নাছির উদ্দিন, মোঃ রাসেল, মোঃ দেলোর হোসেন, মতিউর রহমান, অভি খান, মিঃ রনি।

সভাপতি : মোঃ আলমগীর সরকার




# এবার সম্ভাবনা বিশ্বকাপে খেলার

## বাংলাদেশের নারীদের সাফল্যে খুলেছে নতুন এক সম্ভাবনার দুয়ার

আজকাল স্পোর্টস



বাংলাদেশ নারী ফুটবল দল অদম্য, অপ্রতিরোধ্য, দুর্দান্ত। একের পর এক ইতিহাস গড়ে আনন্দের উপলক্ষ এনে দিচ্ছেন ঋতুপর্ণা-মনিকারা। সাফল্যের মালায় পুঁতির মতো গেঁথে চলেছেন জয়। এবার দেশের ফুটবলে নতুন এক ইতিহাস গড়েছে নারীরা। প্রথমবারের মতো জায়গা করে নিয়েছে এশিয়ান কাপের মূলপর্বে। র‍্যাঙ্কিংয়ে ৭৩ ধাপ এগিয়ে থাকা মিয়ানমারকে হারিয়ে এশিয়ান কাপে খেলা নিশ্চিত করেছে বাংলাদেশ।

নারীদের সাফল্যে খুলেছে নতুন এক সম্ভাবনার দুয়ার। ২০২৬ সালে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠেয় এশিয়ান কাপে চূড়ান্ত পর্ব কাজ করবে বিশ্বকাপ বাছাইপর্ব হিসেবেও। সেখানে ভালো করতে পারলে সুযোগ মিলতে পারে ২০২৭ সালের নারী বিশ্বকাপে। যদিও সেটি বাংলাদেশের ইংলিশ কোচ পিটার বাটলারের দলের জন্য এক অগ্নিপরীক্ষা হবে। তবু কাগজে-কলমে সেই সম্ভাবনা আছে।

২০২৬ সালে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত হবে এএফসি নারী এশিয়ান কাপ। সেখানে অংশ নেবে মোট ১২টি দল। এর মধ্যে সরাসরি খেলার সুযোগ পেয়েছে স্বাগতিক অস্ট্রেলিয়া, বর্তমান চ্যাম্পিয়ন চীন, রানার্সআপ দক্ষিণ কোরিয়া ও তৃতীয় হওয়া জাপান। বাকি আট দলকে যেতে হবে বাছাইপর্ব পেরিয়ে। বাংলাদেশ প্রথম দল হিসেবে 'সি' গ্রুপ থেকে সেই কাজ করে ফেলেছে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে।

২০২৭ সালে ব্রাজিলে অনুষ্ঠেয় বিশ্বকাপে এশিয়ান অঞ্চল থেকে খেলবে মোট ৮টি দল। এর মধ্যে ২০২৬ এশিয়ান কাপের মূল পর্বের সেমিফাইনালে খেলা ৪টি দল সরাসরি খেলবে বিশ্বকাপে। কোয়ার্টার ফাইনালে বাদ পড়া ৪ দল মুখোমুখি হবে দুটি প্লে-অফ ম্যাচে। এখান থেকে জয়ী দুই দল সুযোগ পাবে সরাসরি বিশ্বকাপে খেলার। তবে বাকি দুই দলের জন্যও সুযোগ থাকছে। এরপর তারা খেলার সুযোগ পাবে আন্তমহাদেশীয় প্লে-অফ।

এশিয়ান কাপের মূল পর্বে ১২টি দল তিন গ্রুপে ভাগ হয়ে খেলবে। প্রতিটি গ্রুপ থেকে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দল এবং তৃতীয় সেরা হওয়া দুটি দল উঠবে কোয়ার্টার ফাইনালে। বাংলাদেশ যদি সেই পর্যন্ত নিজেদের নিয়ে যেতে পারে, তাহলে স্বপ্ন সত্যি হতে পারে।

বাংলাদেশের সামনে সম্ভাবনার দুয়ার খুলেছে আরেকটি। ২০২৮ সালে অনুষ্ঠিত হবে অলিম্পিকের পরের আসর। সেখানে থাকে ফুটবল ইভেন্টও। এরপর ২০ পৃষ্ঠায়



## 'বাংলাদেশের মেসি ঋতুপর্ণা'

আজকাল স্পোর্টস

ঋতুপর্ণা চাকমা ও তার সতীর্থদের দুর্দান্ত পারফরম্যান্সে এক নতুন ইতিহাস গড়েছে বাংলাদেশ নারী ফুটবল দল। প্রথমবারের মতো এএফসি নারী এশিয়ান কাপের মূল পর্বে জায়গা করে নিয়েছে তারা। যদিও বাছাইয়ের শেষ ম্যাচে এখনও তুর্কমেনিস্তানের বিপক্ষে লড়াই বাকি রয়েছে, তবুও ইতোমধ্যে নিশ্চিত হয়েছে বাংলাদেশের মূল পর্বে খেলা।

এই অর্জনের পরপরই আগাম প্রস্তুতি ও উন্নয়নের জন্য পরিকল্পনা নিতে শুরু করেছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)। নারী উইংয়ের চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরণ বলেন, "২০২৬ সালের মার্চে অস্ট্রেলিয়ায় হবে এশিয়ান কাপ। আমাদের সামনে বড় সুযোগ আছে, কারণ সেরা হয় এরপর ২০ পৃষ্ঠায়



### ফ্রেঞ্চ ওপেনের সেমিফাইনাল

## মুখোমুখি সাবালেঙ্কা ও শিয়াওতেক

আজকাল স্পোর্টস

ফ্রেঞ্চ ওপেন নারী এককের সেমিফাইনালে মুখোমুখি হতে যাচ্ছেন বর্তমান চ্যাম্পিয়ন ইগা শিয়াওতেক এবং বিশ্ব নম্বর এক আরিনা সাবালেঙ্কা। ম্যাচটি আগামীকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে। এটি টুর্নামেন্টের অন্যতম আকর্ষণীয় লড়াই হিসেবে বিবেচিত হচ্ছে।

শিয়াওতেকে রোলাঁ গাঁরোতে টানা ২৬টি ম্যাচ জয় করেছেন। যা ২১ শতকে গ্র্যান্ড স্ল্যামে নারীদের মধ্যে সর্বোচ্চ জয়সংখ্যার রেকর্ডে সেরেনা উইলিয়ামসের সঙ্গে সমান। চারবারের ফ্রেঞ্চ ওপেন চ্যাম্পিয়ন, যার মধ্যে তিনটি টানা শিরোপা (২০২২-২০২৪)। তিনি সেমিফাইনালে পৌঁছানোর পথে এলিনা স্ভিতোলিনাকে ৬-১, ৭-৫ সেটে পরাজিত করেছেন। এদিকে সাবালেঙ্কা বিশ্ব র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থানীয় এবং চলতি মৌসুমে দুর্দান্ত ফর্মে রয়েছেন। কোয়ার্টার ফাইনালে অলিম্পিক চ্যাম্পিয়ন ঝেং কিনওয়েনকে ৭-৬(৩), ৬-৩ সেটে পরাজিত করেছেন। গ্র্যান্ড স্ল্যামে এটি তার ষষ্ঠ সেমিফাইনাল, তবে রোলাঁ গাঁরোতে প্রথম ফাইনালে পৌঁছানোর লক্ষ্যে রয়েছেন।

মুখোমুখি পরিসংখ্যান:

মোট ১২ বার মুখোমুখি হয়েছেন; শিয়াওতেক এগিয়ে ৮-৪ ব্যবধানে। ক্লে কোর্টে শিয়াওতেকের আধিপত্য স্পষ্ট, ৫-১ ব্যবধানে এগিয়ে।

তবে সর্বশেষ সাক্ষাতে (২০২৪ সিনসিনাটি ওপেন) সাবালেঙ্কা জয়ী হয়েছেন।



## লঙ্কান ঘূর্ণিতে ৭৭ রানে হারল বাংলাদেশ

আজকাল স্পোর্টস

শ্রীলঙ্কাকে আড়াইশর নিচে আটকে রেখে নিজেদের কাজটা ঠিকঠাক করেছিল বাংলাদেশের বোলাররা। রান তাড়ায় শুরুটাও দারুণ ছিল তাদের। কিন্তু হঠাৎ এক ধসে ৭৭ রানে হেরে গেল তারা। ২৪৫ রান তাড়ায় ১ উইকেটে ১০০ রান ছিল বাংলাদেশের। এরপর ৫ রানে ৭ উইকেট হারিয়ে তাসের ঘরের মতো ভেঙে পড়ে ব্যাটিং লাইনআপ। এরপর জাকের আলী লড়াই করলেও সেটা শুধু হারের ব্যবধানই কমিয়েছে। শেষ পর্যন্ত ১৬৭ রানে গুটিয়ে ৭৭ রানে হারলো বাংলাদেশ। একপ্রান্ত আগলে রেখে ৪টি করে চার-ছক্কায় ৬৪ বলে ৫১ রানের ইনিংসে পরাজয়ের ব্যবধান কিছুটা কমিয়েছেন জাকের আলি। তাকে এলবিডব্লিউ করে বাংলাদেশের ইনিংস গুটিয়েছেন ওয়ানিন্দু হাসারাঙ্গা।

এক উইকেট হারিয়ে দলীয় শতক স্পর্শ করেছিল বাংলাদেশ। দারুণ শুরুর পর হুট করেই ধসে পড়ল বাংলাদেশের ব্যাটিং। এক উইকেটে ১০০ রান থেকে ১০৫ এ যেতেই সাজঘরে ফেরেন আরো ছয় ব্যাটার। অর্থাৎ, ৫ রান যোগ করতে গিয়ে ৭ উইকেট হারিয়েছে বাংলাদেশ।

দুই ওপেনার তানজিদ হাসান তামিম ও পারভেজ হোসেন ইমন ভালো শুরু এনে দিয়েছিলেন বাংলাদেশকে। ইমন উইকেটে থিতু হলেও ইনিংস বড় করতে পারেননি। ১৩ রান করে এই ওপেনার ফিরলে ভাঙে ২৯ রানের উদ্বোধনী জুটি।

তিনে নেমে তামিমকে ভালো সঙ্গ দিচ্ছিলেন নাজমুল হোসেন শান্ত। এই দুজনের জুটিতে জয়ের এরপর ৩৬ পৃষ্ঠায়

## ২০৩৬ অলিম্পিক আয়োজনের আনুষ্ঠানিক প্রস্তাব দিল ভারত

আজকাল স্পোর্টস



দীর্ঘদিনের জল্পনার অবসান ঘটিয়ে এবার আনুষ্ঠানিকভাবে ২০৩৬ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক আয়োজনের আগ্রহ প্রকাশ করল ভারত। মঙ্গলবার সুইজারল্যান্ডের লুসানে আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (আইওসি) সঙ্গে বৈঠকে ভারতীয় অলিম্পিক সংস্থার (আইওএ) প্রতিনিধিরা এই প্রস্তাব জমা দেন। সম্ভাব্য ভেন্যু হিসেবে বেছে নেওয়া হয়েছে গুজরাটের আহমেদাবাদ শহরকে।

আইওএ সভাপতি পিটি উষার নেতৃত্বে প্রতিনিধি দলে ছিলেন কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রণালয় ও গুজরাট সরকারের কর্মকর্তারা। অলিম্পিক আয়োজনের প্রক্রিয়া, অবকাঠামো এবং আন্তর্জাতিক মান বজায় রাখার শর্তগুলো সম্পর্কে বিস্তারিত তথ্য নিয়েছে ভারতীয় প্রতিনিধিরা।

ভারতের মাটিতে কখনও অলিম্পিকের আয়োজন হয়নি। তাই ২০৩৬ সালে এই বৈশ্বিক ক্রীড়াযজ্ঞ সফলভাবে আয়োজন করতে পারলে সেটি হবে দেশটির ক্রীড়াঙ্গনের এক ঐতিহাসিক অর্জন।

তবে ভারতের সামনে রয়েছে কঠিন প্রতিদ্বন্দ্বিতা। সৌদি আরব, ইন্দোনেশিয়া, তুরস্ক এবং চিলিও ২০৩৬ অলিম্পিক আয়োজনের জন্য আগ্রহ প্রকাশ করেছে। ফলে আয়োজক হিসেবে নির্বাচিত হতে হলে ভারতকে পাড়ি দিতে হবে দীর্ঘ পথ। ২০২৮ সালের অলিম্পিক অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলসে এবং ২০৩২ সালের আসর বসবে অস্ট্রেলিয়ার ব্রিসবেনে। সেই ধারাবাহিকতায় ২০৩৬-এর আয়োজন নিজেদের দেশে আনার জন্য এখন থেকেই সর্বাত্মক প্রস্তুতিতে নেমেছে ভারত। এরপর ৫২ পৃষ্ঠায়

## এশিয়া কাপ নিয়ে অনিশ্চয়তা

### ভারতের অবস্থান স্পষ্ট করতে চিঠি এসিসির



আজকাল স্পোর্টস

এশিয়া কাপ ২০২৫ আয়োজন নিয়ে এখনও স্পষ্ট নয় অনেক কিছু। টুর্নামেন্টের সূচি এখনও চূড়ান্ত হয়নি। এই পরিস্থিতিতে ভারতের অবস্থান জানতে বোর্ড অব কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়াকে (বিসিসিআই) চিঠি পাঠিয়েছে এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি)। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, আসন্ন এশিয়া কাপ আগামী সেপ্টেম্বরে মাঠে গড়াতে পারে এবং এটি হবে টি-টোয়েন্টি ফরম্যাটে, কারণ পরের বছর অনুষ্ঠিত হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ। এরপর ৪২ পৃষ্ঠায়

## নতুন সিনেমায় নতুন রূপে আসছেন শাকিব খান

৪৬ পৃষ্ঠার পর

জানা যায়, এই সিনেমাটি মুক্তি পাবে আগামী ঈদুল ফিতরে। সেভাবেই এখন সব কাজ এগিয়ে নিতে চান পরিচালক। জানা গেল, প্রধান চরিত্র ছাড়া অন্য কোনো চরিত্রই এখনো চূড়ান্ত হয়নি। শুটিং কোথায় হবে সেগুলোও ঠিক হয়নি। 'আমরা এখন পুরোদমে পরবর্তী কাস্টিং, কলাকুশলীসহ অন্যান্য প্রস্তুতি নেব। আমাদের হাতে খুব বেশি সময় নেই। কারণ, আমরা প্রাথমিকভাবে সিদ্ধান্ত নিয়েছি আগামী অক্টোবরের দিকে শুটিংয়ে যাব। বছরের শেষের দিকে শুটিং শেষ হবে। আগামী ঈদুল ফিতরে সিনেমাটি মুক্তি দেওয়ার পরিকল্পনা রয়েছে।' বলেন তিনি। আপনার একটি সিনেমায় মোশাররফ করিমের অভিনয় করার কথা ছিল। তাঁর জায়গায় শাকিব খানকে নিয়েছেন কি না? এমন প্রশ্নে আবু হায়াত মাহমুদ বলেন, 'আমি একটি মাত্র সিনেমার ঘোষণা দিয়েছিলাম। "ওয়ান্স আপন আ টাইম ইন ঢাকা" নামের সেই সিনেমায় মোশাররফ করিম ভাইকে কাস্টিং করেছি, এটা আমি কখনোই বলিনি। এটাও সেই সময় গুজব ছড়ায়। এখন গুজবের ওপর গুজব চলছে। কাউকে বাদ দেওয়ার কোনো প্রশ্নই আসে না।' নাম এখনো চূড়ান্ত না হওয়া সিনেমাটি প্রযোজনা করছে ক্রিয়েটিভ ল্যান্ড। প্রযোজক শিরিন সুলতানা। এটা তাদের প্রথম সিনেমা। সিনেমাটির গল্প নিয়ে আবু হায়াত এখনই বিস্তারিত কিছু বলতে চান না। শুধু জানালেন, 'এটা হবে অ্যাকশন ফিল্ম, মানবিক একটি গল্পও এতে থাকবে। সিনেমাটি দর্শক উপভোগ করবেন এটুকু বলতে পারি।' আবু হায়াত মাহমুদ এক যুগের বেশি সময় ধরে নাটি অঙ্গনে কাজ করেন। তিনি আড়াই শতাধিক নাটক, একাধিক ওটিটি কনটেন্টসহ তথ্যচিত্র নির্মাণ করেছেন।

## মীমাংসা হলো 'অমীমাংসিত'র

৪৬ পৃষ্ঠার পর

হত্যাকাণ্ডের সঙ্গে সিনেমার গল্প মিলিয়ে আলোচনা শুরু হলে ১৯ ফেব্রুয়ারি সিনেমাটি সেন্সরবোর্ডে জমা দিতে নির্দেশ দেয় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। চিঠিতে বলা হয়, "কোনো চলচ্চিত্র যে কোনো মাধ্যমে প্রচারের পূর্বে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নিকট হতে সার্টিফিকেশন গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।"

ওটিটি প্লাটফর্মে সিনেমা মুক্তির ক্ষেত্রে সেন্সর বোর্ডের অনুমতির দরকার হয় কিনা, তা নিয়েও প্রশ্ন উঠেছিল।

সেন্সর বোর্ডের সদস্যরা সিনেমাটি পরীক্ষা করেন এবং সেটি অধিকতর যাচাই-বাছাইয়ের জন্য বোর্ড সদস্যরা পুনরায় পরীক্ষা করেন। পরে সেন্সর বোর্ডের উপপরিচালক মো. মঈনুদ্দীন স্বাক্ষরিত এক চিঠিতে জানানো হয়, সিনেমাটি জনসাধারণের মধ্যে 'প্রদর্শন উপযোগী নয়'।

তখন সেন্সরবোর্ড বলেছিল, "এতে নৃশংস খুনের দৃশ্য রয়েছে। কাল্পনিক কাহিনী, চিত্রনাট্য ও সংলাপের বিষয়বস্তু বাস্তবতার সঙ্গে মিল রয়েছে। এ ধরনের ঘটনা বাস্তবে ঘটেছে এবং ঘটনা সংশ্লিষ্ট মামলা উচ্চ আদালতে বিচারাধীন। চলচ্চিত্রটির কাহিনী/বিষয়বস্তু বিচারাধীন মামলার সঙ্গে মিল থাকায় ভুল বার্তা দিতে পারে এবং তদন্তের বিঘ্ন ঘটাতে পারে।"

কোন বাস্তব ঘটনার সঙ্গে মিলের কারণে এই সিদ্ধান্ত, চিঠিতে তখন তা স্পষ্ট করেনি সেন্সর বোর্ড।

তবে বোর্ডের একজন সদস্য তখন বলেছিলেন, এ সিনেমার গল্পের সঙ্গে সাগর-রুনি হত্যাকাণ্ডের মিল রয়েছে। সাগর-রুনি হত্যাকাণ্ড আদালতে বিচারাধীন। ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি রাজধানীর পশ্চিম রাজাবাজারে ভাড়া বাসায় খুন হন বেসরকারি টিভি চ্যানেল মাছরাঙার বার্তা সম্পাদক সাগর সরওয়ার এবং তার স্ত্রী এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন রুনি। আইন-শৃঙ্খলা বাহিনী আজও সেই হত্যা রহস্যের মীমাংসা করতে পারেনি।

গত বছর ৫ আগস্ট গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর দায়িত্ব নেওয়া অন্তর্বর্তী সরকার সেন্সর বোর্ড বিলুপ্ত করে 'সার্টিফিকেশন বোর্ড' গঠন করে। সেই বোর্ড থেকে গত ১০ মাসে সনদ পেয়েছে ৯৫টি চলচ্চিত্র; যার মধ্যে ৩৮টি পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র, ২৯টি ইংরেজি চলচ্চিত্র, ১২টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং ১৫টি প্রামাণ্যচিত্র রয়েছে। রায়হান রাফীর 'অমীমাংসিত' সিনেমাটিও পেয়েছে সার্টিফিকেশন বোর্ডের সনদ।

সনদ পেলেও এখনো সিনেমাটি মুক্তির ব্যাপারে কোনো সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন নির্মাতা রায়হান রাফী। বুধবার তিনি বলেন, "মুক্তির ব্যাপারে এখনো সিদ্ধান্ত হয়নি, পরে আমরা আনুষ্ঠানিকভাবে সবাইকে জানাব।"

সিনেমাটি বড় পর্দায় নাকি ওটিটিতে মুক্তি পাবে, এ বিষয়ে আইস্ক্রিনের প্রজেক্ট ডিরেক্টর রাফায়েল মাহমুদ বলেন, "আইস্ক্রিনেই মুক্তি পাবে, তবে কবে মুক্তি দেওয়া হবে- তা নিয়ে এখনো সিদ্ধান্ত হয়নি।"

BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching

Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

বাড়ী ক্রয়-বিক্রয় এবং লোন পেতে
বিশ্বস্ত রিয়েলটরের সেবা নিন
•Residential •Commercial • Investment
•Foreclosures •Auctions • Co-Op & Condo
•Short Sale •Hud • Rentals
•Bank Owned/ REO Properties
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation

Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245

ঘরে বসে আয় করুন
আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন,
বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?
তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।

যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

## হলিউডে ইতিহাস গড়লেন দীপিকা!

৪৬ পৃষ্ঠার পর

তালিকায় তারকার নাম ঘোষণা করেছে হলিউড চেম্বার অফ কমার্স। ২০২৬ সালের জন্য ঘোষিত এ তালিকায় 'মোশন পিকচার' বিভাগে জায়গা পেয়েছেন বলিউড অভিনেত্রী দীপিকা।

বিশ্বের বিভিন্ন স্থান থেকে নির্বাচিত ১০০ প্রার্থীর মধ্য থেকে ৩৫ জনের নাম বাছাই করে হলিউড ওয়াক অফ ফেম সিলেকশন প্যানেল। ৩৫ জন বাছাইকৃত সে তারকাদের একজন দীপিকা।

শুধু একজন অভিনেত্রী হিসেবে নন, ভারতীয় সংস্কৃতির একজন আন্তর্জাতিক প্রতিনিধি হিসেবেও দেখা যায় দীপিকাকে। ফ্যাশন শো, চলচ্চিত্র উৎসব, ক্রিয়াঙ্গনের আন্তর্জাতিক বড় মঞ্চেও দ্যুতি ছড়ান তিনি।

বিশ্বব্যাপী জনপ্রিয়তার কারণে যুক্তরাষ্ট্রের বিখ্যাত 'টাইম' ম্যাগাজিন অভিনেত্রীকে বিশ্বের ১০০ জন প্রভাবশালী ব্যক্তির তালিকায় স্থান দিয়েছে। ভক্ত ও অনুসারীদের সংখ্যাতেও এগিয়ে ভারতীয় এ তারকা।

বলিউড সিনেমা পেরিয়ে হলিউডের সিনেমাতেও পা রেখেছেন দীপিকা। ২০১৭ সালে ভিন ডিজেলের বিপরীতে 'ট্রিপল এক্স: রিটার্ন অব জেন্ডার কেজ' সিনেমার মাধ্যমে হলিউড যাত্রা শুরু হয় তার। তাই সব মিলিয়ে বর্তমানে 'গ্লোবাল আইকন'-এ পরিণত হয়েছেন বলিউডের পাদ্মাবতী এ অভিনেত্রী।

## মাটির মেয়ের গল্পে বুঁদ দর্শক ইউটিউব ট্রেন্ডিংয়ের শীর্ষে

৪৬ পৃষ্ঠার পর

নাটক চাই। নির্মাতা আশিক সজীব বলেন, নাটকটিতে আমি একজন সহজসরল মাটির মেয়ের জীবনের কষ্টগুলো তুলে ধরেছি। এটি একটি অফ-ট্র্যাকের সিনেম্যাটিক গল্প। মাটির মেয়ে নাটকের মা ও মেয়ের ইমোশনাল বন্ডিং মানুষকে কাঁদাবে। তিনি আরও যোগ করেন, গল্পটি চিরচেনা হলেও চিত্রনাট্যে গতি এনে নির্মাণে আধুনিক ছোঁয়া আনার চেষ্টা করা হয়েছে, যেন দর্শক সহজেই চরিত্রগুলোর আবেগে ডুবে যেতে পারেন।

## পূজায় আসছে 'রঙবাজার' ৪০০ বছরের যৌনপল্লির এক রাতের গল্প

৪৬ পৃষ্ঠার পর

তানজিকা আমিন, নাজনীন হাসান চুমকি, জান্নাতুল পিয়া, শাহজাহান সম্রাট, মৌসুমী হামিদ, মানিক সাহা, শুভ্রর রহমান জর্জ, মাহমুদুল ইসলাম মিঠুসহ অনেকে।

প্রযোজনায় রয়েছে লাইভ টেকনোলজিস। পূজার রঙে রঙিন হতে এবার সিনেমা হলে আসছে 'রঙবাজার'; যেখানে এক রাতেই ভেঙে পড়ে শতাব্দীর এক আশ্রয়।

## এবার টিভির পর্দায় দেখা যাবে 'ব্যাচেলর পয়েন্ট সিজন ৫'

৪৬ পৃষ্ঠার পর

করে দিয়েছেন নির্মাতা কাজল আরেফিন অমি।

শিগগিরই চ্যানেল আইয়ের পর্দায় আসছে 'ব্যাচেলর পয়েন্ট সিজন ৫'। আগামী ১০ জুলাই থেকে টিভি পর্দায় দেখা যাবে বর্তমান সময়ের বহুল আলোচিত এই জনপ্রিয় সিরিজটি।

জানা গেছে, আগামী ১০ জুলাই থেকে প্রতি বৃহস্পতি ও শুক্রবার রাত ৭টা ৫০ মিনিটে চ্যানেল আইতে দর্শকরা ব্যাচেলর পয়েন্ট সিজন-৫ উপভোগ করতে পারবেন। ১২০ পর্বের এ ধারাবাহিকের প্রতিটি পর্বের দৈর্ঘ্য হবে ২০ মিনিট করে। প্রতিবারের মতো এবারও ব্যাচেলর পয়েন্ট-৫-এ অভিনয় করেছেন মারজুক রাসেল, চাষী আলম, জিয়াউল হক পলাশ, সাফিনা নূর, শিমুল শর্মা, শামীমা নাজ, আব্দুল্লাহ রানা, মনিরা মিঠু প্রমুখ। উল্লেখ্য, ২০২২ সালের ২৪ ডিসেম্বর ১১৬তম পর্ব প্রচারের মধ্য দিয়ে শেষ হয় 'ব্যাচেলর পয়েন্ট সিজন ৪'। শুরু থেকে প্রতিটি সিজনই ব্যাপক সাড়া ফেলে দর্শকের মাঝে। আর সিজন ৪ শেষ হতেই শুরু হয় দর্শকের সিজন ৫ এর জন্য অপেক্ষা।

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR

## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহ:

পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।

(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite # 5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com



# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666





# ডাঃ গোবিন্দ পাল

মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

## Gobinda Paul M.D., F.A.C.P.

Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

GOBINDA PAUL PHYSICIAN P.C.
An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com



# মহিলা দাঁতের ডাক্তার

## NAEEMA BHUIYA, D.D.S

## নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস

Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মূল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়



87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: 718-206-0601, Fax: 718-206-0603



# রুমী ডেন্টাল ল্যাব



কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-414-4760

## USR BROKERAGE CORP.

USR BROKERAGE আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

MULTI-CARRIER ACCESS:
ALLOWS US TO COMPARE PRICES
FROM MULTIPLE CARRIERS.



**MD ABDUR ROUF**
President
Electrical and Computer Engineer NYIT, NY
Cybersecurity and Cyber Insurance Specialist
Licensed Property and Causality Insurance Broker

**+1 (646) 270 4861, +1 (631) 565 4334**
usrbrokerage.com | a.rouf@usrbrokerage.com, info@usrbrokerage.com
